সংক্রুদ্ধয়োর্মহাঘোরং প্রসক্তং কুরুসত্তম! ॥৫০॥
ততো জগ্রাহ দেবেন্দ্রং বৃত্রো বীরঃ শতক্রতুম্।
অপাবৃত্যাক্ষিপদ্বক্ত্রে শক্রং কোপসমন্বিতঃ ॥৫১॥
গ্রস্তে বৃত্রেণ শক্রে তু সংভ্রান্তাস্ত্রিদশেশ্বরাঃ।
অসৃজংস্তে মহাসত্ত্বা জৃম্ভিকাং বৃত্রনাশিনীম্ ॥৫২॥
বিজৃম্ভমাণস্য ততো বৃত্রস্যাস্যাদপাবৃতাৎ।
স্বান্যঙ্গান্যভিসংক্ষিপ্য নিষ্ক্রান্তো বলনাশনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

কিমিতি। উবাচ স বৃত্র ইত্যনুবৃত্তিঃ, উক্তঃ ত্বষ্ট্রা ॥৪৯॥

তত ইতি। প্রসক্তং প্রবৃত্তম্। কুরুসত্তম! যুধিষ্ঠির! ॥৫০॥

তত ইতি। অপাবৃত্য ব্যাদায় ॥৫১॥

গ্রস্ত ইতি। শক্রে বৃত্রেণ গ্রস্তে সতি তু, মহাসত্ত্বা মহাপ্রভাবাঃ, তে ত্রিদশেশ্বরাঃ, সম্ভ্রান্তা উদ্বেগেন ব্যস্তচিত্তাঃ সন্তঃ, বৃত্রনাশিনীং তৎপ্রভাবনাশিনীং জৃম্ভিকামসৃজৎ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যতি নজ্জ্যতি ॥৩০—৪৬॥ উপস্পৃশ্য আচম্য ॥৪৭—৫০॥ অপাবৃত্য মুখং সম্প্রসার্য্য ॥৫১—৫৯॥
ইতি শ্রীমহাভারতে উদযোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবমোঽধ্যায়ঃ ॥৯॥

এবং প্রলয়কালের সূর্য্যের ন্যায় উদিত সেই বৃত্রাসুর বলিল—"আমি কি করিব"। ত্বষ্টা বলিলেন—"ইন্দ্রকে বধ কর"। তাহার পর বৃত্রাসুর স্বর্গে গমন করিল ॥৪৯॥

কৌরবশ্রেষ্ঠ! তাহার পর অত্যন্ত ক্রুদ্ধ ইন্দ্র ও বৃত্রাসুরের অতি ভয়ঙ্কর ও গুরুতর যুদ্ধ হইতে লাগিল ॥৫০॥

তখন মহাবীর বৃত্রাসুর ক্রুদ্ধ হইয়া দেবরাজ শতক্রতু ইন্দ্রকে ধরিল এবং মুখ-ব্যাদানপূর্ব্বক তাহার ভিতরে ইন্দ্রকে নিক্ষেপ করিল ॥৫১॥

বৃত্রাসুর ইন্দ্রকে গ্রাস করিলে, মহাপ্রভাবশালী প্রধান দেবতারা উদ্বেগে অস্থির হইয়া বৃত্রের প্রভাবনাশক জৃম্ভণ (হাইতোলা) সৃষ্টি করিলেন ॥৫২॥

তখন বৃত্রাসুর জৃম্ভণ করিতে (হাই তুলিতে) থাকায় যেই তাহার মুখ প্রসারিত হইল, অমনি ইন্দ্র আপন অঙ্গ সকল সঙ্কুচিত করিয়া তাহার মুখ হইতে নির্গত হইলেন ॥৫৩॥

---

(৫০)·· বৃত্রবাসবয়োস্তদা—পি।

ততঃ প্রভৃতি লোকেষু জৃম্ভিকা প্রাণসংশ্রিতা।
জহৃষুশ্চ সুরাঃ সর্ব্বে দৃষ্ট্বা শক্রং বিনিঃসৃতম্ ॥৫৪॥
ততঃ প্রববৃতে যুদ্ধং বৃত্রবাসবযোঃ পুনঃ।
সংরব্ধয়োস্তদা ঘোরং সুচিরং ভরতর্ষভ! ॥৫৫॥
যদা ব্যবর্দ্ধত রণে বৃত্রো বলসমন্বিতঃ।
ত্বষ্টুস্তেজোবলাবিদ্ধস্তদা শক্রো ন্যবর্ত্তত ॥৫৬॥
নিবৃত্তে চ তদা দেবা বিষাদমগমন্ পরম্।
সমেত্য সহ শক্রেণ ত্বষ্টুস্তেজোবিমোহিতাঃ ॥৫৭॥
অমন্ত্রয়ন্ত তে সর্ব্বে মুনিভিঃ সহ ভারত!।
কিং কার্য্যমিতি বৈ রাজন্! বিচিন্ত্য ভয়মোহিতাঃ ॥৫৮॥

ভাবতকৌমুদী

বিজ ম্ভেতি। আস্যামুখাৎ, অপাবৃতাৎ প্রসারিতাৎ। অভিসংক্ষিপ্য সঙ্কোচ্য ॥৫৩॥
তত ইতি। জৃম্ভিকা জৃম্ভণম্, প্রাণসংশ্রিতা লোকানাং প্রাণবায়ুবলম্বিনী ॥৫৪॥
তত ইতি। সংরব্ধয়োঃ অতীবক্রুদ্ধয়োঃ ॥৫৫॥
যদেতি। ত্বষ্টুঃ প্রজাপতেঃ তেজোবলেন আবিদ্ধ আবিষ্টঃ ॥৫৬॥
নিবৃত্ত ইতি। শক্রে নিবৃত্তে চ সতি। সমেত্য মিলিত্বা ॥৫৭॥
অমন্ত্রয়ন্তেতি। তে দেবাঃ। কার্য্যম্ ইদানীং কর্ত্তব্যম্ ॥৫৮॥

তদবধি জগতে জৃম্ভিকা (হাইতোলা) প্রাণবায়ু অবলম্বন করিয়া রহিয়াছে। তাহার পর দেবতারা সকলে ইন্দ্রকে নির্গত দেখিয়া আনন্দিত হইলেন ॥৫৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর তখনই আবার অত্যন্ত ক্রুদ্ধ ইন্দ্র ও বৃত্রাসুরের ভয়ঙ্কর যুদ্ধ প্রবৃত্ত হইয়া দীর্ঘকাল চলিতে লাগিল ॥৫৫॥

স্বভাবতঃ বলবান্ বৃত্রাসুর যখন ত্বষ্টার তেজোবলে আবিষ্ট হইয়া যুদ্ধে বিশেষ বৃদ্ধি পাইল, তখন ইন্দ্র নিবৃত্তি পাইলেন ॥৫৬॥

ইন্দ্র নিবৃত্তি পাইলে, ত্বষ্টার তেজে বিমোহিত দেবতারা তখন ইন্দ্রের সহিত মিলিত হইয়া অত্যন্ত বিষণ্ণ হইলেন ॥৫৭॥

ভরতনন্দন রাজা! 'এখন আমাদের কি কর্ত্তব্য' এইরূপ চিন্তা করিয়া ভয়মোহিত দেবতারা সকলে মুনিগণের সহিত মিলিত হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥৫৮॥

---

(৫৪)...প্রাণসংস্থিতা—পি।

জগ্মুঃ সর্ব্বে মহাত্মানং মনোভির্বিষ্ণুমব্যয়ম্ ।
উপবিষ্টা মন্দরাগ্রে সর্ব্বে বৃত্রবধেচ্ছবঃ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃত্রবাসবযুদ্ধে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—:※:—

দশমোঽধ্যায়ঃ ।

—:※:—

ইন্দ্র উবাচ ।

সর্ব্বং ব্যাপ্তমিদং দেবা বৃত্রেণ জগদব্যয়ম্ ।
নহ্যস্য সদৃশং কিঞ্চিৎ প্রতিঘাতায় যদ্ভবেৎ ॥১॥
সমর্থো হ্যভবং পূর্ব্বমসমর্থোঽস্মি সাম্প্রতম্ ।
কথং নু কুর্য্যাং ভদ্রং বো দুর্দ্ধর্ষঃ স হি মে মতঃ ॥২॥

ভারতকৌমুদী

জগ্মুরিতি । জগ্মুঃ সস্মরুঃ, সর্ব্বে দেবাঃ । অব্যয়মবিনশ্বরম্ । সর্ব্বে মুনয়শ্চ ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে নবমোঽধ্যায়ঃ ॥০॥

—:※:—

সর্ব্বমিতি । হে দেবাঃ ! বৃত্রেণ ইদং সর্ব্বমেব জগৎ, অব্যয়ং নির্বিঘ্নং যথা স্যাত্তথা, ব্যাপ্তম্ আক্রান্তম্ আয়ত্তীকৃতমিতি যাবৎ । অস্য বৃত্রস্য প্রতিঘাতায় বিনাশায় যৎ সমর্থং ভবেৎ, তাদৃশং সদৃশমুপযুক্তমস্ত্রং কিঞ্চিদপি নহি পশ্যামি ॥১॥

সমর্থ ইতি । অসমর্থোঽস্মি ত্বষ্টুঃ প্রভাবাৎ । কথং কেন প্রকারেণ, ভদ্রং শুভম্ ॥২॥

ক্রমে দেবতারা ও মুনিরা সকলে বৃত্রাসুরকে বধ করিবার ইচ্ছায় মন্দরপর্ব্বতের উপরে উপবিষ্ট হইয়া মনে মনে অবিনশ্বর ও মহাত্মা বিষ্ণুকে স্মরণ করিলেন” ॥৫৯॥

—:※:—

ইন্দ্র বলিলেন—“দেবগণ ! বৃত্রাসুর এই সমগ্র জগৎটাকেই নির্বিঘ্নে অধিকার করিয়াছে ; কিন্তু যে অস্ত্র ইহার বিনাশের উপযোগী হইতে পারে, এমন অস্ত্র দেখিতেছি না ॥১॥

---

(৫৯)…বৃত্রবধেপ্সবঃ—বা ব রা নি । (২)…দুরাধর্ষঃ স মে মতঃ—পি ।

তেজস্বী চ মহাত্মা চ যুদ্ধে চামিতবিক্রমঃ।
গ্রসেত্ত্রিভুবনং সর্ব্বং সদেবাসুরমানবম্ ॥৩॥
তস্মাদ্বিনিশ্চয়মিমং শৃণুধ্বং ত্রিদিবৌকসঃ!।
বিষ্ণোঃ ক্ষয়মুপাগম্য সমেত্য চ মহাত্মনা।
তেন সংমন্ত্র্য বেৎস্যামো বধোপায়ং দুরাত্মনঃ ॥৪॥

শল্য উবাচ।

এবমুক্তে মঘবতা দেবাঃ সর্ষিগণাস্তদা।
শরণ্যং শরণং দেবং জগ্মুর্বিষ্ণুং মহাবলম্ ॥৫॥
উচুশ্চ সর্ব্বে দেবেশং বিষ্ণুং বৃত্রভয়ার্দ্দিতাঃ।
ত্রয়ো লোকাস্ত্বয়াক্রান্তাস্ত্রিভির্বিক্রমণৈঃ পুরা ॥৬॥

ভাবতকৌমুদী

তেজস্বীতি। তেজস্বী তপঃপ্রভাবশালী, পিতুস্তপঃপ্রভাবেণৈবেতি ভাবঃ ॥৩॥
তস্মাদিতি। ক্ষযং ভবনম্। সমেত্য মিলিত্বা, মহাত্মনা বিষ্ণুনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
এবমিতি। মঘবতা ইন্দ্রেণ। ঋষিগণেন সহেতি সর্ষিগণাঃ ॥৫॥

ভাবতভাবদীপঃ

সর্ব্বমিতি ॥১—৩॥ ক্ষয়ং গৃহম্। "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৪—৫৩॥
ইতি শ্রীমহাভাবতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশমোঽধ্যায়ঃ ॥১০॥

আমি পূর্ব্বে উহাব সহিত যুদ্ধে সমর্থ হইতাম; কিন্তু এখন আর সমর্থ হইতেছি না। কাবণ, আমাব মতে সে বৃত্রাসুব দুর্দ্ধর্ষই বটে, অতএব আমি কি প্রকারে আপনাদের মঙ্গল করিব ॥২॥

বৃত্রাসুর তেজস্বী, মহাত্মা ও অসাধারণ রিক্রমশালী; সুতরাং সে—দেবতা, অসুর ও মানবগণেব সহিত সমস্ত ত্রিভুবনই গ্রাস করিতে পারে ॥৩॥

অতএব দেবগণ! আপনারা আমার এই স্থির পরামর্শ শ্রবণ করুন; আমরা সকলে বিষ্ণুব ভবনে যাইয়া সেই মহাত্মার সহিত মিলিত হইয়া এবং তাঁহার সহিত মন্ত্রণা করিয়া দুবাত্মা বৃত্রাসুরের বধের উপায় জানিব" ॥৪॥

শল্য বলিলেন—"ইন্দ্র এইরূপ বলিলে, তখনই দেবগণ ঋষিগণেব সহিত মিলিত হইয়া যাইয়া শরণাগতহিতৈষী, জগতের আশ্রয় ও মহাবল ভগবান্ বিষ্ণুর শরণাগত হইলেন ॥৫॥

---

(৩)…সদেবাসুরমানুষম্—বা ব বা নি। (৫)…সদেবর্ষিগণাস্তদা—পি। (৬) · সর্ব্বদেবেশম্ …বিক্রমণৈস্তদা—পি।

অমৃতং চাহৃতং বিষ্ণো ! দৈত্যাশ্চ নিহতা রণে ।
বলিং বদ্ধ্বা মহাদৈত্যং শক্রো দেবাধিপঃ কৃতঃ ॥৭॥
ত্বং প্রভুঃ সর্ব্বলোকানাং ত্বয়া সর্ব্বমিদং ততম্ ।
ত্বং হি দেবো মহাদেবঃ সর্ব্বদেবনমস্কৃতঃ ॥৮॥
গতির্ভব ত্বং দেবানাং সেন্দ্রাণামমরোত্তম ! ।
জগদ্ব্যাপ্তমিদং সর্ব্বং বৃত্রেণাসুরসূদন ! ॥৯॥

বিষ্ণুরুবাচ ।

অবশ্যং করণীয়ং মে ভবতাং হিতমুত্তমম্ ।
তস্মাদুপায়ং বক্ষ্যামি যথাসৌ ন ভবিষ্যতি ॥১০॥
গচ্ছধ্বং সর্ষিগন্ধর্ব্বা যত্রাসৌ বিশ্বরূপধৃক্ ।
সাম তস্য প্রযুঞ্জধ্বং তত এনং বিজেষ্যথ ॥১১॥

ভারতকৌমুদী

উচুরিতি । বিক্রমণৈঃ পাদক্ষেপৈঃ, পুরা বলিবিজয়কালে ॥৬॥
অমৃতমিতি । আহৃতং সমুদ্রমন্থনাৎ পরম্ অসুরেভ্যো দেবার্থে আনীতম্ ॥৭॥
ত্বমিতি । ইদং জগৎ, ততং ব্যাপ্তম্ । মহাদেবো দেবশ্রেষ্ঠঃ ॥৮॥
গতিরিতি । গতিরুপায়ঃ । ব্যাপ্তমধিকৃতম্ ॥৯॥
অবশ্যমিতি । অবশ্যং করণীয়ম্, মদ্ভক্তত্বাৎ । ন ভবিষ্যতি বিনঙ্ক্ষ্যতীত্যর্থঃ ॥১০॥
গচ্ছধ্বমিতি । বিশ্বরূপধৃক্, কামরূপত্বাৎ । সাম সান্ত্বনবচনম্ ॥১১॥

এবং বৃত্রভয়ে পীড়িত দেবতারা সকলে দেবাধিপতি বিষ্ণুকে বলিলেন—"ভগবন্ ! আপনি পূর্ব্বে তিন পাদক্ষেপে ত্রিভুবন আক্রমণ করিয়াছিলেন ॥৬॥

বিষ্ণু ! আপনি অমৃত আহরণ করিয়াছিলেন, যুদ্ধে দৈত্যগণকে বধ করিয়াছিলেন এবং মহাদৈত্য বলিকে বন্ধন করিয়া ইন্দ্রকে দেবরাজ করিয়াছিলেন ॥৭॥

আপনি সমস্ত জগতের প্রভু, আপনি এই সমগ্র জগৎটাকে ব্যাপ্ত করিয়া রহিয়াছেন এবং আপনিই প্রকৃত দেবতা ও সর্ব্বদেবনমস্কৃত মহাদেবতা ॥৮॥

হে দেবশ্রেষ্ঠ ! আপনি ইন্দ্রপ্রভৃতি দেবগণের উপায় হউন । হে অসুরসূদন ! বৃত্রাসুর এই সমগ্র জগৎটাকে অধিকার করিয়াছে" ॥৯॥

বিষ্ণু বলিলেন—"দেবগণ ! তোমাদের উত্তম হিত করা আমার অবশ্য কর্ত্তব্য ; অতএব যাহাতে বৃত্রাসুর বিনষ্ট হয়, সে উপায় আমি বলিব ॥১০॥

যেখানে ঐ কামরূপী বৃত্রাসুর রহিয়াছে, তোমরা ঋষিগণ ও গন্ধর্ব্বগণের

---

(৮)···সর্ব্বদেবানাম্···মহাদেব !—বা ব রা নি ।

ভবিষ্যতি জয়ো দেবাঃ ! শক্রস্য মম তেজসা।
অদৃশ্যশ্চ প্রবেক্ষ্যামি বজ্রে হ্যস্যায়ুধোত্তমে ॥১২॥
গচ্ছধ্বমৃষিভিঃ সার্দ্ধং গন্ধর্ব্বৈশ্চ সুরোত্তমাঃ !।
বৃত্রস্য সহ শক্রেণ সন্ধিং কুরুত মা চিরম্ ॥১৩॥

শল্য উবাচ।

এবমুক্তে তু দেবেন ঋষয়স্ত্রিদশাস্তথা।
যযুঃ সমেত্য সহিতাঃ শক্রং কৃত্বা পুরঃসরম্ ॥১৪॥
সমীপমেত্য চ তদা সর্ব্ব এব মহৌজসঃ।
তং তেজসা প্রজ্বলিতং প্রতপন্তং দিশো দশ ॥১৫॥
গ্রসন্তমিব লোকাংস্ত্রীন্ সূর্য্যাচন্দ্রমসৌ যথা।
দদৃশুস্তে ততো বৃত্রং শক্রেণ সহ দেবতাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
ঋষয়োঽথ ততোঽভেত্য বৃত্রমূচুঃ প্রিয়ং বচঃ।
ব্যাপ্তং জগদিদং সর্ব্বং তেজসা তব দুর্জ্জয় ! ॥১৭॥

ভারতকৌমুদী

ভবিষ্যতীতি। অস্য শক্রস্য আয়ুধোত্তমে বজ্রে অদৃশ্যঃ প্রবেক্ষ্যামি ॥১২॥

গচ্ছধ্বমিতি। মা চিরং ন বিলম্বং কুরুত ॥১৩॥

এবমিতি। দেবেন বিষ্ণুনা। সমেত্য সঙ্গম্য সহিতা মিলিতাঃ সন্তঃ ॥১৪॥

সমীপমিতি। মহৌজসো বৃত্রস্য সমীপমিতি সম্বন্ধঃ। সূর্য্যাচন্দ্রমসৌ যথা, তথা তেজসা প্রজ্বলিতমিত্যন্বয়ঃ। তে দেবতা ইত্যভিধেয়লিঙ্গত্বং তচ্ছন্দস্য ॥১৫—১৬॥

সহিত সেইখানে যাও, যাইয়া বৃত্রাসুরের অনুনয় কর, তাহাতেই উহাকে জয় করিতে পারিবে ॥১১॥

দেবগণ! আমার প্রভাবে ইন্দ্রের জয় হইবে। কারণ, আমি অদৃশ্যভাবে ইন্দ্রের অস্ত্রশ্রেষ্ঠ বজ্রের ভিতরে প্রবেশ করিব ॥১২॥

অতএব দেবশ্রেষ্ঠগণ! তোমরা ঋষিগণ ও গন্ধর্ব্বগণের সহিত যাও, যাইয়া ইন্দ্রের সহিত বৃত্রাসুরের সন্ধি করাও, বিলম্ব করিও না" ॥১৩॥

শল্য বলিলেন—"বিষ্ণু এইরূপ বলিলে, দেবগণ ও ঋষিগণ সম্মিলিত হইয়া দেবরাজকে অগ্রবর্ত্তী করিয়া বৃত্রাসুরের নিকট গমন করিলেন ॥১৪॥

তৎপরে ইন্দ্রের সহিত সেই দেবতারা সকলেই তখন মহাতেজা বৃত্রাসুরের নিকটে যাইয়া তেজে চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল, দশ দিকেরই সন্তাপজনক এবং ত্রিভুবনকেই যেন গ্রাস করিতে প্রবৃত্ত বৃত্রাসুরকে দর্শন করিলেন ॥১৫—১৬॥

(১২) ভবিষ্যতি গতির্দেবাঃ !—পি। (১৫) সমীপমেত্য চ যদা—বা ব য়া নি।

ন চ শক্নোষি নির্জ্জেতুং বাসবং ভূরিবিক্রমম্ ।
যুধ্যতোশ্চাপি বাং কালো ব্যতীতঃ সুমহানিহ ।
পীড্যন্তে চ প্রজাঃ সর্ব্বাঃ সদেবাসুরমানুষাঃ ॥১৮॥
সখ্যং ভবতু তে বৃত্র ! শক্রেণ সহ নিত্যদা ।
অবাপ্স্যসি সুখং ত্বঞ্চ শক্রলোকাংশ্চ শাশ্বতান্ ॥১৯॥
ঋষিবাক্যং নিশম্যাথ বৃত্রঃ স তু মহাবলঃ ।
উবাচ তানৃষীন্ সর্ব্বান্ প্রণম্য শিরসাঽসুরঃ ॥২০॥
সর্ব্বে যূয়ং মহাভাগা গন্ধর্ব্বাশ্চৈব সর্ব্বশঃ ।
যদ্‌ব্রূথ তচ্ছ্রুতং সর্ব্বং মমাপি শৃণুতানঘাঃ ! ॥২১॥
সন্ধিঃ কথং বৈ ভবিতা মম শক্রস্য চোভয়োঃ ।
তেজসোর্হি দ্বয়োর্দ্দেবাঃ ! সখ্যং বৈ ভবিতা কথম্ ॥২২॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। ততঃ সমবায়স্থানাৎ। প্রিয়ং স্তুতিসূচকত্বাদিতি ভাবঃ ॥১৭॥
নেতি। বাসবমিন্দ্রম্। যুধ্যতোর্যুধ্যমানয়োঃ, বাং যুবযোঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
সখ্যমিতি। শাশ্বতান্ অবিনশ্বরান্। এতেন সন্ধৌ স্বর্গসমর্পণং সূচিতম্ ॥১৯॥
ঋষীতি। প্রণম্য, তপস্বিতয়া মাননীয়ত্বাদিত্যাশয়ঃ ॥২০॥
সর্ব্ব ইতি। মমাপি বচনমিতি শেষঃ। হে অনঘাঃ! নিষ্পাপাঃ! ॥২১॥

তাহার পর ঋষিরা নিকটে যাইয়া বৃত্রাসুরকে এই প্রিয়বাক্য বলিলেন—"দুর্জ্জয় বৃত্র ! আপনার তেজে এই সমস্ত জগৎটা ব্যাপ্ত হইয়াছে ॥১৭॥

কিন্তু তথাপি আপনি, মহাবিক্রমশালী ইন্দ্রকে জয় করিতে পারিতেছেন না। অথচ যুধ্যমান অবস্থায় আপনাদের অতিদীর্ঘকাল অতীত হইয়াছে এবং তাহাতে দেবগণ, অসুরগণ ও মানুষগণের সহিত সকল প্রাণীই পীড়িত হইতেছে ॥১৮॥

অতএব বৃত্র! ইন্দ্রের সহিত আপনার চিরকালস্থায়ী সখ্য হউক। তাহাতে আপনি সুখও পাইবেন এবং অবিনশ্বর স্বর্গলোকও লাভ করিবেন" ॥১৯॥

তদনন্তর মহাবল বৃত্রাসুর ঋষিগণের সেই বাক্য শুনিয়া মস্তকদ্বারা সেই সকল ঋষিকেই প্রণাম করিয়া বলিল—॥২০॥

"হে নিষ্পাপ ঋষিগণ। আপনারা ও গন্ধর্ব্বেরা সকলেই মহাত্মা; সুতরাং আপনারা যাহা বলিলেন, সে সমস্তই শুনিলাম; এখন আমার কথাও শুনুন ॥২১॥

---

(১৮)…বাসবং বলিনাং বর !—বা ব বা নি।

ঋষয় ঊচুঃ।

সকৃৎ সতাং সঙ্গতং লিপ্সিতব্যং ততঃ পরং ভবিতা ভব্যমেব।
নাতিক্রামেৎ সৎপুরুষেণ সঙ্গতং তস্মাৎ সতাং সঙ্গতমীপ্সিতব্যম্ ॥২৩॥
দৃঢ়ং সতাং সঙ্গতঞ্চাপি নিত্যং ব্রূয়াচ্চার্থং হ্যর্থকৃচ্ছে্রষু ধীরঃ।
মহার্থবৎ সৎপুরুষেণ সঙ্গতং তস্মাৎ সন্তং ন জিঘাংসেত ধীরঃ ॥২৪॥
ইন্দ্রঃ সতাং সম্মতশ্চ নিবাসশ্চ মহাত্মনাম্।
সত্যবাদী হ্যনিন্দ্যশ্চ ধর্ম্মবিৎ সূক্ষ্মনিশ্চয়ঃ ॥২৫॥
তেন তে সহ শক্রেণ সন্ধির্ভবতু শাশ্বতঃ।
এবং বিশ্বাসমাগচ্ছ মা তে ভূদ্বুদ্ধিরন্যথা ॥২৬॥

ভাবতকৌমুদী

সন্ধিরিতি। তেজসোস্তেজস্বিনোঃ। উভয়োরপি জিগীষুত্বাদিত্যাশয়ঃ ॥২২॥
সকৃদিতি। সকৃৎ একবারমপি, সঙ্গতং সম্মেলনম্। ভব্যং মঙ্গলম্ ॥২৩॥
দৃঢ়মিতি। নিত্যং চিরস্থায়ি, অর্থং প্রয়োজনম্। মহার্থবৎ মহাপ্রয়োজনসাধকম্ ॥২৪॥
ইন্দ্র ইতি। সতাং মধ্যে সম্মতো গণিতঃ। সূক্ষ্মনিশ্চয়ঃ সূক্ষ্মবুদ্ধিঃ ॥২৫॥
তেনেতি। শাশ্বতশ্চিরস্থায়ী। আগচ্ছ প্রাপ্নুহি। অন্যথা সন্ধিবিমুখী ॥২৬॥

দেবগণ। আমাব ও ইন্দ্রের কি প্রকাবে সন্ধি হইবে? আমরা দুই জনই তেজস্বী; সুতরাং আমাদের সন্ধি হইবে কি প্রকাবে?" ॥২২॥

ঋষিরা বলিলেন—"বৃত্র। অন্ততঃ একবারও সজ্জনের সংসর্গ লাভ করিবার ইচ্ছা করিবে; কেন না, তাহা হইতে পরম মঙ্গলই হইয়া থাকে; অতএব সজ্জনের সংসর্গ পরিত্যাগ ত করিবেই না; ববং তাহা কামনাই কবিবে ॥২৩॥

বিশেষতঃ, সজ্জনের সংসর্গ দৃঢ় ও চিরস্থায়ী, সজ্জন বিপদেব সময কর্ত্তব্যবিষয়েবই উপদেশ দিয়া থাকেন এবং সজ্জনেব সংসর্গ মহাপ্রয়োজনেবই সাধন করিয়া থাকে; অতএব বুদ্ধিমান্ লোক সজ্জনকে নষ্ট করিবার ইচ্ছা কবিবেন না ॥২৪॥

এদিকে ইন্দ্র একজন সজ্জনের মধ্যে গণ্য, মহাত্মাদের আশ্রয়, সত্যবাদী, অনিন্দনীয়, ধর্ম্মজ্ঞ ও সূক্ষ্মবুদ্ধি ॥২৫॥

অতএব সেই ইন্দ্রের সহিত আপনাব চিবস্থায়ী সন্ধি হউক। আপনি ইন্দ্রকে উক্তরূপেই বিশ্বাস করুন; সুতরাং আপনাব বুদ্ধি যেন অন্যরূপ হয় না" ॥২৬॥

(২৩)…সঙ্গতমীপ্সিতব্যম্—নি,…সঙ্গতং লিপ্সিতব্যম্—বা ব বা পি। (২৫)…ধর্ম্মবিৎ সুবিনিশ্চিতঃ—পি। (২৬)…সন্ধির্ভবতু নিত্যদা—বা ব রা নি।

শল্য উবাচ।

মহর্ষিবচনং শ্রুত্বা তানুবাচ মহাদ্যুতিঃ।
অবশ্যং ভগবন্তো মে মাননীয়াস্তপস্বিনঃ ॥২৭॥
ব্রবীমি যদহং দেবাস্তৎসর্ব্বং ক্রিয়তে যদি।
ততঃ সর্ব্বং করিষ্যামি যদূচুর্মাং দ্বিজর্ষভাঃ ॥২৮॥
ন শুষ্কেণ ন চার্দ্রেণ নাশ্মনা ন চ দারুণা।
ন শস্ত্রেণ ন চাস্ত্রেণ ন দিবা ন তথা নিশি ॥২৯॥
বধ্যো ভবেয়ং বিপ্রেন্দ্রাঃ! শক্রস্য সহ দৈবতৈঃ।
এবং মে রোচতে সন্ধিঃ শক্রেণ সহ নিত্যদা ॥৩০॥ (যুগ্মকম্)
বাঢ়মিত্যেবমৃষয়স্তমূচুর্ভরতর্ষভ!।
এবং বৃত্তে তু সন্ধানে বৃত্রঃ প্রমুদিতোঽভবৎ ॥৩১॥

ভারতকৌমুদী

মহর্ষীতি। মহাদ্যুতির্বৃত্রঃ। তপস্বিন ইতি মাননীয়ত্বং প্রতি হেতুরুক্তঃ ॥২৭॥

ব্রবীমীতি। ক্রিয়তে মহর্ষিভিঃ। দ্বিজর্ষভা ঋষয়ঃ ॥২৮॥

নেতি। অশ্মনা পাষাণেন, দারুণা কাষ্ঠেন। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রম্, দূরে হিংসা-সাধনঞ্চাস্ত্রম্। দৈবতৈঃ সহ বিদ্যমানস্য শক্রস্য ॥২৯—৩০॥

বাঢ়মিতি। "ভৃশপ্রতিজ্ঞয়োর্বাঢম্" ইত্যমরঃ। সন্ধানে সন্ধৌ ॥৩১॥

শল্য বলিলেন—"মহাতেজা বৃত্রাসুর মহর্ষিগণের বাক্য শুনিয়া তাঁহাদিগকে বলিল—"আপনারা তপস্বী বলিয়া অবশ্যই আমার মাননীয় ॥২৭॥

কিন্তু দেবগণ! আমি যাহা বলিতেছি, সেই সমস্তই যদি আপনারা করেন, তাহা হইলে মহর্ষিরা যাহা বলিলেন, সে সমস্তই আমি করিব ॥২৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! শুষ্ক বা আর্দ্র বস্তুদ্বারা, প্রস্তর বা কাষ্ঠদ্বারা, কিংবা অস্ত্র বা শস্ত্র দ্বারা দিনে বা রাত্রিতে আমি অন্য দেবগণের বা ইন্দ্রের বধ্য হইব না; ইহা যদি আপনারা করিতে পারেন, তাহা হইলে ইন্দ্রের সহিত সর্ব্বদার জন্য সন্ধি করা আমার অভিপ্রেত হইতে পারে" ॥২৯—৩০॥

ভরতশ্রেষ্ঠ! তখন ঋষিরা বৃত্রাসুরকে বলিলেন—"তাহাই হইবে"। এইভাবে সন্ধি হইয়া গেলে বৃত্রাসুর আনন্দিত হইল ॥৩১॥

---

(২৮)···ক্রিয়তামিতি···সুরর্ষভাঃ—পি,···সাং দিবৌকসঃ—নি। (৩১)···ইত্যেব ঋষয়ঃ—বা ব রা নি,···সমুদিতোঽভবৎ—পি।

ততঃ সন্ধিং মিথঃ কৃত্বা ঋষয়ো দীপ্ততেজসঃ।
শক্রস্য সহ বৃত্রেণ পুনর্জগ্মুর্যথাগতম্ ॥৩২॥
যত্তঃ সদাঽভবচ্চাপি শক্রো হর্ষসমন্বিতঃ।
বৃত্রস্য বধসংযুক্তানুপায়াননুচিন্তয়ন্ ॥৩৩॥
অভিসন্ধির্মহেন্দ্রস্য সন্ধিকর্ম্মণি যঃ কৃতঃ।
ঋষিভিস্তীবিতং যচ্চ মহেন্দ্রস্তদনুস্মরন্ ॥৩৪॥ (যুগ্মকম্)
ছিদ্রান্বেষী সমুদ্বিগ্নঃ সদা বসতি দেবরাট্।
স কদাচিৎ সমুদ্রান্তে সমপশ্যন্মহাসুরম্ ॥৩৫॥
সন্ধ্যাকাল উপাবৃত্তে মুহূর্ত্তে চাতিদারুণে।
ততঃ সঞ্চিন্ত্য ভগবান্ বরদানং মহাত্মনঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। মিথঃ পরস্পরম্। যথা যত আগতং তত্র জগ্মুঃ ॥৩২॥

যত্ত ইতি। যত্তো বৃত্রবধে যত্নবান্। বধসংযুক্তান্ বধবিষয়কান্। অভিসন্ধিঃ প্রতারণোপায়ঃ। কৃতো বক্তিতঃ। ঈরিতমুক্তম্ ॥৩৩—৩৪॥

ছিদ্রেতি। ছিদ্রান্বেষী বৃত্রস্যৈব। মহাসুরং তমেব বৃত্রম্ ॥৩৫॥

তাহার পর উজ্জ্বলতেজা ঋষিরা বৃত্রাসুরের সহিত ইন্দ্রেব সন্ধি করিয়া, যে যে স্থান হইতে আসিয়াছিলেন, পুনবায় সেই সেই স্থানেই চলিয়া গেলেন ॥৩২॥

এদিকে ইন্দ্রও আনন্দিত হইয়া সর্ব্বদা বৃত্রাসুরের বধেব উপায় চিন্তা করিতেঃ থাকিয়া সেই বিষয়েই যত্নবান্ বহিলেন; কিন্তু সন্ধি করিবার সময়ে মহর্ষিরা ইন্দ্রের যে প্রতারণা করিবাব উপায় বাখিয়া দিয়াছিলেন এবং অন্য যাহা বলিয়াছিলেন, ইন্দ্র সে সকলও স্মবণ করিতেন ॥৩৩—৩৪॥

এই অবস্থায় দেবরাজ সর্ব্বদা অত্যন্ত উদ্বিগ্ন থাকিয়া বৃত্রাসুবের ছিদ্রান্বেষণ করতঃ অবস্থান করিতে লাগিলেন। তাহার পর কোন সময়ে ইন্দ্র সমুদ্রেব নিকটে মহাসুর বৃত্রকে দেখিতে পাইলেন ॥৩৫॥

তখন সন্ধ্যাকাল এবং অতিদারুণ মুহূর্ত্ত উপস্থিত ছিল; সুতরাং ভগবান্ ইন্দ্র মহাত্মা মহর্ষিগণের বরদানের বিষয় চিন্তা করিয়া (ইহাও চিন্তা কবিলেন

---

(৩২) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (৩৩) যুক্তঃ সদা…অন্বচিন্তয়ৎ—বা ব রা নি। (৩৪) অয়ং শ্লোকঃ বা বা পি নাস্তি। (৩৫) বজ্রান্বেষী সমুদ্বিগ্নঃ সদাভূদ্বলবৃত্রহা।…তমপশ্যৎ—পি।

সন্ধ্যেয়ং বর্ত্ততে রৌদ্রা ন রাত্রির্দিবসং ন চ।
বৃত্রশ্চাবশ্যবধ্যোঽয়ং মম সর্ব্বহরো রিপুঃ ॥৩৭॥
যদি বৃত্রং ন হন্ম্যদ্য বঞ্চয়িত্বা মহাসুরম্।
মহাবলং মহাকায়ং ন মে শ্রেয়ো ভবিষ্যতি ॥৩৮॥
এবং সঞ্চিন্তয়ন্নেব শক্রো বিষ্ণুমনুস্মরন্।
অথ ফেনং তদাঽপশ্যৎ সমুদ্রে পর্ব্বতোপমম্॥৩৯॥ (কলাপকম্)
নায়ং শুষ্কো ন চার্দ্রোঽয়ং ন চ শস্ত্রমিদং তথা।
এনং ক্ষেপ্স্যামি বৃত্রস্য ক্ষণাদেব নশিষ্যতি ॥৪০॥
সবজ্রমথ ফেনং তং ক্ষিপ্রং বৃত্রে নিসৃষ্টবান্।
প্রবিশ্য ফেনং তং বিষ্ণুরথ বৃত্রং ব্যনাশয়ৎ ॥৪১॥
নিহতে তু ততো বৃত্রে দিশো বিতিমিরাঽভবন্।
প্রববৌ চ শিবো বায়ুঃ প্রজাশ্চ জহৃষুস্তথা ॥৪২॥

ভারতকৌমুদী

সন্ধ্যেতি। উপাবৃত্তে উপস্থিতে। মহাত্মনো মহর্ষিগণস্য। রৌদ্রা রাক্ষসাদিসঞ্চরণাদিতি ভাবঃ। শ্রেয়ো মঙ্গলম্। পর্ব্বতোপমং বিশালম্ ॥৩৬—৩৯॥

নেতি। অয়ং ফেনঃ। বৃত্রস্যোপরি। নশিষ্যতি বিষ্ণুশক্ত্যেতি ভাবঃ ॥৪০॥

সেতি। নিসৃষ্টবান্ নিক্ষিপ্তবান্, শক্র ইতি শেষঃ ॥৪১॥

নিহত ইতি। বিতিমিরা নিবদ্ধকারাঃ, বিসর্গলোপেঽপি সন্ধিবার্ষঃ। শিবঃ শুভঃ ॥৪২॥

যে,) একটা ভয়ঙ্কর সন্ধ্যাকাল উপস্থিত হইয়াছে; সুতরাং রাত্রিও নহে, দিনও নহে। এদিকে আমার সর্ব্বস্বহারী শত্রু এই বৃত্র আমার অবশ্য বধ্য। যদি আজ বঞ্চনা করিয়া মহাবল ও বিশালদেহ এই মহাসুর বৃত্রকে বধ না করি, তবে আমার মঙ্গল হইবে না'। দেবরাজ এইরূপ চিন্তা করিয়া বিষ্ণুকে স্মরণ করিলেন; তাহার পর তখনই তিনি সমুদ্রে পর্ব্বতপ্রমাণ বিশাল ফেন দর্শন করিলেন (এবং ভাবিলেন—) ॥৩৬—৩৯॥

'এই ফেন শুষ্কও নহে, আর্দ্রও নহে এবং ইহা অস্ত্রও নহে; সুতরাং আমি ইহাই বৃত্রের উপরে ক্ষেপ করিব, তাহাতেই বৃত্র ক্ষণকালের মধ্যে বিনষ্ট হইবে' ॥৪০॥

তাহার পর ইন্দ্র আপন বজ্রের সহিত সেই ফেনপুঞ্জকে বৃত্রাসুরের উপরে নিক্ষেপ করিলেন; পরে বিষ্ণু সেই ফেনপুঞ্জের ভিতরে প্রবেশ করিয়া বৃত্রাসুরকে বধ করিলেন ॥৪১॥

---

(৪২)···জহৃষুস্তদা—পি।

ততো দেবাঃ সগন্ধর্ব্বা যক্ষরক্ষোমহোরগাঃ।
ঋষয়শ্চ মহেন্দ্রং তমস্তুবন্ বিবিধৈঃ স্তবৈঃ ॥৪৩॥
নমস্কৃতঃ সর্ব্বভূতৈঃ সর্ব্বভূতান্যসান্ত্বযৎ।
হত্বা বৃত্রং প্রহৃষ্টাত্মা বাসবঃ সহ দৈবতৈঃ ॥৪৪॥
বিষ্ণুং ত্রিভুবনশ্রেষ্ঠং পূজযামাস ধর্ম্মবিৎ।
ততো হতে মহাবীর্য্যে বৃত্রে দেবভয়ঙ্করে ॥৪৫॥
অনৃতেনাভিভূতোঽভূচ্ছক্রঃ পরমদুর্ম্মনাঃ।
ত্রৈশীর্ষয়াঽভিভূতশ্চ স পূর্ব্বং ব্রহ্মহত্যয়া ॥৪৬॥ (যুগ্মকম্)
মহাদেবস্য ভূতৈশ্চ স পুনর্ব্রহ্মহা ইতি।
আক্রুষ্টো নির্ভয়ৈর্ভূয়ো ব্রীড়িতো বলবৃত্রহা ॥৪৭॥

ভাবতকৌমুদী

তত ইতি। অস্তুবন্, জগদুপকারাদিদর্শনাদিত্যাশয়ঃ ॥৪৩॥

নম ইতি। ভূতান্যত্র প্রাণিনঃ। অসান্ত্বযৎ আশ্বাসযৎ। বাসব ইন্দ্রঃ ॥৪৪॥

বিষ্ণুমিতি। ধর্ম্মবিৎ ইন্দ্রঃ। অনৃতেন মিথ্যাব্যবহাবেণ সন্ধিভঙ্গপাপনেত্যর্থঃ। ত্রৈশীর্ষযা ত্রিশিরসো বধনিবন্ধনযা। ত্রিশিরসো ব্রহ্মপুত্রত্বাদিত্যাশয়ঃ ॥৪৫—৪৬॥

মহেতি। আক্রুষ্ট আহূতঃ, ভূয়ঃ পুনঃ পুনঃ। বলবৃত্রহা ইন্দ্রঃ ॥৪৭॥

বৃত্রাসুর নিহত হইলে, সমস্ত দিক্ অন্ধকারশূন্য হইল, মঙ্গলময় বায়ু বহিত হইতে থাকিল এবং সমস্ত লোক আনন্দিত হইল ॥৪২॥

তদনন্তব দেব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, নাগ ও ঋষিগণ নানাবিধ স্তব দ্বাবা ইন্দ্রের স্তব করিলেন ॥৪৩॥

ইন্দ্রও বৃত্রাসুবকে বধ করিয়া আনন্দিত হইলেন, সকল প্রাণীই তাঁহাকে নমস্কার কবিতে লাগিল, তৎপরে তিনি অন্যান্য দেবতাব সহিত মিলিত হইয়া সকল প্রাণীকে আশ্বস্ত করিলেন ॥৪৪॥

তাহাব পর ধর্ম্মজ্ঞ ইন্দ্র ত্রিভুবনশ্রেষ্ঠ বিষ্ণুকে পূজা কবিলেন ; কিন্তু ইন্দ্র পূর্ব্বে ত্রিশিরাকে বধ করায় ব্রহ্মহত্যার পাপে আক্রান্ত হইযাছিলেন, এখন আবার মহাবীর ও দেবগণের ভয়জনক বৃত্রাসুরকে বধ করায় সন্ধিভঙ্গনিবন্ধন মিথ্যাব্যবহারেব পাপে আক্রান্ত হইয়া অত্যন্ত দুর্ম্মনা হইয়া পড়িলেন ॥৪৫—৪৬॥

এদিকে আবাব মহাদেবেব ভূতেবা নির্ভয়চিত্তে বাব বাব ইন্দ্রকে 'ব্রহ্মহত্যাকারী' বলিযা আহ্বান কবিতে লাগিল ; তাহাতে তিনি লজ্জিতও হইয়া পডিলেন ॥৪৭॥

(৪৪)…সর্ব্বভূতানি সান্ত্বযন্—পি। (৪৭) শ্লোকঃ বা ব রা পি নাস্তি।

সোঽন্তমাশ্রিত্য লোকানাং নষ্টসংজ্ঞো বিচেতনঃ।
ন প্রাজ্ঞায়ত দেবেন্দ্রস্ত্বভিভূতঃ স্বকর্ম্মভিঃ ॥৪৮॥
প্রতিচ্ছন্নোঽবসচ্চাপ্সু চেষ্টমান ইবোরগঃ।
ততঃ প্রনষ্টে দেবেন্দ্রে ব্রহ্মহত্যাভয়ার্দ্দিতে ॥৪৯॥
ভূমিঃ প্রধ্বস্তসঙ্কাশা নির্ব্বৃক্ষা শুষ্ককাননা।
বিচ্ছিন্নস্রোতসো নদ্যঃ সরাংস্যনুদকানি চ ॥৫০॥
সংক্ষোভশ্চাপি সত্ত্বানামনাবৃষ্টিকৃতোঽভবৎ।
দেবাশ্চাপি ভৃশং ত্রস্তাস্তথা সর্ব্বে মহর্ষয়ঃ ॥৫১॥
অরাজকং জগৎ সর্ব্বমভিভূতমুপদ্রবৈঃ।
ততো ভীতাঽভবন্ দেবাঃ কো নো রাজা ভবেদিতি ॥৫২॥
দিবি দেবর্ষয়শ্চাপি দেবরাজবিনাকৃতাঃ।
ন স্ম কশ্চন দেবানাং রাজ্যে বৈ কুরুতে মতিম্ ॥৫৩॥ (কুলকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃত্রবধে ইন্দ্রবিজয়ো নাম দশমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

স ইতি। অন্তং চরমসীমাম্। নষ্টসংজ্ঞঃ প্রায়েণ লুপ্তচৈতন্যঃ, বিচেতনো বিকৃতচিত্তঃ, আত্মগ্লানিবশাদিতি ভাবঃ। স্বকর্ম্মভিঃ আত্মনঃ পাপৈঃ ॥৪৮॥

প্রতীতি। প্রতিচ্ছন্নো গুপ্তঃ, অপ্সু জলে, চেষ্টমানো বিচরন্। প্রনষ্টে অদর্শনং গতে। প্রধ্বস্তসঙ্কাশা বিনষ্টতুল্যা। অনুদকানি নির্জলানি। সংক্ষোভশ্চাঞ্চল্যম্, সত্ত্বানাং প্রাণিনাম্। উপদ্রবৈশ্চৌর্য্যাদিভিঃ। ভীতাঽভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। নঃ অস্মাকম্। দেবরাজেন বিনাকৃতা বিরহিতাঃ। কশ্চন কশ্চিদপি দেবঃ, দেবানাং রাজ্যে রাজত্বকরণে মতিং ন কুরুতে স্ম, উপদ্রববাহুল্যাদিত্যাশয়ঃ ॥৪৯—৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে দশমোঽধ্যায়ঃ ॥০॥

তখন দেবরাজ আপন দুষ্কর্ম্মে অভিভূত হইয়া লোকসীমার প্রান্তভাগে যাইয়া লুপ্তচৈতন্যপ্রায় ও বিকৃতচিত্ত হইয়া রহিলেন; তখন কোন ব্যক্তিই তাঁহার বিষয় জানিতে পারিল না ॥৪৮॥

তিনি সর্পের ন্যায় জলের ভিতরে বিচরণ করিতে থাকিয়া গুপ্তভাবে বাস করিতে লাগিলেন। ব্রহ্মহত্যাপাপের ভয়ে পরিপীড়িত দেবরাজ সেইভাবে

(৪৮)…নষ্টসংজ্ঞো হৃচেতনঃ—পি। (৪৯)…বসন্নপ্সু—পি। (৫৩)…ন চ স্ম কশ্চিদ্দেবানাম—পি।

একাদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

ঋষয়োঽথাব্রুবন্ সর্ব্বে দেবাশ্চ ত্রিদিবেশ্বরাঃ।
অয়ং বৈ নহুষঃ শ্রীমান্ দেবরাজ্যেঽভিষিচ্যতাম্ ॥১॥
তেজস্বী চ যশস্বী চ ধার্ম্মিকশ্চৈব নিত্যদা।
তে গত্বা ত্বব্রুবন্ সর্ব্বে রাজা নো ভব পার্থিব! ॥২॥ (যুগ্মকম্)
স তানুবাচ নহুষো দেবানৃষিগণাংস্তথা।
পিতৃভিঃ সহিতান্ রাজন্! পরীপ্সন্ হিতমাত্মনঃ ॥৩॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। নহুষো নাম চন্দ্রবংশীয়ঃ কশ্চিন্নৃপতিঃ। তে ঋষয়ো দেবাশ্চ গত্বা নহুষান্তিকমিতি শেষঃ। নঃ অস্মাকম্ ॥১—২॥

স ইতি। পরীপ্সন্ সর্ব্বেষু বিষয়েষু লব্ধুমিচ্ছন্ ॥৩॥

নিরুদ্দেশ হইলে, পৃথিবী যেন বিধ্বস্ত হইয়া পড়িল, কোন বৃক্ষ রহিল না, বন শুকাইয়া গেল, নদীসমূহের স্রোত রুদ্ধ হইয়া পড়িল, জলাশয়ে জল রহিল না এবং বৃষ্টি না হওয়ায় প্রাণিগণের অত্যন্ত সংক্ষোভ উপস্থিত হইল; সকল দেবতা ও সকল মহর্ষিই অত্যন্ত ভীত হইয়া পড়িলেন; সমস্ত জগৎটাই অরাজক হওয়ায় নানাবিধ উপদ্রবে অভিভূত হইল এবং স্বর্গে দেবরাজবিহীন দেবতারা ও মহর্ষিরা 'কে আমাদের রাজা হইবেন' ইহা ভাবিয়া ভীত হইয়া পড়িলেন; কিন্তু কোন দেবতাই দেবগণের রাজত্ব করিতে ইচ্ছা করিলেন না" ॥৪৯—৫৩॥

—:*:—

শল্য কহিলেন—"তাহার পর ঋষিরা ও স্বর্গাধিপতি দেবতারা সকলে বলিলেন—"সর্ব্বদাই রাজলক্ষ্মীযুক্ত, তেজস্বী, যশস্বী ও ধার্ম্মিক এই নহুষকেই দেবরাজ্যে অভিষিক্ত করা হউক"। তৎপরে তাঁহারা সকলে নহুষের নিকট যাইয়া বলিলেন—"রাজা! আপনি আমাদের রাজা হউন" ॥১—২॥

রাজা যুধিষ্ঠির! তখন নহুষ সর্ব্ববিষয়ে নিজের হিত কামনা করিয়া সেই দেবগণ, ঋষিগণ ও পিতৃগণকে বলিলেন—॥৩॥

---

(৩)…দেবান্ সর্ষিগণাংস্তদা—পি।

দুর্ব্বলোঽহং ন মে শক্তির্ভবতাং পরিপালনে।
বলবান্ জায়তে রাজা বলং শক্রে হি নিত্যদা ॥৪॥
তমব্রুবন্ পুনঃ সর্ব্বে দেবা ঋষিপুরোগমাঃ।
অস্মাকং তপসা যুক্তঃ পাহি রাজ্যং ত্রিপিষ্টপে ॥৫॥
পরস্পরভয়ং ঘোরমস্মাকং হি ন সংশয়ঃ।
অভিষিচ্যস্ব রাজেন্দ্র! ভব রাজা ত্রিপিষ্টপে ॥৬॥
দেবদানবযক্ষাণামৃষীণাং রক্ষসাং তথা।
সিদ্ধগন্ধর্ব্বভূতানাং চক্ষুর্বিষয়বর্ত্তিনাম্।
তেজ আদাস্যসে পশ্যন্ বলবাংশ্চ ভবিষ্যসি ॥৭॥
ধর্ম্মং পুরস্কৃত্য সদা সর্ব্বলোকাধিপো ভব।
ব্রহ্মর্ষীংশ্চাপি দেবাংশ্চ গোপায়স্ব ত্রিপিষ্টপে ॥৮॥

ভাবতকৌমুদী

দুর্ব্বল ইতি। হি তথাহি, শক্রে ইন্দ্রে, নিত্যদা সর্ব্বদৈব বলমাসীৎ ॥৪॥
তমিতি। তপসা যুক্তঃ, অতএব বলবান্ সন্নিত্যাশয়ঃ। ত্রিপিষ্টপে স্বর্গে ॥৫॥
পরেতি। পরস্পরভয়ং পরস্পরপীডনভয়ম্, ঘোরং মহৎ ॥৬॥
দেবেতি। চক্ষুর্বিষয়বর্ত্তিনাং ত্বন্নয়নগোচরস্থিতানাম্। তেজো বলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
ধর্ম্মমিতি। পুরস্কৃত্য প্রাধান্যেন রক্ষিত্বা। গোপায়স্ব রক্ষ ॥৮॥

"আমি দুর্ব্বল; সুতরাং আপনাদের পরিপালনবিষয়ে আমার শক্তি নাই। বলবান্ লোকই রাজা হইয়া থাকেন। ইন্দ্রে সর্ব্বদাই বল ছিল" ॥৪॥

তখন দেবতারা ও ঋষিরা পুনরায় নহুষকে বলিলেন—"আপনি আমাদের তপোবলে বলীয়ান্ হইয়া স্বর্গরাজ্য পালন করুন ॥৫॥

রাজশ্রেষ্ঠ! নিশ্চয়ই আমাদের পরস্পর পীড়নের গুরুতর ভয় রহিয়াছে; অতএব আপনিই স্বর্গরাজ্যে অভিষিক্ত হউন এবং স্বর্গের রাজা হউন ॥৬॥

দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, সিদ্ধ, ঋষি ও ভূতগণ আপনার দৃষ্টিগোচর হইবামাত্র আপনি ইঁহাদিগকে দেখিয়াই ইঁহাদের তেজ গ্রহণ করিতে পারিবেন এবং বলবান্ হইবেন ॥৭॥

রাজা! এই অবস্থায় আপনি সর্ব্বদা প্রধানভাবে ধর্ম্ম রক্ষা করিতে থাকিয়া সমস্ত জগতের অধীশ্বর হউন এবং স্বর্গে ব্রহ্মর্ষিগণকে ও দেবগণকে রক্ষা করিতে থাকুন" ॥৮॥

---

(৪)…বলবান্ জায়তাং কশ্চিৎ—নি। (৮)…গোপায়স্ব ত্রিপিষ্টপম্—পি।

শল্য উবাচ। *

অভিষিক্তঃ স রাজেন্দ্র! ততো রাজা ত্রিপিষ্টপে।
ধর্ম্মং পুরস্কৃত্য তদা সর্ব্বলোকাধিপোঽভবৎ ॥৯॥
সুদুর্ল্লভং বরং লব্ধ্বা প্রাপ্য রাজ্যং ত্রিপিষ্টপে।
ধর্ম্মাত্মা সততং ভূত্বা কামাত্মা সমপদ্যত ॥১০॥
দেবোদ্যানেষু সর্ব্বেষু নন্দনোপবনেষু চ।
কৈলাসে হিমবৎপৃষ্ঠে মন্দরে শ্বেতপর্ব্বতে।
সহ্যে মহেন্দ্রে মলয়ে সমুদ্রেষু সরিৎসু চ ॥১১॥
অপ্সরোভিঃ পরিবৃতো দেবকন্যাসমাবৃতঃ।
নহুষো দেবরাজঃ সোঽক্রীড়দ্বহুবিধং তদা ॥১২॥
শৃণ্বন্ দিব্যা বহুবিধাঃ কথাঃ শ্রুতিমনোহরাঃ।
বাদিত্রাণি চ দিব্যানি গীতঞ্চ মধুরস্বরম্ ॥১৩॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

অভীতি। রাজা নহুষঃ, ত্রিপিষ্টপে স্বর্গে ॥৯॥

স্বিতি। সুদুর্ল্লভং বরম্—'তেজ আদাস্যসে পশ্যন্' ইতি প্রাগুক্তরূপম্ ॥১০॥

দেবেতি। সহ্য-মহেন্দ্র-মলয়াঃ পর্ব্বতবিশেষাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। অক্রীড়ৎ ব্যহরৎ। কথা উপাখ্যানানি। শৃণ্বন্ অপ্সরঃপ্রভৃতিভ্য এব ॥১১—১৩॥

শল্য বলিলেন—"রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তাহার পর নহুষ স্বর্গরাজ্যে অভিষিক্ত হইয়া তখন প্রধানভাবে ধর্ম্মরক্ষা করিতে থাকিয়া সমগ্র জগতের আধিপত্য করিতে লাগিলেন ॥৯॥

নহুষ অতিদুর্লভ বর এবং স্বর্গের রাজত্ব লাভ করিয়া, প্রথমে সর্ব্বদাই ধার্ম্মিক থাকিয়া পরে কামুক হইয়া পড়িলেন ॥১০॥

ক্রমে দেবরাজ সেই নহুষ অপ্সরোগণে ও দেবকন্যাগণে পরিবেষ্টিত হইয়া, তাহাদের নিকট দিব্য ও শ্রুতিমনোহর নানাবিধ উপাখ্যান, দিব্য বাদ্য এবং মধুর স্বরের গান শুনিতে থাকিয়া, সমস্ত দেবোদ্যানে, নন্দনবনে, কৈলাস, হিমালয়, মন্দর, শ্বেত, সহ্য, মহেন্দ্র ও মলয়পর্ব্বতে এবং সমুদ্রে ও নদীতে বহুবিধ ক্রীড়া করিতে লাগিলেন ॥১১—১৩॥

---

* অয়ং পাঠঃ বা ব রা পি নাস্তি। (১৩)…বাদিত্রাণি চ সর্ব্বাণি গীতঞ্চ মধুরস্বনম্—বা ব রা নি।

বিশ্বাবসুর্নারদশ্চ গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ।
ঋতবঃ ষট্ চ দেবেন্দ্রং মূর্ত্তিমন্ত উপস্থিতাঃ।
মারুতঃ সুরভির্বাতি মনোজ্ঞঃ সুখশীতলঃ ॥১৪॥
এবঞ্চ ক্রীড়তস্তস্য নহুষস্য দুরাত্মনঃ।
সম্প্রাপ্তা দর্শনং দেবী শক্রস্য মহিষী প্রিয়া ॥১৫॥
স তাং সংদৃশ্য দুষ্টাত্মা প্রাহ সর্ব্বান্ সভাসদঃ।
ইন্দ্রস্য মহিষী দেবী কস্মান্মাং নোপতিষ্ঠতি ॥১৬॥
অহমিন্দ্রোঽস্মি দেবানাং লোকানাঞ্চ তথেশ্বরঃ।
আগচ্ছতু শচী মহ্যং ক্ষিপ্রমেব নিবেশনম্ ॥১৭॥
তচ্ছ্রুত্বা দুর্ম্মনা দেবী বৃহস্পতিমুবাচ হ।
রক্ষ মাং নহুষাদ্‌ব্রহ্মন্! ত্বামস্মি শরণং গতা ॥১৮॥

ভাবতকৌমুদী

বিশ্বেতি। দেবেন্দ্রং দেবরাজীভূতং নহুষম্। উপস্থিতা উপাসতে স্ম। সুরভির্ঘ্রাণতর্পণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

এবমিতি। দর্শনং দৃষ্টিগোচরতাম্। শক্রস্য মহিষী শচী ॥১৫॥

স ইতি। স নহুষঃ। দুষ্টাত্মা কামেন দূষিতচিত্তঃ ॥১৬॥

অহমিতি। দেবেন্দ্রত্বাদেব সর্ব্বলোকেশ্বর ইত্যাশয়ঃ। মহ্যং মম ॥১৭॥

তদিতি। দুর্ম্মনা আশঙ্কয়া দুঃখিতচিত্তা ॥১৮॥

তখন বিশ্বাবসু, নারদ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ এবং মূর্ত্তিমান্ ছয় ঋতু দেবরাজ নহুষের উপাসনা করিতেন এবং সৌরভযুক্ত, মনোহর, শীতল ও সুখজনক বায়ু বহিত হইত ॥১৪॥

দুরাত্মা সেই নহুষ এইভাবে ক্রীড়া করিতে লাগিলে, একদা ইন্দ্রের প্রিয়মহিষী শচীদেবী তাহার দৃষ্টিগোচর হইলেন ॥১৫॥

দুরাত্মা নহুষ তাঁহাকে দেখিয়া সকল সভাসদ্‌কে বলিল—"ইন্দ্রের মহিষী শচীদেবী আমার সেবা করেন না কেন? ॥১৬॥

আমি দেবগণের ইন্দ্র এবং ত্রিভুবনের অধীশ্বর; অতএব সত্বর শচীদেবী আমার গৃহে আগমন করুন" ॥১৭॥

সেই কথা শুনিয়া দুঃখিতচিত্ত হইয়া শচীদেবী বৃহস্পতিকে বলিলেন—"ব্রাহ্মণ! আমি আপনার শরণাগতা, আপনি আমাকে নহুষ হইতে রক্ষা করুন" ॥১৮॥

---

(১৪)…সত্বশীতলঃ—নি। (১৫)…নহুষস্য মহাত্মনঃ—পি। (১৭) আগচ্ছতু সতী মহ্যম্—পি। (১৮)…বৃহস্পতিমথাব্রবীৎ—পি।

সর্ব্বলক্ষণসম্পন্নাং ব্রহ্মন্! ত্বং সম্প্রভাষসে।
দেবরাজস্য দয়িতামত্যন্তং সুখভাগিনীম্ ॥১৯॥
অবৈধব্যেন যুক্তাঞ্চাপ্যেকপত্নীং পতিব্রতাম্।
উক্তবানসি মাং পূর্ব্বমৃতাং তাং কুরু বৈ গিরম্ ॥২০॥
নোক্তপূর্ব্বঞ্চ ভগবন্! মৃষা তে কিঞ্চিদীশ্বর!।
তস্মাদেতদ্ভবেৎ সত্যং ত্বয়োক্তং দ্বিজসত্তম! ॥২১॥
বৃহস্পতিরথোবাচ শক্রাণীং ভয়মোহিতাম্।
যদুক্তাসি ময়া দেবি! সত্যং তদ্ভবিতা ধ্রুবম্।
দ্রক্ষ্যসে দেবরাজানমিন্দ্রং শীঘ্রমিহাগতম্ ॥২২॥
ন ভেতব্যঞ্চ নহুষাৎ সত্যমেতদ্ব্রবীমি তে।
সমানয়িষ্যে শক্রেণ ন চিরাদ্ভবতীমহম্ ॥২৩॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। দয়িতাং প্রিয়াম্, মামিতি শেষঃ ॥১৯॥
অবৈধব্যেনেতি। এক এব পতির্যস্যাস্তাম্ একপত্নীম্। ঋতাং সত্যাম্ ॥২০॥
নেতি। মৃষা মিথ্যা, তে ত্বয়া ॥২১॥
বৃহেতি। শক্রাণীমিন্দ্রাণীম্। শক্রশব্দস্যানন্ততা আর্ষী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
নেতি। সমানয়িষ্যে সমানেষ্যে সংযোজয়িষ্য ইত্যর্থঃ, শক্রেণ সহ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ঋষয় ইতি ॥১॥ নোঽস্মাকং রাজা ভব ॥২—২১॥ শক্রাণীমিন্দ্রাণীম্, আর্ষ আনুক্ ॥২২—২৪॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

ব্রাহ্মণ! আপনি বলিয়া থাকেন যে, আমি সর্ব্বলক্ষণসম্পন্না, ইন্দ্রের প্রিয়তমা এবং অত্যন্ত সুখভাগিনী ॥১৯॥

এবং আপনি পূর্ব্বে বলিতেন যে, আমি অবৈধব্যলক্ষণযুক্তা, সাধ্বী ও পতিব্রতা। আপনি আপনার সেই বাক্য সত্য করুন ॥২০॥

ভগবন্! জ্ঞানিশ্রেষ্ঠ! আপনি পূর্ব্বে কখনও মিথ্যা বলেন নাই, অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি যাহা বলিয়াছেন, তাহা সত্য হইবেই" ॥২১॥

তাহার পর বৃহস্পতি ভয়বিহ্বলা শচীদেবীকে বলিলেন—"দেবি! আমি আপনাকে যাহা বলিয়াছি, তাহা নিশ্চয়ই সত্য হইবে; আপনি শীঘ্রই দেবরাজ ইন্দ্রকে এস্থানে সমাগত দর্শন করিবেন ॥২২॥

---

(২২)…ইন্দ্রাণীং ভয়মোহিতাম্…দেবরাজং তম্—নি।

অথ শুশ্রাব নহুষ ইন্দ্রাণীং শরণং গতাম্।
বৃহস্পতেরঙ্গিরসশ্চুকোপ স নৃপস্তদা ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে শচীবৃহস্পতিসংবাদে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

দ্বাদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

ক্রুদ্ধন্তু নহুষং দৃষ্ট্বা দেবা ঋষিপুরোগমাঃ।
অব্রুবন্ দেবরাজানং নহুষং ঘোরদর্শনম্ ॥১॥
দেবরাজ! জহি ক্রোধং ত্বয়ি ক্রুদ্ধে জগদ্বিভো!।
ত্রস্তং সাসুরগন্ধর্ব্বং সকিন্নরমহোরগম্ ॥২॥

ভারতকৌমুদী

অথেতি। অঙ্গিরসঃ তৎপুত্রস্য, চুকোপ বৃহস্পতিম্ ইন্দ্রাণীঞ্চ প্রতি ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ক্রুদ্ধমিতি। দেবরাজানমিতি অদন্তত্বাভাব আর্ষঃ ॥১॥
দেবেতি। জহি নাশয়। ক্রোধহননং প্রতি হেতুমাহ—ত্বয়ীত্যাদি ॥২॥

আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, নহুষ হইতে আপনার ভীত হইতে হইবে না; অচিরকালমধ্যেই আমি আপনাকে ইন্দ্রের সহিত সংযুক্ত করিব" ॥২৩॥

তদনন্তর নহুষ শুনিল যে, শচীদেবী অঙ্গিরার পুত্র বৃহস্পতির শরণাপন্না হইয়াছেন। তখন নহুষ ক্রুদ্ধ হইল" ॥২৪॥

—:*:—

শল্য কহিলেন—"দেবগণ ও ঋষিগণ নহুষকে ক্রুদ্ধ দেখিয়া সেই ঘোরদর্শন দেবরাজ নহুষকে বলিলেন—॥১॥

"দেবরাজ! প্রভু! আপনি ক্রোধ সংবরণ করুন। কারণ, আপনি ক্রুদ্ধ

(১) সর্ষিপুরোগমাঃ পি ব।

জহি ক্রোধমিমং সাধো ! ন ক্রুধ্যন্তি ভবদ্বিধাঃ।
পরস্য পত্নী সা দেবী প্রসীদস্ব সুরেশ্বর ! ॥৩॥
নিবর্ত্তয় মনঃ পাপাৎ পরদারাভিমর্ষণাৎ।
দেবরাজোঽসি ভদ্রং তে প্রজা ধর্ম্মেণ পালয় ॥৪॥
এবমুক্তো ন জগ্রাহ তদ্বচঃ কামমোহিতঃ।
অথ দেবানুবাচেদমিন্দ্রং প্রতি সুরাধিপঃ ॥৫॥
অহল্যা ধর্ষিতা পূর্ব্বমৃষিপত্নী যশস্বিনী।
জীবতো ভর্ত্তুরিন্দ্রেণ স চ কিং ন নিবারিতঃ ॥৬॥
বহূনি চ নৃশংসানি কৃতানীন্দ্রেণ বৈ পুরা।
বৈধর্ম্ম্যাণ্যুপধাশ্চৈব স বঃ কস্মান্ন বারিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

জহীতি। সা শচী। প্রসীদস্বেতি আত্মনেপদমার্ষম্ ॥৩॥
নিবর্ত্তয়েতি। ধর্ম্মেণ প্রজাপালনজেন তে তব, ভদ্রং মঙ্গলং ভবিষ্যতীতি শেষঃ ॥৪॥
এবমিতি। ইন্দ্রং প্রতি ভূতপূর্ব্বদেবরাজবিষয়ে, সুরাধিপো নহুষঃ ॥৫॥
অহল্যেতি। জীবতো ভর্ত্তুর্গৌতমস্য সম্বন্ধিনী। ন নিবারিতো যুষ্মাভিঃ ॥৬॥

হওয়ায় অসুর, গন্ধর্ব্ব, কিন্নর ও মহানাগসমূহের সহিত সমগ্র জগৎটাই ভীত হইয়া পড়িয়াছে ॥২॥

সাধু! আপনি এই ক্রোধ পবিত্যাগ করুন। কাবণ, আপনাব ন্যায় লোকেরা ক্রুদ্ধ হন না। (দেখুন—) শচীদেবী পরের পত্নী ; অতএব দেববাজ! আপনি প্রসন্ন হউন ॥৩॥

পরস্ত্রীসংসর্গের পাপ হইতে মনকে নিবৃত্ত করুন। আপনি দেবরাজ হইয়াছেন ; সুতরাং ধর্ম্ম অনুসারে প্রজাপালন করুন। তাহাতেই আপনার মঙ্গল হইবে” ॥৪॥

দেবতাবা ও ঋষিরা এইরূপ বলিলেও কামমোহিত দেবরাজ নহুষ সে কথা গ্রাহ্য করিল না; কিন্তু দেবগণের নিকটে ভূতপূর্ব্ব ইন্দ্রের বিষয়ে এই কথা বলিল—॥৫॥

“ভূতপূর্ব্ব ইন্দ্র, জীবিত স্বামী গৌতম ঋষির পত্নী যশস্বিনী অহল্যাকে ধর্ষণ কবিয়াছিলেন ; তখন আপনারা তাঁহাকে বারণ কবেন নাই কেন ? ॥৬॥

---

(৩)…ন কুপ্যন্তি ভবদ্বিধাঃ—পি। (৬)…স বঃ কিং ন নিবারিতঃ—বা ব রা নি। (৭)… স বঃ কিং ন নিবারিতঃ—বা ব রা নি।

উপতিষ্ঠতু দেবী মামেতদস্যা হিতং পরম্ ।
যুষ্মাকঞ্চ সদা দেবাঃ ! শিবমেবং ভবিষ্যতি ॥৮॥

দেবা ঊচুঃ ।

ইন্দ্রাণীমানযিষ্যামো যথেচ্ছসি দিবস্পতে ! ।
জহি ক্রোধমিমং বীর ! প্রীতো ভব সুরেশ্বর ! ॥৯॥

শল্য উবাচ ।

ইত্যুক্ত্বা তং তদা দেবা ঋষিভিঃ সহ ভারত ! ।
জগ্মুর্বৃহস্পতিং বক্তুমিন্দ্রাণীঞ্চাশুভং বচঃ ॥১০॥
জানীমঃ শরণং প্রাপ্তামিন্দ্রাণীং তব বেশ্মনি ।
দত্তাভয়াঞ্চ বিপ্রেন্দ্র ! ত্বয়া দেবর্ষিসত্তম ! ॥১১॥

ভাবতকৌমুদী

বহ্বীতি। নৃশংসানি ত্রিশিরোবধাদীনি নিষ্ঠুরকর্ম্মাণি। বৈধর্ম্ম্যাণি অপ্সরঃসংসর্গাদীনি পাপকার্য্যাণি, উপধা বৃত্রাসুরসখ্যাদীনি ছলানি। বো যুষ্মাভিঃ ॥৭॥

উপেতি। উপতিষ্ঠতু সেবতাম্, দেবী শচী। শিবং শুভম্, এবং ভাবে ॥৮॥

ইন্দ্রাণীমিতি। আনযিষ্যাম আনেষ্যামঃ। হে দিবস্পতে! স্বর্গাধিপ ! ॥৯॥

ইতীতি। বৃহস্পতিং তদন্তিকং জগ্মুঃ ॥১০॥

জানীম ইতি। শরণম্ আশ্রয়ম্। দত্তম্ অভযং যস্যৈ তাম্ ॥১১॥

ইন্দ্র পূর্ব্বে বহুতব নৃশংসকার্য্য, পাপকার্য্য এবং ছল করিয়াছেন; তখন আপনাবা তাঁহাকে বারণ কবেন নাই কেন? ॥৭॥

সে যাহা হউক, দেবগণ! শচীদেবী আমার সেবা করুন; ইহা তাঁহার পক্ষে পরম হিতকব হইবে এবং এরূপ হইলে, আপনাদেবও সর্ব্বদা মঙ্গল হইবে” ॥৮॥

দেবগণ বলিলেন—“স্বর্গনাথ! আপনার ইচ্ছানুসারে আমরা শচীদেবীকে আনিয়া দিব; কিন্তু বীব! আপনি এই ক্রোধ সংববণ করুন, দেবরাজ! আপনি সন্তুষ্ট হউন” ॥৯॥

শল্য বলিলেন—ভরতনন্দন! নহুষকে এই কথা বলিয়া দেবতারা ঋষিদের সহিত মিলিত হইয়া শচীদেবীকে এই অমঙ্গলের সংবাদ বলিবাব জন্য তখনই বৃহস্পতির নিকট গমন কবিলেন (এবং বলিলেন—) ॥১০॥

“ব্রাহ্মণপ্রধান! দেবর্ষিশ্রেষ্ঠ! আমরা জানি যে, শচীদেবী আপনার বাড়ীতে আশ্রয় লাভ কবিয়াছেন এবং আপনি তাঁহাকে অভয় দান করিয়াছেন ॥১১॥

তে ত্বাং দেবাঃ সগন্ধর্ব্বা ঋষয়শ্চ মহাদ্যুতে!।
প্রসাদয়ন্তি চেন্দ্রাণী নহুষায় প্রদীয়তাম্ ॥১২॥
ইন্দ্রাদ্বিশিষ্টো নহুষো দেবরাজো মহাদ্যুতিঃ।
বৃণোত্বিমং বরারোহা ভর্ত্তৃত্বে বরবর্ণিনী ॥১৩॥
এবমুক্তে তু সা দেবী বাষ্পমুৎসৃজ্য সস্বনম্।
উবাচ রুদতী দীনা বৃহস্পতিমিদং বচঃ ॥১৪॥
নাহমিচ্ছামি নহুষং পতিং দেবর্ষিসত্তম।।
শরণাগতাস্মি তে ব্রহ্মন্! ত্রায়স্ব মহতো ভয়াৎ ॥১৫॥
বৃহস্পতিরুবাচ।
শরণাগতং ন ত্যজেয়মিন্দ্রাণি! মম নিশ্চয়ঃ।
ধর্ম্মজ্ঞাং সত্যশীলাঞ্চ ন ত্যজে ত্বামনিন্দিতে!॥১৬॥

ভারতকৌমুদী

ত ইতি। মহাদ্যুতে ইতি সম্বোধনেন শচীরক্ষণসম্ভবোঽপি সূচিতঃ ॥১২॥
ইন্দ্রাদিতি। বিশিষ্ট উৎকৃষ্টঃ। বরারোহা উত্তমনিতম্বা শচীদেবী ॥১৩॥
এবমিতি। সস্বনং সশব্দং রুদতীতি সম্বন্ধঃ ॥১৪॥
নেতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। এবং পরশ্লোকে প্রথমপাদে ॥১৫॥
শরণেতি। বিশেষাভিপ্রায়েণাহ—ধর্ম্মজ্ঞামিত্যাদি ॥১৬॥

কিন্তু হে মহাতেজা! গন্ধর্ব্বগণের সহিত দেবগণ ও ঋষিগণ প্রসন্নতাসম্পাদন-পূর্ব্বক আপনার নিকট প্রার্থনা করিতেছেন যে, আপনি শচীদেবীকে নহুষের হস্তে সমর্পণ করুন ॥১২॥

দেবরাজ ও মহাতেজা নহুষ ইন্দ্র অপেক্ষা শ্রেষ্ঠ; সুতরাং বরারোহা ও বরবর্ণিনী শচীদেবী এখন এই নহুষকেই পতিত্বে বরণ করুন" ॥১৩॥

তাঁহারা এইরূপ বলিলে, শচীদেবী কাতর হইয়া, অশ্রুজল ত্যাগ করিয়া, সশব্দে রোদন করিতে থাকিয়া বৃহস্পতিকে এই কথা বলিলেন—॥১৪॥

"দেবর্ষিশ্রেষ্ঠ! ব্রাহ্মণ! আমি নহুষকে পতি করিতে ইচ্ছা করি না। আমি আপনার শরণাগত; আপনি আমাকে গুরুতর ভয় হইতে রক্ষা করুন" ॥১৫॥

বৃহস্পতি বলিলেন—"ইন্দ্রাণি! আমি কোন শরণাগতকেই ত্যাগ করিব না, ইহাই আমার নিশ্চয়; সুতরাং অনিন্দিতে! তুমি ধর্ম্মজ্ঞা ও সত্যশীলা, অতএব তোমাকে ত ত্যাগ করিবই না ॥১৬॥

নাকার্য্যং কর্ত্তুমিচ্ছামি ব্রাহ্মণঃ সন্ বিশেষতঃ।
শ্রুতধর্ম্মা সত্যশীলো জানন্ ধর্ম্মানুশাসনম্ ॥১৭॥
নাহমেতৎ করিষ্যামি গচ্ছধ্বং বৈ সুরোত্তমাঃ!।
অস্মিংশ্চার্থে পুরা গীতং ব্রহ্মণা শ্রূয়তামিদম্ ॥১৮॥

ন তস্য বীজং রোহতি রোহকালে ন তস্য বর্ষং বর্ষতি বর্ষকালে।
ভীতং প্রপন্নং প্রদদাতি শত্রবে ন স ত্রাতারং লভতে ত্রাণমিচ্ছন্ ॥১৯॥
মোঘমন্নং বিন্দতি চাপ্যচেতাঃ স্বর্গাল্লোকাদ্‌ভ্রশ্যতি নষ্টচেষ্টঃ।
ভীতং প্রপন্নং প্রদদাতি যো বৈ ন তস্য হব্যং প্রতিগৃহ্নন্তি দেবাঃ ॥২০॥
প্রমীয়তে চাস্য প্রজা হ্যকালে সদা বিবাসং পিতরোঽস্য কুর্ব্বতে।
ভীতং প্রপন্নং প্রদদাতি শত্রবে সেন্দ্রা দেবাঃ প্রহরন্ত্যস্য বজ্রম্ ॥২১॥

ভাবতকৌমুদী

নেতি। অকার্য্যং গর্হিতকার্য্যম্। ধর্ম্মানুশাসনং ধর্ম্মশাস্ত্রম্ ॥১৭॥
নেতি। অর্থে বিষয়ে। গীতং গীতবদেব সাদরমুচ্চৈরুচ্চারিতম্ ॥১৮॥
নেতি। রোহতি অঙ্কুরমুৎপাদয়তি। বর্ষতি মেঘঃ। প্রপন্নং শরণাগতম্ ॥১৯॥
মোঘমিতি। মোঘং ব্যর্থম্ অবলকবমিত্যর্থঃ, বিন্দতি লভতে। প্রদদাতি শত্রবে ॥২০॥
প্রেতি। প্রমীযতে ম্রিয়তে, প্রজা সন্তানঃ। বিবাসং নরকবাসম্ ॥২১॥

বিশেষতঃ, আমি ধর্ম্মজ্ঞ ও সত্যপরায়ণ ব্রাহ্মণ হইয়া এবং ধর্ম্মশাস্ত্র জানিয়া অকার্য্য করিতে ইচ্ছা করি না ॥১৭॥

অতএব আমি শচীদেবীকে সমর্পণ করিব না; সুতরাং দেবশ্রেষ্ঠগণ! আপনারা চলিয়া যান এবং এই বিষয়ে পূর্ব্বে ব্রহ্মা যাহা সাগ্রহে বলিয়াছেন, তাহা শ্রবণ করুন—॥১৮॥

'যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুর নিকট সমর্পণ করে, তাহার রোপিত বীজ যথাসময়ে অঙ্কুর উৎপাদন করে না, তাহার অধিকারে বর্ষাকালেও মেঘ বর্ষা করে না এবং সে লোক রক্ষার্থী হইয়াও রক্ষক পায় না ॥১৯॥

যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুহস্তে সমর্পণ করে, সেই নির্ব্বোধ লোক নিষ্ফল অন্ন লাভ করে, নিষ্ফলোদ্যম হইয়া স্বর্গলোক হইতে ভ্রষ্ট হয় এবং দেবতারা তাহার হব্য গ্রহণ করেন না ॥২০॥

যে লোক, ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুর হস্তে সমর্পণ করে, তাহার সন্তান অকালে মরিয়া যায়, তাহার পিতৃগণ সর্ব্বদা নরকে বাস করেন এবং ইন্দ্রপ্রভৃতি দেবতারা তাহার উপরে বজ্র প্রহার করেন' ॥২১॥

এতদেবং প্রজানন্ বৈ ন দাস্যামি শচীমিমাম্।
ইন্দ্রাণীং বিশ্রুতাং লোকে শক্রস্য মহিষীং প্রিয়াম্ ॥২২॥
অস্যা হিতং ভবেদ্‌যচ্চ মম চাপি হিতং ভবেৎ।
ক্রিয়তাং তৎ সুরশ্রেষ্ঠাঃ! নহি দাস্যম্যহং শচীম্ ॥২৩॥

শল্য উবাচ।

অথ দেবাঃ সগন্ধর্ব্বা গুরুমাহুরিদং বচঃ।
কথং সুনীতং নু ভবেন্মন্ত্রয়স্ব বৃহস্পতে! ॥২৪॥

বৃহস্পতিরুবাচ।

নহুষং যাচতাং দেবী কিঞ্চিৎ কালান্তরং শুভা।
ইন্দ্রাণীহিতমেতদ্ধি তথাস্মাকং ভবিষ্যতি ॥২৫॥
বহুবিঘ্নঃ সুরাঃ! কালঃ কালঃ কালং নয়িষ্যতি।
দর্পিতো বলবাংশ্চাপি নহুষো বরসংশ্রয়াৎ ॥২৬॥

ভারতকৌমুদী

এতদিতি। এবমিত্থম্, এতৎ ব্রহ্মণো বচনম্। বিশ্রুতাং বিখ্যাতাম্ ॥২২॥
অস্যা ইতি। হিতং দানাকরণেঽপীত্যাশয়ঃ ॥২৩॥
অথেতি। গুরুং বৃহস্পতিম্। সুনীতং সুষ্ঠু কৃতম্ ॥২৪॥
নহুষমিতি। কালান্তরং কালাবকাশম্। ইন্দ্রাণ্যা হিতম্ ইন্দ্রাণীহিতম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

ক্রুদ্ধমিতি ॥১—৬॥ বৈধর্ম্যাণি ত্বাষ্ট্রবধাদীনি উপধাঃ বৃত্রসখ্যাদীনি ছলানি ॥৭—১৮॥ প্রপন্নং শরণাগতম্ ॥১৯॥ অচেতাঃ দুর্ব্বলচিত্তঃ ॥২০—২৪॥ কালান্তরং কালাবধিম্ ॥২৫—৩২॥
ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

এইরূপ ব্রহ্মার উক্তি জানিয়া আমি কখনও জগদ্বিখ্যাতা ইন্দ্রের প্রিয়তমা মহিষী এই শচদেবীকে নহুষের হস্তে সমর্পণ করিব না ॥২২॥

দেবগণ! আমি শচীদেবীকে দিব না; তথাপি যাহাতে ইঁহার হিত ও আমার হিত হয়, তাহা আপনারা করুন” ॥২৩॥

শল্য কহিলেন—“তাহার পর দেবগণ ও গন্ধর্ব্বগণ বৃহস্পতিকে এই কথা বলিলেন—“আর্য্য বৃহস্পতি! কি প্রকারে সকলের পক্ষেই ভাল কার্য্য হয়, তাহা আপনিই মন্ত্রণা করিয়া বলুন” ॥২৪॥

বৃহস্পতি বলিলেন—“শুভলক্ষণা শচীদেবী নহুষের নিকট কিছুকাল অবকাশ প্রার্থনা করুন; ইহাতেই তাঁহার হিত ও আমাদের হিত হইবে ॥২৫॥

---

(২২)…বিজানন্ বৈ—বা ব বা নি। (২৬)…গর্ব্বিতো বলবাংশ্চাপি—বা ব স নি।

শল্য উবাচ।

ততস্তেন তথোক্তে তু প্রীতা দেবাস্তথাব্রুবন্।
ব্রহ্মন্! সাধ্বিদমুক্তং তে হিতং সর্ব্বদিবৌকসাম্।
এতমেতদ্দ্বিজশ্রেষ্ঠ! দেবী চেয়ং প্রসাদ্যতাম্ ॥২৭॥
ততঃ সমস্তা ইন্দ্রাণীং দেবাশ্চাগ্নিপুরোগমাঃ।
ঊচুর্বচনমব্যগ্রা লোকানাং হিতকাম্যয়া ॥২৮॥

দেবা ঊচুঃ।

ত্বয়া জগদিদং সর্ব্বং ধৃতং স্থাবরজঙ্গমম্।
একপত্ন্যসি সত্যা চ গচ্ছস্ব নহুষং প্রতি ॥২৯॥
ক্ষিপ্রং ত্বামভিকামশ্চ বিনশিষ্যতি পাপকৃৎ।
নহুষো দেবি! শক্রশ্চ সুরৈশ্বর্য্যমবাপ্স্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

কালান্তরযাচনে কিং ফলমিত্যাহ—বহ্বিতি। হে সুরাঃ! কালঃ, বহবো বিঘ্না যস্মিন্ স তাদৃশঃ। তথাচ নহুষস্যাপি বিঘ্নসম্ভাবনেতি ভাবঃ। কোঽসৌ বিঘ্ন ইত্যাহ—নহুষো বরসংশ্রয়াৎ প্রাগুক্তবরলাভাৎ, দর্পিতো বলবাংশ্চাপি জাতঃ; তথাপি স কাল এব, কালং যমম্, নয়িষ্যতি তং নহুষং নেষ্যতি প্রাপয়িষ্যতি ॥২৬॥

তত ইতি। তেন বৃহস্পতিনা। তে ত্বয়া। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তত ইতি। অব্যগ্রাঃ অপ্রিয়বচনপ্রয়োগেণাকুলতাসম্ভবেঽপি অনাকুলাঃ ॥২৮॥

ত্বয়েতি। ধৃতং মাতৃরূপেণ, শচ্যা মাত্রন্তর্গতত্বাৎ। একঃ পতির্যস্যাঃ সা ॥২৯॥

কারণ, দেবগণ! কালে বহুতর বিঘ্ন ঘটিয়া থাকে; সুতরাং নহুষ বর লাভ করায় বলবান্ এবং দর্পিত হইলেও, কালই তাহাকে যমের বাড়ী পাঠাইবে” ॥২৬॥

শল্য কহিলেন—“বৃহস্পতি সেইরূপ বলিলে, দেবতারা সন্তুষ্ট হইয়া বলিলেন—“ব্রাহ্মণ! আপনি এটা সকল দেবতার পক্ষেই হিতের কথা বলিয়াছেন; সুতরাং ব্রাহ্মণশ্রেষ্ঠ! ইহা এইরূপই হউক, এখন ইহার জন্য শচীদেবীকে প্রসন্ন করুন” ॥২৭॥

তাহার পর অগ্নিপ্রভৃতি দেবতারা সকলেই স্থিরচিত্ত থাকিয়া জগতের হিতকামনায় শচীদেবীকে এই বাক্য বলিলেন ॥২৮॥

দেবগণ বলিলেন—“দেবি! আপনি স্থাবরজঙ্গমাত্মক এই সমগ্র জগৎটাকেই ধারণ করিয়া রহিয়াছেন এবং আপনি সতী ও সত্যপরায়ণা; সুতরাং আপনি নহুষের নিকট গমন করুন ॥২৯॥

---

(৩০) বিনশিষ্যতি পার্থিবঃ—পি।

এবং বিনিশ্চয়ং কৃত্বা ইন্দ্রাণী কার্য্যসিদ্ধয়ে।
অভ্যগচ্ছত সব্রীড়া নহুষং ঘোরদর্শনম্ ॥৩১॥
দৃষ্ট্বা তাং নহুষশ্চাপি বয়োরূপসমন্বিতাম্।
সমহৃষ্যত দুষ্টাত্মা কামোপহতচেতনঃ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাণীকালাবকাশযাচনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

অথ তামব্রবীদ্‌দৃষ্ট্বা নহুষো দেবরাট্ তদা।
ত্রয়াণামপি লোকানামহমিন্দ্রঃ শুচিস্মিতে! ॥১॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। ত্বাম্ অভি লক্ষ্যীকৃত্য কামো যস্য সঃ। স্বৈশ্বর্য্যং দেবরাজ্যম্ ॥৩০॥

এবমিতি। কার্য্যস্য নহুষপ্রতারণায়াঃ সিদ্ধয়ে। সব্রীডা সলজ্জা ॥৩১॥

দৃষ্ট্বেতি। বয়সা যৌবনেন রূপেণ সৌন্দর্য্যেণ চ সমন্বিতাং যুক্তাম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে দ্বাদশোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

অথেতি। ইন্দ্র ঐশ্বর্য্যবান্ অধিপতিরিত্যর্থঃ, দেবরাজত্বাদেবেতি ভাবঃ ॥১॥

দেবি! পাপকারী নহুষ আপনার প্রতি কামুক হইয়া সত্বরই বিনষ্ট হইবে এবং ইন্দ্রও পুনরায় দেবরাজ্য লাভ করিবেন” ॥৩০॥

শচীদেবী এইরূপ নিশ্চয় করিয়া কার্য্যসিদ্ধির জন্য লজ্জিতভাবে ঘোরদর্শন নহুষের নিকট গমন করিলেন ॥৩১॥

কামাকুলচিত্ত দুরাত্মা নহুষও রূপযৌবনসম্পন্না শচীদেবীকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইল” ॥৩২॥

—:*:—

শল্য বলিলেন—“তাহার পর দেবরাজ নহুষ তখন শচীকে দেখিয়া বলিল—“শুভ্রহাসিনি! আমি ত্রিভুবনেরই ইন্দ্র ॥১॥

ভজস্ব মাং বরারোহে ! পতিত্বে বরবর্ণিনি ! ।
এবমুক্তা তু সা দেবী নহুষেণ পতিব্রতা ॥২॥
প্রাবেপত ভয়োদ্বিগ্না প্রবাতে কদলী যথা ।
প্রণম্য সা হি ব্রহ্মাণং শিরসা তু কৃতাঞ্জলিঃ ॥৩॥
দেবরাজমথোবাচ নহুষং ঘোরদর্শনম্ ।
কালমিচ্ছাম্যহং লব্ধুং ত্বত্তঃ কঞ্চিৎ সুরেশ্বর ! ॥৪॥ (বিশেষকম্)
ন হি বিজ্ঞায়তে শক্রঃ কিং বা প্রাপ্তঃ ক্ক বা গতঃ ।
তত্ত্বমেতত্তু বিজ্ঞায় যদি ন জ্ঞায়তে প্রভো ! ॥৫॥
ততোঽহং ত্বামুপস্থাস্যে সত্যমেতদ্‌ব্রবীমি তে ।
এবমুক্তঃ স ইন্দ্রাণ্যা নহুষঃ প্রীতিমানভূৎ ॥৬॥ (যুগ্মকম্)

নহুষ উবাচ ।

এবং ভবতু সুশ্রোণি ! যথা মামিহ ভাষসে ।
জ্ঞাত্বা চাগমনং কার্য্যং সত্যমেতদনুস্মরেঃ ॥৭॥

ভারতকৌমুদী

ভজস্বেতি । সা শচী । প্রাবেপত প্রকর্ষেণাকম্পত, ভয়েন উদ্বিগ্না অস্থিরচিত্তা, প্রবাতে প্রকৃষ্টবায়ুস্থানে । কালং কালাবকাশম্, ত্বত্তস্তব সকাশাৎ ॥২—৪॥

নেতি । হি যস্মাৎ । কিম্ অবস্থান্তরম্ । বিজ্ঞায় কর্ত্তব্যং করিষ্যামীতি শেষঃ । ন জ্ঞায়তে তৎ তত্ত্বমিত্যনুবৃত্তিঃ । ততস্তদা, উপস্থাস্যে সেবিষ্যে ॥৫—৬॥

এবমিতি । হে সুশ্রোণি ! সুন্দরনিতম্বে ! । জ্ঞাত্বা তৎ তত্ত্বম্ ॥৭॥

সুতরাং বরারোহে ! বরবর্ণিনি ! তুমি আমাকে পতিরূপে ভজন কর" । নহুষ এইরূপ বলিলে, পতিব্রতা শচীদেবী ভয়ে অস্থিরচিত্ত হইয়া, প্রবল বায়ুস্থলে কদলীবৃক্ষের ন্যায় অত্যন্ত কম্পিত হইতে লাগিলেন । তৎপরে তিনি মস্তকদ্বারা ব্রহ্মাকে নমস্কার করিয়া, কৃতাঞ্জলি হইয়া, দেবরাজ ও ঘোরদর্শন নহুষকে বলিলেন—"দেবরাজ ! আমি আপনার নিকট কিছুকাল অবকাশ লাভ করিতে ইচ্ছা করি ॥২—৪॥

কারণ, ইন্দ্র কোথায় গমন করিয়াছেন, কি অবস্থাই বা প্রাপ্ত হইয়াছেন, ইহার কোন সংবাদই জানি না ; সুতরাং প্রভু ! এই সংবাদ জানিয়া কর্ত্তব্য কার্য্য করিব ; আর সে সংবাদ যদি জানিতে না পারি, তবে আপনার সেবা করিব ; ইহা আপনাকে সত্য বলিতেছি" । শচীদেবী এইরূপ বলিলে, নহুষ আনন্দিত হইল ॥৫—৬॥

---

(৬)...এবমুক্তো মহেন্দ্রাণ্যা—পি ।

নহুষেণ বিসৃষ্টা চ নিশ্চক্রাম ততঃ শুভা।
বৃহস্পতিনিকেতঞ্চ সা জগাম তপস্বিনী ॥৮॥
তস্যাঃ সংশ্রুত্য চ বচো দেবাশ্চাগ্নিপুরোগমাঃ।
চিন্তয়ামাসুরেকাগ্রাঃ শক্রার্থং রাজসত্তম ! ॥৯॥
দেবদেবেন সঙ্গম্য বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।
ঊচুশ্চৈনং সমুদ্বিগ্না বাক্যং বাক্যবিশারদাঃ ॥১০॥
ব্রহ্মবধ্যাভিভূতো বৈ শক্রঃ সুরগণেশ্বরঃ।
গতিশ্চ নস্ত্বং দেবেশ ! সর্ব্বস্য জগতঃ প্রভুঃ ॥১১॥
রক্ষার্থং সর্ব্বভূতানাং বিষ্ণুত্বমুপজগ্মিবান্।
ত্বদ্বীর্য্যান্নিহতে বৃত্রে বাসবো ব্রহ্মহত্যয়া ॥১২॥
বৃতঃ সুরগণশ্রেষ্ঠ ! মোক্ষং তস্য বিনির্দ্দিশ।
তেষাং তদ্বচনং শ্রুত্বা দেবানাং বিষ্ণুরব্রবীৎ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নহুষেণেতি। বিসৃষ্টা ত্যক্তা। তত ইন্দ্রভবনাৎ। তপস্বিনী দীনা ॥৮॥
তস্যা ইতি। তস্যাঃ শচ্যাঃ। শক্রার্থম্ ইন্দ্রস্যোদ্ধারার্থম্ ॥৯॥
দেবেতি। সঙ্গম্য মিলিত্বা। প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা। এনং বিষ্ণুম্ ॥১০॥
ব্রহ্মেতি। ব্রহ্মবধ্যয়া ব্রহ্মহত্যাপাপেন। গতিরুপায়ঃ, নঃ অস্মাকম্ ॥১১॥

তাহার পর নহুষ বলিল—"সুনিতম্বে! তুমি আমাকে এখন যাহা বলিলে, এইরূপই হউক; তুমি ইন্দ্রের সংবাদ জানিয়া এখানে আগমন করিও এবং এই সত্য শপথ কিন্তু স্মরণ করিও" ॥৭॥

নহুষ বিদায় দিলে, শুভলক্ষণা ও দীনা শচীদেবী সেই ইন্দ্রভবন হইতে নির্গত হইলেন এবং বৃহস্পতিভবনে গমন করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ! তখন অগ্নিপ্রভৃতি দেবতারা তাঁহার নিকট সকল কথা শুনিয়া একাগ্রচিত্তে ইন্দ্রের বিষয় চিন্তা করিলেন ॥৯॥

তাহার পর বাক্যবিশারদ দেবতারা দেবদেব ও প্রভাবশালী বিষ্ণুর সহিত মিলিত হইয়া অত্যন্ত উদ্বিগ্নভাবে বিষ্ণুকে এই কথা বলিলেন—॥১০॥

"দেবেশ্বর! দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যার পাপে আক্রান্ত হইয়াছেন; অথচ আপনি আমাদের গতি এবং সমস্ত জগতের অধীশ্বর ॥১১॥

এবং আপনি সর্ব্বভূতের রক্ষার জন্যই বিষ্ণু হইয়াছেন। এদিকে আপনার

---

(৮)…সা জগাম যশস্বিনী—বা ব রা নি। (১১)…পূর্ব্বজো জগতঃ প্রভুঃ—বা ব রা নি। (১২)…ত্বদ্বীর্য্যান্নিহতে বৃত্রে—পি।

মামেব যজতাং শক্রঃ পাবয়িষ্যামি বজ্রিণম্ ।
পুণ্যেন হয়মেধেন মামিষ্ট্বা পাকশাসনঃ ॥১৪॥
পুনরেষ্যতি দেবানামিন্দ্রত্বমকুতোভয়ঃ ।
স্বকর্ম্মভিশ্চ নহুষো নাশং যাস্যতি দুর্ম্মতিঃ ॥১৫॥ (যুগ্মকম্)
কঞ্চিৎ কালমিমং দেবা মর্ষয়ধ্বমতন্দ্রিতাঃ ।
শ্রুত্বা বিষ্ণোঃ শুভাং সত্যাং তাং বাণীমমৃতোপমাম্ ॥১৬॥
ততঃ সর্ব্বে সুরগণাঃ সোপাধ্যায়াঃ সহর্ষিভিঃ ।
যত্র শক্রো ভযোদ্বিগ্নস্তং দেশমুপচক্রমুঃ ॥১৭॥ (যুগ্মকম্)
তত্রাশ্বমেধঃ সুমহান্ মহেন্দ্রস্য মহাত্মনঃ ।
ববৃতে পাবনার্থং বৈ ব্রহ্মহত্যাপহো নৃপ । ॥১৮॥

ভারতকৌমুদী

রক্ষেতি। উপজগ্মিবান্ প্রাপ্তবান্। ব্রহ্মহত্যযা বৃতঃ সম্বদ্ধঃ ॥১২—১৩॥

মামিতি। বজ্রিণং তং শক্রম্। হয়মেধেন অশ্বমেধেন, ইষ্ট্বা পূজয়িত্বা, পাকশাসন ইন্দ্রঃ, এষ্যতি প্রাপ্স্যতি। স্বকর্ম্মভির্নিজপাপৈঃ ॥১৪—১৫॥

কঞ্চিদিতি। মর্ষয়ধ্বং সহধ্বম্, অতন্দ্রিতাঃ স্বস্বকার্য্যে অনলসাঃ। উপাধ্যায়েন বৃহস্পতিনা সহেতি সোপাধ্যায়াঃ। ভয়েন উদ্বিগ্নঃ অস্থিরচিত্তঃ, উপচক্রমুর্জগ্মুঃ ॥১৬—১৭॥

তত্রেতি। ব্রহ্মহত্যাপহো ব্রহ্মহত্যাপাপনাশকঃ ॥১৮॥

বলেই বৃত্রাসুর নিহত হইলে, ইন্দ্র ব্রহ্মহত্যার পাপে লিপ্ত হইয়াছেন; অতএব হে দেবগণশ্রেষ্ঠ! তাঁহার মুক্তির উপায় নির্দ্দেশ করুন"। সেই দেবগণের সেই কথা শুনিয়া বিষ্ণু বলিলেন—॥১২—১৩॥

"ইন্দ্র আমারই পূজা করুন, আমিই তাঁহাকে পাপমুক্ত করিব। ইন্দ্র পুণ্য-জনক অশ্বমেধযজ্ঞদ্বারা আমার পূজা করিয়া অকুতোভয়ে পুনরায় দেবরাজত্ব লাভ করিবেন এবং দুর্ম্মতি নহুষও আপন কর্ম্মদোষে বিনষ্ট হইবে ॥১৪—১৫॥

দেবগণ! তোমরা কিছু কাল সহ্য কর এবং আপন আপন কার্য্যে অবহিত থাক"। তাহার পর বৃহস্পতি ও ঋষিদের সহিত দেবতারা সকলে বিষ্ণুর সেই শুভ, সত্য ও অমৃততুল্য বাক্য শ্রবণ করিয়া—যেখানে ইন্দ্র ব্রহ্মহত্যাপাপের ভয়ে অস্থিরচিত্ত হইয়া অবস্থান করিতেছিলেন, সেইখানে গমন করিলেন ॥১৬—১৭॥

রাজা! তৎপরে সেখানে মহাত্মা ইন্দ্রকে পাপমুক্ত করিবার জন্য ব্রহ্মহত্যা-পাপনাশক অতিবৃহৎ এক অশ্বমেধযজ্ঞ অনুষ্ঠিত হইয়া গেল ॥১৮॥

(১৪)···প্রীণানো হয়মেধেন—পি। (১৬) কিঞ্চিৎ কালমিদম্—বা ব রা নি।

বিভজ্য ব্রহ্মহত্যাং তু বৃক্ষেষু চ নদীষু চ।
পর্ব্বতেষু পৃথিব্যাঞ্চ স্ত্রীষু চৈব যুধিষ্ঠির ! ॥১৯॥
সংবিভজ্য চ ভূতেষু বিসৃজ্য চ সুরেশ্বরঃ।
বিজ্বরো ধূতপাপ্মা চ বাসবোঽভবদাত্মবান্ ॥২০॥ (যুগ্মকম্)
অকম্প্যং নহুষং স্থানাদ্দৃষ্ট্বা বলনিষূদনঃ।
তেজোঘ্নং সর্ব্বভূতানাং বরদানাচ্চ দুঃসহম্ ॥২১॥
ততঃ শচীপতির্দেবঃ পুনরেব ব্যনশ্যত।
অদৃশ্যঃ সর্ব্বভূতানাং কালাকাঙ্ক্ষী চচার হ ॥২২॥ (যুগ্মকম্)
প্রনষ্টে তু ততঃ শক্রে শচী শোকসমন্বিতা।
হা শক্রেতি তদা দেবী বিললাপ সুদুঃখিতা ॥২৩॥
যদি দত্তং যদি হুতং গুরবস্তোষিতা যদি।
একভর্তৃত্বমেবাস্তু সত্যং যদ্যস্তি বা ময়ি ॥২৪॥

ভাবতকৌমুদী

বিভজ্যেতি। হে যুধিষ্ঠির ! আত্মবান্ ব্রহ্মহত্যাপাপমুক্তৌ যত্নবান্ সুরেশ্বরো বাসবঃ, বিসৃজ্য ব্রহ্মহত্যাপাপমেবাত্মনো বিমুচ্য, বৃক্ষেষু, তেন তেষামন্তঃশোষঃ, নদীষু তেন তাসাং জলাবিল্যম্, পর্ব্বতেষু তেন তেষাং প্রস্তরজীর্ণতা, পৃথিব্যাঞ্চ তেন তস্যাঃ স্বয়ং গর্ত্তঃ, স্ত্রীষু চ তেন তাসাং রজশ্চেতি ভাবঃ, ব্রহ্মহত্যাম্ অশ্বমেধক্ষীণাবশিষ্টং তৎপাপম্, বিভজ্য বিভাগপূর্ব্বকমর্পয়িত্বা, ভূতেষু প্রাণিষু চ সংবিভজ্য তেন তেষামকালমৃত্যুরিত্যাশয়ঃ, বিজ্বরো নিঃসন্তাপঃ, ধূতপাপ্মা নিষ্পাপঃ অভবৎ ॥১৯—২০॥

অকম্প্যমিতি। অকম্প্যম্ অচালনীয়ম্। ব্যনশ্যত অদর্শনমগচ্ছৎ ॥২১—২২॥

প্রনষ্ট ইতি। প্রনষ্টে অদর্শনং গতে ॥২৩॥

যুধিষ্ঠির ! তাহার পর পাপনাশে যত্নশীল ভূতপূর্ব্ব দেবরাজ ইন্দ্র ব্রহ্মহত্যা-পাপকে পরিত্যাগপূর্ব্বক (তাহাকেই) ভাগ ভাগ করিয়া বৃক্ষ, নদী, পর্ব্বত, পৃথিবী, স্ত্রী ও প্রাণিগণে সমর্পণ করিয়া পাপবিহীন ও সন্তাপশূন্য হইলেন ॥১৯—২০॥

তাহার পর বলদৈত্যহন্তা শচীপতি ইন্দ্র, নহুষকে বরপ্রভাবে সকল প্রাণীর তেজোনাশক, দুঃসহ ও সেই স্থান হইতে অচালনীয় দেখিয়া পুনর্বায় অদৃশ্য হইলেন এবং সকল প্রাণীর অদৃশ্য ও কালপ্রতীক্ষাকারী থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥২১—২২॥

ইন্দ্র অদৃশ্য হইয়া গেলে, তখনই শচীদেবী শোকার্ত্তা ও অতিদুঃখিতা হইয়া 'হা ইন্দ্র !' বলিয়া বিলাপ করিলেন (এবং বলিলেন—) ॥২৩॥

---

(২১)। অকম্পম্—পি বা ব রা। (২৪)···একপত্নীত্বমেবাস্তু—পি।

পুণ্যাঞ্চেমামহং দিব্যাং প্রবৃত্তামুত্তরায়ণে।
দেবীং রাত্রিং নমস্যামি সিধ্যতাং মে মনোরথঃ ॥২৫॥
প্রয়তা চ নিশাং দেবীমুপাতিষ্ঠত তত্র সা।
পতিব্রতাত্বাৎ সত্যেন সোপশ্রুতিমথাকরোৎ ॥২৬॥
যত্রাস্তে দেবরাজোঽসৌ তং দেশং দর্শয়স্ব মে।
ইত্যাহোপশ্রুতিং দেবীং সত্যং সত্যেন দৃশ্যতাম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে উপশ্রুতিযাচনে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

যদীতি। একভর্তৃত্বং নহুষেণ সহাসংসর্গঃ ॥২৪॥

পুণ্যামিতি। প্রবৃত্তামুপস্থিতাম্। রাত্রিং রাত্র্যভিমানিনীম্, দেবীং কালীম্ ॥২৫॥

প্রয়তেতি। সত্যেন আত্মনঃ সত্যনির্ভরেণ, সা শচী, উপশ্রুতিং তদাখ্যাং কাল্যপরপর্য্যায়াং নিশাভিমানিনীং দেবীম্, আকরোৎ আহূতবতী ॥২৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—১১॥ বিষ্ণুত্বং ব্যাপকত্বম্ অব্যাপকেন জগদ্রক্ষায়া অসম্ভবাৎ ॥১২—২০॥ অকম্পৎ অকম্পত, তঙভাব আর্ষঃ ॥২১—২৫॥ উপশ্রুতিং সন্দেহনির্ণায়িকাং দেবীম্, আকরোৎ আকারিতবতী ॥২৬॥ যত্রেতি। অয়ং চার্থঃ—"আনোঽযাহ্যুপশ্রুত্যুক্‌থেষু রণযা ইহ। দিবো অমুষ্য শাসতো দিবং যয় দিবাবসো" ইতি মন্ত্রোক্ত উপবৃংহিতঃ মন্ত্রার্থস্তু হে উপশ্রুতি নঃ অস্মান্ প্রতি আয়াহি উক্‌থেষু কাম্যেষু কর্ম্মসু ইহ রণয় ইষ্টং কামং গময় প্রাপয়। রণগতাবিত্যস্য রূপম্ অমুষ্য বুদ্ধিস্থস্য দিবং শাসত ইন্দ্রস্য দিবং প্রকাশং যয় গময় যচ্ছেত্যর্থঃ। যয়গতাবিত্যস্য লোটি রূপম্, বলোপ আর্ষঃ। হে দিবাবসো অহ্নো ধনঃ সূর্য্যস্তদ্বৎ তমোগ্রস্তমর্থং প্রকাশয়িতুং সমর্থঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

"আমি যদি দান করিয়া থাকি, হোম করিয়া থাকি, গুরুজনের সন্তোষ বিধান করিয়া থাকি, কিংবা আমাতে যদি সত্য থাকে, তবে আমি যেন ব্যভিচারিণী হই না" ॥২৪॥

(তাহার পর স্থির করিলেন—) 'উত্তরায়ণে এই দিব্য ও পবিত্র রাত্রি উপস্থিত হইয়াছে; আমি এই রাত্রিদেবীকে নমস্কার করি; তাহাতেই আমার অভীষ্টসিদ্ধি হইবে' ॥২৫॥

তখনই শচীদেবী সংযত হইয়া রাত্রিদেবীর উপাসনা করিলেন; তৎপরে আবার তিনি নিজের পাতিব্রাত্য ও সত্যের উপরে নির্ভর করিয়া 'উপশ্রুতি'-নাম্নী সেই রাত্রিদেবীকে আহ্বান করিলেন ॥২৬॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

অথৈনাং রূপিণী সাধ্বীমুপতিষ্ঠদুপশ্রুতিঃ।
তাং বয়োরূপসম্পন্নাং দৃষ্ট্বা দেবীমুপস্থিতাম্ ॥১॥
ইন্দ্রাণী সম্প্রহৃষ্টাত্মা সংপূজ্যৈনামথাব্রবীৎ।
ইচ্ছামি ত্বামহং জ্ঞাতুং কা ত্বং ব্রূহি বরাননে! ॥২॥ (যুগ্মকম্)

উপশ্রুতিরুবাচ।

উপশ্রুতিরহং দেবি! তবান্তিকমুপাগতা।
দর্শনঞ্চৈব সম্প্রাপ্তা তব সত্যেন ভাবিনি! ॥৩॥

ভারতকৌমুদী

যত্রেতি। অসৌ মম পতিঃ। সত্যং যথার্থং মৎপাতিব্রাত্যম্, সত্যেন অভ্রান্তপ্রত্যক্ষেণৈব ত্বয়া দৃশ্যতাম্। ইতি উপশ্রুতিং দেবীম্, আহ উদ্দেশেন ব্রবীতি স্ম ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অথেতি। এনাং শচীম্, রূপিণী মূর্ত্তিমতী। এনামুপশ্রুতিম্ ॥১—২॥

উপেতি। সত্যেন বাক্যেন ব্যবহারেণ চ। হে ভাবিনি! ইন্দ্রানুরাগিণি! ॥৩॥

তৎপরে তিনি সেই 'উপশ্রুতি'-নাম্নী রাত্রিদেবীর উদ্দেশে এই কথা বলিলেন—"দেবি! আমার পতি ইন্দ্র যে স্থানে আছেন, আমাকে সেই স্থানটী দেখাইয়া দিন এবং আপনি প্রত্যক্ষভাবে আমার যথার্থ পাতিব্রাত্য দর্শন করুন" ॥২৭॥

—:*:—

শল্য বলিলেন—তাহার পর উপশ্রুতিদেবী মূর্ত্তিমতী হইয়া সাধ্বী শচীর নিকট উপস্থিত হইলেন। তখন শচীদেবী রূপযৌবনসম্পন্না সেই দেবীকে উপস্থিত দেখিয়া আনন্দিত হইয়া তাঁহাকে পূজা করিয়া বলিলেন—"বরাননে! আমি আপনাকে জানিতে ইচ্ছা করি, আপনি কে, তাহা বলুন" ॥১—২॥

---

(৩)...তব সত্যেন ভামিনি!—বা ব বা নি।

পতিব্রতাসি যুক্তা চ যমেন নিয়মেন চ।
দর্শয়িষ্যামি তে শক্রং দেবং বৃত্রনিষূদনম্ ॥৪॥
ক্ষিপ্রমন্বেহি ভদ্রং তে দ্রক্ষ্যসে সুরসত্তমম্।
ততস্তাং প্রস্থিতাং দেবীমিন্দ্রাণী সা সমন্বগাৎ ॥৫॥
দেবারণ্যান্যতিক্রম্য পর্ব্বতাংশ্চ বহূংস্ততঃ।
হিমবন্তমতিক্রম্য উত্তরং পার্শ্বমাগমৎ ॥৬॥
সমুদ্রঞ্চ সমাসাদ্য বহুযোজনবিস্তৃতম্।
আসসাদ মহাদ্বীপং নানাদ্রুমলতাবৃতম্ ॥৭॥
তত্রাপশ্যৎ সরো দিব্যং নানাশকুনিভির্বৃতম্।
শতযোজনবিস্তীর্ণং তাবদেবায়তং শুভম্ ॥৮॥

ভাবতকৌমুদী

পতীতি। যমেন অহিংসাদিনা, নিয়মেন উপবাসাদিনা ॥৪॥
ক্ষিপ্রমিতি। অন্বেহি মামনুগচ্ছ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥৫॥
দেবেতি। দেবারণ্যানি দেবসম্বন্ধীনি বনানি। উত্তরং পার্শ্বং হিমবত এব ॥৬॥
সমুদ্রমিতি। আসসাদ প্রাপ, উপশ্রুতিঃ শচী চেতি শেষঃ ॥৭॥
তত্রেতি। নানাশকুনিভির্বহুবিধপক্ষিভিঃ। শতেত্যাদিকন্তু বিশালতাপরম্ ॥৮॥

উপশ্রুতি বলিলেন—"দেবি! আমি উপশ্রুতি আপনার নিকট আসিয়াছি এবং ভাবিনি! আপনার সত্যধর্ম্মের বলে আপনার দৃষ্টিগোচর হইয়াছি ॥৩॥

আপনি পতিব্রতা এবং যম ও নিয়ম-যুক্তা; অতএব আমি আপনাকে সেই বৃত্রহন্তা ইন্দ্রদেবের দর্শন করাইব ॥৪॥

আপনার মঙ্গল হউক, আপনি সত্বর আমার অনুগমন করুন, তাহা হইলেই দেবশ্রেষ্ঠ ইন্দ্রকে দেখিতে পাইবেন"। তাহার পর উপশ্রুতিদেবী প্রস্থান করিলে শচীদেবী তাঁহার অনুগমন করিতে লাগিলেন ॥৫॥

তৎপরে তাঁহারা দেববন সকল, বহুতর পর্ব্বত এবং হিমালয় অতিক্রম করিয়া তাহার উত্তর পার্শ্বে যাইয়া উপস্থিত হইলেন ॥৬॥

ক্রমে তাঁহারা বহুযোজনবিস্তৃত একটা সমুদ্রের তীরে যাইয়া তাহার মধ্যে নানাবিধ বৃক্ষ-লতায় আবৃত একটা মহাদ্বীপ দেখিতে পাইলেন ॥৭॥

আবার সেই দ্বীপের মধ্যে দেখিলেন—শতযোজনবিস্তৃত, শতযোজনায়ত, মনোহর ও অলৌকিক একটা সরোবর রহিয়াছে; তাহার উপরে নানাবিধ পক্ষী উড়িয়া বেড়াইতেছে ॥৮॥

---

(৪) পতিব্রতা চ যুক্তা চ—বা ব বা নি। (৭)…বহুযোজনবিস্তরম্—পি।

তত্র দিব্যানি পদ্মানি পঞ্চবর্ণানি ভারত ! ।
ষট্‌পদৈরুপগীতানি প্রফুল্লানি সহস্রশঃ ॥৯॥
সরসস্তস্য মধ্যে তু পদ্মিনী মহতী শুভা ।
গৌরেণোন্নতনালেন পদ্মেন মহতা বৃতা ॥১০॥
পদ্মস্য ভিত্ত্বা নালঞ্চ বিবেশ সহিতা তয়া ।
বিসতন্তুপ্রবিষ্টঞ্চ তত্রাপশ্যচ্ছতক্রতুম্ ॥১১॥
তং দৃষ্ট্বা চ সুসূক্ষ্মেণ রূপেণাবস্থিতং প্রভুম্ ।
সূক্ষ্মরূপধরা দেবী বভূবোপশ্রুতিশ্চ সা ॥১২॥
ইন্দ্রং তুষ্টাব চেন্দ্রাণী বিশ্রুতৈঃ পূর্ব্বকর্ম্মভিঃ ।
স্তূয়মানস্ততো দেবঃ শচীমাহ পুরন্দরঃ ॥১৩॥

ভাবতকৌমুদী

তত্রেতি। পঞ্চবর্ণানি শ্বেত-রক্ত-নীল-পীত-হরিদ্বর্ণানি। প্রফুল্লানি বিকসিতানি ॥৯॥
সরস ইতি। পদ্মিনী পদ্মলতা। গৌরেণ শ্বেতেন ॥১০॥
পদ্মস্যেতি। সহিতা উপশ্রুতিঃ, তয়া শচ্যা। বিসতন্তুপ্রবিষ্টং মৃণালসূত্রান্তর্গতম্ ॥১১॥
তমিতি। প্রভুমিন্দ্রম্। দেবী শচী ॥১২॥
ইন্দ্রমিতি। বিশ্রুতৈর্বিখ্যাতৈঃ, পূর্ব্বকর্ম্মভির্বলসূদনাদিভিঃ ॥ ৩॥

ভরতনন্দন! সেই সরোবরে আবার শ্বেত, রক্ত, নীল, পীত ও হরিদ্বর্ণের সহস্র সহস্র দিব্য পদ্মপুষ্প প্রস্ফুটিত হইয়া রহিয়াছে এবং তাহার নিকট দিয়া ভ্রমরগণ গান করিয়া বেড়াইতেছে ॥৯॥

সেই সরোবরের মধ্যস্থানে বিশাল ও মনোহর একটা পদ্মিনী (পদ্মলতা) রহিয়াছে, তাহার উপরে আবার একটা শ্বেতবর্ণ, উন্নতনাল ও বিশাল পদ্ম প্রস্ফুটিত হইয়া আছে ॥১০॥

তখন উপশ্রুতিদেবী সেই পদ্মের নাল ভেদ করিয়া তাহার ভিতরে শচীদেবীর সহিত প্রবেশ করিলেন এবং সেখানে মৃণালসূত্রের অভ্যন্তরপ্রবিষ্ট অবস্থায় ইন্দ্রকে দর্শন করিলেন ॥১১॥

তখন উপশ্রুতি ও শচী অতিসূক্ষ্মরূপে অবস্থিত ইন্দ্রকে দর্শন করিয়া নিজেরাও অতিসূক্ষ্মরূপ ধারণ করিলেন ॥১২॥

তাহার পর শচীদেবী প্রসিদ্ধ প্রসিদ্ধ পূর্ব্বকর্ম্মের উল্লেখ করিয়া ইন্দ্রের স্তব করিলেন; তখন ইন্দ্র শচীদেবীকে বলিলেন—॥১৩॥

---

(১৩)...স্তূয়মানস্ততো দেবঃ—পি।

কিমর্থমসি সম্প্রাপ্তা বিজ্ঞাতশ্চ কথং ত্বহম্ ।
ততঃ সা কথয়ামাস নহুষস্য বিচেষ্টিতম্ ॥১৪॥
ইন্দ্রত্বং ত্রিষু লোকেষু প্রাপ্য বীর্য্যসমন্বিতঃ ।
দর্পাবিষ্টশ্চ দুষ্টাত্মা মামুবাচ শতক্রতো ! ॥১৫॥
উপতিষ্ঠেতি মাং ক্রূরঃ কালঞ্চ কৃতবান্ মম ।
যদি ন ত্রাস্যসি বিভো ! করিষ্যতি স মাং বশে ॥১৬॥
এতেন চাহং সংপ্রাপ্তা দ্রুতং শক্র ! তবান্তিকম্ ।
জহি রৌদ্রং মহাবাহো ! নহুষং পাপনিশ্চয়ম্ ॥১৭॥
প্রকাশয স্বমাত্মানং দৈত্যদানবসূদনম্ ।
তেজঃ সমাপ্নুহি বিভো ! দেবরাজ্যং প্রশাধি চ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাণীন্দ্রসংবাদে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

কিমিতি। সম্প্রাপ্তা আগতা, বিজ্ঞাতশ্চ ত্বযা। বিচেষ্টিতং ব্যবহারম্ ॥১৪॥
কথনপ্রকারমাহ—ইন্দ্রত্বমিতি। বীর্য্যসমন্বিতো নহুষঃ ॥১৫॥
কিমুবাচেত্যাহ উপেতি। উপতিষ্ঠ ভজ, মাং নহুষম্। কালং সঙ্গমকালনির্দ্দেশম্ ॥১২॥
এতেনেতি। এতেন হেতুনা, সংপ্রাপ্তা আগতা। রৌদ্রং ভয়ঙ্করম্ ॥১৭॥

"দেবি! তুমি কি জন্য আসিয়াছ? কি প্রকারেই বা তুমি আমাকে জানিলে?"। তাহার পর শচীদেবী নহুষের ব্যবহারের কথা বলিলেন—॥১৪॥

"দেবরাজ! বলবান্ ও দুরাত্মা নহুষ ত্রিভুবনে রাজত্ব লাভ করিয়া দর্পিত হইয়া আমাকে বলিয়াছে—॥১৫॥

'ইন্দ্রাণি! তুমি আমাকে ভজন কর' এবং ক্রূরস্বভাব নহুষ আমার সঙ্গমকালের নির্দ্দেশও করিয়াছেন; অতএব প্রভু! আপনি যদি আমাকে রক্ষা না করেন, তবে নহুষ আমাকে বশীভূত করিবে ॥১৬॥

দেবরাজ! এই জন্যই আমি আপনার নিকট দ্রুত আসিয়াছি; অতএব মহাবাহু! আপনি, ভয়ঙ্করপ্রকৃতি ও পাপমতি নহুষকে সংহার করুন ॥১৭॥

প্রভু! আপনি দৈত্যদানবনাশক আপন মূর্ত্তি প্রকাশ করুন, (পূর্ব্বের ন্যায়) তেজ ধারণ করুন এবং দেবরাজ্য শাসন করুন" ॥১৮॥

(১৬) উপতিষ্ঠেতি স ক্রূরঃ—বা ব রা নি। (১৭)...সংক্রান্তা প্রাপ্তা শক্র!—পি। (১৮) প্রকাশয়াত্মনাত্মানং দৈত্যদানবসূদন!।—বা ব রা, প্রকাশয়স্ব চাত্মানং দৈত্যদানবসূদন!। —নি।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

শল্য উবাচ।

এবমুক্তঃ স ভগবান্ শচ্যা তাং পুনরব্রবীৎ।
বিক্রমস্য ন কালোঽয়ং নহুষো বলবত্তরঃ ॥১॥
বিবর্দ্ধিতশ্চ ঋষিভির্হব্যৈঃ কব্যৈশ্চ ভাবিনি!।
নীতিমত্র বিধাস্যামি দেবি! তাং কর্ত্তুমর্হসি ॥২॥
গুহ্যঞ্চৈতত্ত্বয়া কার্য্যং নাখ্যাতব্যং শুভে! ক্বচিৎ।
গত্বা নহুষমেকান্তে ব্রবীহি তনুমধ্যমে। ॥৩॥

ভারতকৌমুদী

প্রেতি। স্বং স্বকীয়ম্, আত্মানং শরীরম্। তেজো বলম্ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জযানে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

এবমিতি। ভগবান্ ইন্দ্রঃ। তাং শচীম্। বলবত্তরো মদপেক্ষয়া ॥১॥

বীতি। দেবেভ্যো দেয়ানি দ্রব্যাণি হব্যানি, পিতৃভ্যো দেয়ানি চ কব্যানি তৈঃ ॥২॥

গুহ্যমিতি। গুহ্যং গুপ্তম্। একান্তে নির্জ্জনে। হে তনুমধ্যমে! কৃশমধ্যে! ॥৩॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৪॥ প্রহিতাং প্রস্থিতাম্ ॥৫—১৫॥ ত্রাস্যসি পালয়িষ্যসি, তদ্ভাব আর্যঃ ॥১৬—১৮॥

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥১৪॥

শল্য বলিলেন—"শচী এইরূপ বলিলে, ইন্দ্র পুনরায় তাঁহাকে বলিলেন—'এটা বিক্রম প্রকাশ করিবার সময় নহে। কারণ, নহুষ আমা অপেক্ষা বলবান্ ॥১॥

ভাবিনি! বিশেষতঃ, ঋষিরা হব্য ও কব্য দিয়া নহুষকে বাড়াইয়াছেন; অতএব এ বিষয়ে আমি একটা কৌশল করিব; দেবি! তুমি তাহাই কর ॥২॥

কল্যাণি! তুমি গোপনে এই কার্য্য করিবে, কোথাও বলিবে না। কৃশমধ্যে! তুমি যাইয়া নির্জ্জনে নহুষকে বল—॥৩॥

---

(১)…শচ্যা পুনরথাব্রবীৎ—পি। (২)…হব্যকব্যৈশ্চ ভামিনি।—নি।

ঋষিযানেন দিব্যেন মামুপৈহি জগৎপতে ! ।
এবং তব বশে প্রীতা ভবিষ্যামীতি তং বদ ॥৪॥
ইত্যুক্তা দেবরাজেন পত্নী সা কমলেক্ষণা ।
এবমস্ত্বিত্যথোক্ত্বা তু জগাম নহুষং প্রতি ॥৫॥
নহুষস্তাং ততো দৃষ্ট্বা সস্মিতো বাক্যমব্রবীৎ ।
স্বাগতং তে বরারোহে ! কিং করোমি শুচিস্মিতে ! ॥৬॥
ভক্তং মাং ভজ কল্যাণি ! কিমিচ্ছসি মনস্বিনি ! ।
তব কল্যাণি ! যৎ কার্য্যং তৎ করিষ্যে সুমধ্যমে ! ॥৭॥
ন চ ব্রীড়া ত্বয়া কার্য্যা সুশ্রোণি ! ময়ি বিশ্বসেঃ ।
সত্যেন বৈ শপে দেবি ! করিষ্যে বচনং তব ॥৮॥

ভারতকৌমুদী

ঋষীতি । ঋষিভির্বাহ্যং যানম্ ঋষিযানং তেন, দিব্যেন অলৌকিকেন ॥৪॥
ইতীতি । পত্নী দেবরাজস্যৈব, সা শচী ॥৫॥
নহুষ ইতি । সস্মিতঃ সমৃদুহাসঃ । স্বাগতং সুখেনাগমনং কিম্ ॥৬॥
ভক্তমিতি । ভক্তং ত্বদনুরক্তম্ । হে মনস্বিনি ! প্রশস্তচিত্তে ! ॥৭॥
নেতি । ব্রীড়া লজ্জা । শপে শপথং করোমি ॥৮॥

"'জগৎপতি ! আপনি অলৌকিক ঋষিযানে আরোহণ করিয়া আমার নিকট আসুন । এইরূপ করিলেই আমি আনন্দিত হইয়া আপনার বশীভূত হইব' এই-ভাবেই নহুষকে বলিবে" ॥৪॥

দেবরাজ এই কথা বলিলে, পদ্মনয়না শচীদেবী 'এইরূপই হউক' এই কথা বলিয়া নহুষের নিকট চলিয়া গেলেন ॥৫॥

তাহার পর নহুষ তাঁহাকে দেখিয়া মৃদু হাস্য করিয়া এই কথা বলিল— "সুনিতম্বে ! তোমার শুভাগমন ত ? শুচিস্মিতে ! আমি তোমার কি করিব ॥৬॥

কল্যাণি ! আমি তোমার ভক্ত ; সুতরাং তুমি আমাকে ভজন কর ; মনস্বিনি ! তুমি কি ইচ্ছা করিতেছ ? কল্যাণি ! সুমধ্যমে ! তোমার যে কার্য্য আছে, আমি তাহা করিব ॥৭॥

সুনিতম্বে ! তুমি লজ্জা করিবে না, আমার উপরে বিশ্বাস করিবে । দেবি ! আমি সত্য করিয়া শপথ করিতেছি—তোমার বাক্য রক্ষা করিব" ॥৮॥

(৬)···বিস্মিতো বাক্যমব্রবীৎ—পি ।

ইন্দ্রাণ্যুবাচ।

যো মে কৃতস্ত্বয়া কালস্তমাকাঙ্ক্ষে জগৎপতে!।
ততস্ত্বমেব মে ভর্ত্তা ভবিষ্যসি সুরাধিপ! ॥৯॥
কার্য্যঞ্চ হৃদি মে যত্তদ্দেবরাজাবধারয়।
বক্ষ্যামি যদি মে রাজন্! প্রিয়মেতৎ করিষ্যসি ॥১০॥
বাক্যং প্রণয়সংযুক্তং ততঃ স্যাং বশগা তব।
ইন্দ্রস্য বাজিনো বাহা হস্তিনোঽথ রথাস্তথা ॥১১॥ (যুগ্মকম্)
ইচ্ছাম্যহমিহাপূর্ব্বং বাহনং তে সুরাধিপ!।
যন্ন বিষ্ণোর্ন রুদ্রস্য ন সুরাণাং ন রক্ষসাম্ ॥১২॥
বহন্তু ত্বাং মহভাগা ঋষয়ঃ সঙ্গতা বিভো!।
সর্ব্বে শিবিকয়া রাজন্নেতদ্ধি মম রোচতে ॥১৩॥

ভারতকৌমুদী

য ইতি। কালঃ সঙ্গমকালনির্দ্দেশঃ ॥৯॥

কার্য্যমিতি। অবধারয় আকর্ণয়। এতৎ প্রণয়সংযুক্তং মে প্রিয়ং বাক্যং যদি করিষ্যসি, ততস্তদা তব বশগা স্যাম্। বাহা বাহনান্যাসন্ ॥১০—১১॥

ইচ্ছামীতি। অপূর্ব্বং পূর্ব্বমবিদ্যমানম্। যন্ন বর্ত্ততে ॥১২॥

কিং তদপূর্ব্বং বাহনমিত্যাহ—বহন্ত্বিতি। সঙ্গতা মিলিতাঃ। এতৎ ঋষিবাহনম্ ॥১৩॥

শচী বলিলেন—"দেবরাজ! জগৎপতি! আপনি আমার বিষয়ে যে কাল নির্দ্দিষ্ট করিয়াছেন, আমি তাহার কামনা করি। তাহার পর, আপনিই আমার ভর্ত্তা হইবেন ॥৯॥

দেবরাজ! আমার মনে যে কার্য্য রহিয়াছে, তাহা আমি বলিব, আপনি শ্রবণ করুন। রাজা! আপনি যদি আমার এই প্রণয়যুক্ত প্রীতিকর বাক্য রক্ষা করেন, তবে আমি আপনার বশবর্ত্তিনী হইব। দেখুন—হস্তী, অশ্ব ও রথ ইন্দ্রের বাহন ছিল ॥১০—১১॥

দেবরাজ! আমি এখন আপনার অপূর্ব্ব (পূর্ব্বে যাহা কেহ করে নাই, এমন) বাহন ইচ্ছা করি; যাহা বিষ্ণুর বা শিবের, কিংবা অন্যান্য দেবতার বা রাক্ষসদের নাই ॥১২॥

প্রভু! রাজা! মহাত্মা ঋষিরা সকলে মিলিত হইয়া শিবিকায় (ডুলিতে) করিয়া আপনাকে বহন করুন, ইহাই আমার ইচ্ছা ॥১৩॥

---

(১৩) বহন্তু ত্বাং মহাভীমাঃ—পি।

নাসুরেষু ন দেবেষু তুল্যা ভবিতুমর্হসি।
সর্ব্বেষাং তেজ আদৎসে স্বেন বীর্য্যেণ দর্শনাৎ।
ন তে প্রমুখতঃ স্থাতুং কশ্চিচ্ছক্নোতি বীর্য্যবান্ ॥১৪॥

শল্য উবাচ।

এবমুক্তস্তু নহুষঃ প্রাহৃষ্যত তদা কিল।
উবাচ বচনঞ্চাপি সুরেন্দ্রস্তামনিন্দিতাম্ ॥১৫॥

নহুষ উবাচ।

অপূর্ব্বং বাহনমিদং ত্বয়োক্তং বরবর্ণিনি।।
দৃঢ়ং মে রুচিতং দেবি! ত্বদ্বশোঽস্মি বরাননে! ॥১৬॥
নহ্যল্পবীর্য্যো ভবতি যো বাহান্ কুরুতে মুনীন্।
অহং তপস্বী বলবান্ ভূতভব্যভবৎপ্রভুঃ ॥১৭॥
ময়ি ক্রুদ্ধে জগন্ন স্যান্ময়ি সর্ব্বং প্রতিষ্ঠিতম্।
দেবদানবগন্ধর্ব্বাঃ কিন্নরোরগরাক্ষসাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

ঋষিবাহনে কিং কারণমিত্যাহ—নেতি। ষষ্ঠ্যর্থে সপ্তমীদ্বয়ম্। যদি ঋষয়ো মে শাপং দাস্যন্তীত্যাহ—সর্ব্বেষামিতি। প্রমুখতঃ সম্মুখে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

এবমিতি। সুরেন্দ্রো দেবরাজীভূতো নহুষ ইতি সম্বন্ধঃ ॥১৫॥

অপূর্ব্বমিতি। অপূর্ব্বং পূর্ব্বং কেনাপ্যকৃতম্। রুচিতম্ অভিপ্রেতম্ ॥১৬॥

নহীতি। ভূতভব্যভবৎপ্রভুঃ অতীতানাগতবর্ত্তমানসর্ব্বকার্য্যনিয়ন্তা ॥১৭॥

ময়ীতি। ন স্যাৎ ন তিষ্ঠেৎ। দেবাদয়োঽপি প্রতিষ্ঠিতা ইত্যর্থঃ ॥১৮॥

কারণ, আপনি অসুরদের বা দেবতাদের সমান হইতে পারেন না। তা'র পর, আপনি দর্শনমাত্রেই আপন প্রভাবে সকলেরই তেজ গ্রহণ করিয়া থাকেন; সুতরাং কোন বলবান্‌ই আপনার সম্মুখে থাকিতে পারেন না" ॥১৪॥

শল্য বলিলেন—"শচী এইরূপ বলিলে, দেবরাজ নহুষ তখন অত্যন্ত আনন্দিত হইল এবং আনন্দিতা শচীকে এই কথা বলিল ॥১৫॥

নহুষ বলিল—"বরবর্ণিনি! তুমি এটা অপূর্ব্ব বাহনের কথাই বলিয়াছ, আমারও এটা অত্যন্ত অভিপ্রেত হইয়াছে; সুতরাং দেবি! বরাননে! আমি তোমার বশীভূত হইলাম ॥১৬॥

যে লোক অল্পবীর্য্য হয়, সে লোক মুনিগণকে বাহন করিতে পারে না; কিন্তু আমি তপস্বী, বলবান্ এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নিয়ন্তা ॥১৭॥

আমি ক্রুদ্ধ হইলে জগৎটাই থাকে না এবং আমাতেই সকল রহিয়াছে;

ন মে ক্রুদ্ধস্য পর্য্যাপ্তাঃ সর্ব্বে লোকাঃ শুচিস্মিতে!।
চক্ষুষা যং প্রপশ্যামি তস্য তেজো হরাম্যহম্ ॥১৯॥
অহমিন্দ্রোঽস্মি দেবানাং লোকানাঞ্চ মহেশ্বরঃ।
ময়ি হব্যঞ্চ কব্যঞ্চ লোকাশ্চৈব সনাতনাঃ।
তস্মাত্তে বচনং দেবি! করিষ্যামি ন সংশয়ঃ ॥২০॥
সপ্তর্ষয়ো মাং বক্ষ্যন্তি সর্ব্বে ব্রহ্মর্ষয়স্তথা।
পশ্য মাহাত্ম্যমস্মাকমৃদ্ধিঞ্চ ববর্ণিনি! ॥২১॥

শল্য উবাচ।

এবমুক্ত্বা তু তাং দেবীং বিসৃজ্য চ বরাননাম্।
অথ সঞ্চিন্ত্য নহুষো বলবীর্য্যেণ ভাবত! ॥২২॥
বিসৃজ্য সুপ্রতীকঞ্চ নাগমৈরাবতং তথা।
হংসযুক্তং বিমানঞ্চ হরিযুক্তং তথা রথম্ ॥২৩॥

ভাবতকৌমুদী

নেতি। পর্য্যাপ্তা নিরোধে সমর্থাঃ ॥১৯॥
অহমিতি। "হব্যকব্যে দৈবপৈত্রে" ইত্যমবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
সপ্তেতি। বক্ষ্যন্তি শিবিকযা বহন্তো গন্তব্যদেশং নেষ্যন্তি। ঋদ্ধিমৈশ্বর্য্যম্ ॥২১॥
এবমিতি। তাং শচীম্। বলবীর্য্যেণ বলবিক্রমানুসাবেণ সঞ্চিন্ত্য। সুপ্রতীকং তদাখ্যম্

এমন কি দেব, দানব, গন্ধর্ব্ব, কিন্নব, নাগ এবং বাক্ষসগণও আমাতেই বহিয়াছে ॥১৮॥

শুভ্রহাসিনি! আমি ক্রুদ্ধ হইলে, সমগ্র জগৎও আমাকে রোধ কবিতে সমর্থ হয না। কারণ, আমি যাহাব প্রতি দৃষ্টিপাত কবি, তাহাবই তেজ হরণ করিয়া থাকি ॥১৯॥

আমি দেবগণেব ইন্দ্র, আমি সমস্ত লোকেব মহেশ্বব এবং আমাতেই হব্য, কব্য ও সনাতন লোকপ্রবাহ বহিয়াছে; অতএব দেবি! আমি তোমাব বাক্য বক্ষা করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২০॥

সপ্তর্ষিবা ও ব্রহ্মর্ষিবা সকলেই আমাকে বহন কবিবেন। বরবর্ণিনি! তুমি আমার মাহাত্ম্য ও সমৃদ্ধি দেখ" ॥২১॥

শল্য বলিলেন—"ভবতনন্দন! ব্রাহ্মণগণেব অহিতৈষী, বলবান্, মদমত্ত,

(২০) পূর্ব্বপাদচতুষ্টয়ং পি বা ব রা নাস্তি। (২১)...পশ্য মাহাত্ম্যযোগং মে ঋদ্ধিঞ্চ—বা ব রা নি। (২২) অথেত্যারভ্য মহামুনীনিত্যন্তঃ পাঠঃ পি বা ব রা নাস্তি।

স তু দর্পেণ মহতা পরিভূয় মহামুনীন্।
বিমানে যোজয়িত্বা চ ঋষীন্ নিয়মমাস্থিতান্ ॥২৪॥
অব্রহ্মণ্যো বলোপেতো মত্তো মদবলেন চ।
কামবৃত্তঃ স দুষ্টাত্মা বাহয়ামাস তানৃষীন্ ॥২৫॥ (কলাপকম্)
নহুষেণ বিসৃষ্টা চ বৃহস্পতিমথাব্রবীৎ।
সময়োঽল্পাবশেষো মে নহুষেণেহ যঃ কৃতঃ ॥২৬॥
শক্রং মৃগয় শীঘ্রং ত্বং ভক্তায়াঃ কুরু মে দয়াম্।
বাঢ়মিত্যেব ভগবান্ বৃহস্পতিরুবাচ তাম্ ॥২৭॥
ন ভেতব্যং ত্বয়া দেবি! নহুষাদ্দুষ্টচেতসঃ।
ন হ্যসৌ স্থাস্যতি চিরং গত এষ নরাধমঃ ॥২৮॥
অধর্ম্মজ্ঞো মহর্ষীণাং বাহনাচ্চ হতঃ শুভে!।
ইষ্টিঞ্চাহং করিষ্যামি বিনাশায়াস্য দুর্ম্মতেঃ ॥২৯॥

ভারতকৌমুদী

ঐরাবতঞ্চ নাগং হস্তিনম্। হরিযুক্তং সদশ্বযুক্তং রথঞ্চ বিসৃজ্য বিহায়। নিয়মমুপবাসাদিকম্, আস্থিতান্ আশ্রিতান্। অব্রহ্মণ্যো ব্রাহ্মণানামহিতঃ ॥২২—২৫॥

নহুষেণেতি। বিসৃষ্টা শচী চ। সময়ঃ সঙ্গমায নির্দ্দিষ্টঃ কালঃ ॥২৬॥

শক্রমিতি। মৃগয় অন্বিষ্য। বাঢ়ং ধ্রুবমেব মৃগযামীত্যর্থঃ ॥২৭॥

নেতি। গতো মৃত এবেত্যর্থঃ, আত্মন এব দুরাচাবাদিতি ভাবঃ ॥২৮॥

কামাকুলচিত্ত ও দুবাত্মা সেই নহুষ এইরূপ বলিয়া, বরাননা শচীদেবীকে বিদায় দিযা, নিজেব বলবিক্রম অনুসাবে চিন্তা কবিয়া, সুপ্রতীক ও ঐরাবতহস্তী, হংসযুক্ত বিমান এবং উৎকৃষ্ট ঘোটকযুক্ত বথ পরিত্যাগ কবিয়া, গুরুতর দর্পে মহর্ষিদিগকে অপমানিত কবিয়া, উপবাসাদিনিয়মাবলম্বী সেই মহর্ষিদিগকে বিমানে যোজিত করিয়া, তাঁহাদেব দ্বারা তাহা বহন করাইতে লাগিল ॥২২—২৫॥

এদিকে নহুষ বিদায় দিলে পব শচীদেবী যাইয়া বৃহস্পতিকে বলিলেন—"নহুষ যে সময় নির্দ্দিষ্ট করিয়াছিল, তাহাব ত অল্পমাত্র অবশিষ্ট আছে ॥২৬॥

অতএব আপনি সত্বর ইন্দ্রের অন্বেষণ করুন; আমি আপনাব ভক্তা, আমাব প্রতি দয়া করুন"। তখন ভগবান্ বৃহস্পতি তাঁহাকে বলিলেন—"অবশ্যই অন্বেষণ করিব ॥২৭॥

দেবি! আপনি দুবাত্মা নহুষের ভয় করিবেন না। কাবণ, ও চিরকাল থাকিবে না, সে নরাধম ত গিয়াছে ॥২৮॥

---

(২৮)···ন হ্যেব স্থাস্যতি—বা ব রা নি।

শক্রঞ্চাধিগমিষ্যামি মা ভৈস্ত্বং ভদ্রমস্তু তে।
ততঃ প্রজ্বাল্য বিধিবজ্জুহাব পরমং হবিঃ ॥৩০॥
বৃহস্পতির্মহাতেজা দেবরাজোপলব্ধয়ে।
হুত্বাগ্নিং সোঽব্রবীদ্রাজন্! শক্রমন্বিষ্যতামিতি ॥৩১॥
তস্মাচ্চ ভগবান্ দেবঃ স্বয়মেব হুতাশনঃ।
স্ত্রীবেশমদ্ভুতং কৃত্বা তত্রৈবান্তরধীয়ত ॥৩২॥
স দিশঃ প্রদিশশ্চৈব পর্ব্বতাংশ্চ বনানি চ।
পৃথিবীঞ্চান্তরীক্ষঞ্চ বিচিত্যাথ মনোগতিঃ।
নিমেষান্তরমাত্রেণ বৃহস্পতিমুপাগমৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

অধর্ম্মেতি। হতো হতায়ুঃ। ইষ্টিং যজ্ঞম্ ॥২৯॥
শক্রমিতি। অধিগমিষ্যামি যজ্ঞপ্রভাবাদেব লপ্স্যে। প্রজ্বাল্য অগ্নিম্ ॥৩০॥
বৃহস্পতিরিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অন্বিষ্যতাং মার্গয়তু ॥৩১॥
তস্মাদিতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্, অতএব স্ত্রীবেশকরণাদিকম্ ॥৩২॥
স ইতি। প্রদিশো বিদিশঃ। বিচিত্য অন্বিষ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

ভাবতভাবদীপঃ

এবমিতি ॥১—২০॥ মাং বক্ষ্যন্তি মম বহনং করিষ্যন্তি ॥২১—৩০॥ অন্বিষ্যতাম্ অনুগচ্ছতু ভবান্, ইষ গতাবিত্যস্য বিবাদে রূপম্ ॥৩১—৩৭॥

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

কল্যাণি! নহুষ একে পাপিষ্ঠ, তাহাতে আবার মহর্ষিগণকে বাহন করায় উহার আয়ুঃশেষ হইয়াছে এবং আমিও ঐ দুর্ম্মতির বিনাশের জন্য যজ্ঞ করিব ॥২৯॥

এবং ঐ যজ্ঞের ফলে ইন্দ্রকে লাভ করিব; অতএব আপনি ভয় করিবেন না, আপনার মঙ্গল হইবে।" তাহার পর বৃহস্পতি অগ্নি প্রজ্বালিত করিয়া তাহাতে যথাবিধানে উত্তম হবি দ্বারা হোম করিলেন ॥৩০॥

রাজা! মহাতেজা বৃহস্পতি ইন্দ্রকে পাইবার জন্য হোম করিয়া অগ্নিকে বলিলেন—"অগ্নিদেব! আপনি ইন্দ্রের অন্বেষণ করুন" ॥৩১॥

বৃহস্পতির সেই অনুরোধে ভগবান্ অগ্নিদেব নিজেই অদ্ভুত স্ত্রীবেশ ধারণ করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৩২॥

তাহার পর মনের ন্যায় দ্রুতগামী অগ্নিদেব দিক্, বিদিক্, পর্ব্বত, বন,

---

(৩১)...শক্র অন্বিষ্যতামিতি—নি।

অগ্নিরুবাচ।

বৃহস্পতে! ন পশ্যামি দেবরাজমিহ ক্বচিৎ।
আপঃ শেষাঃ সদা চাপঃ প্রবেষ্টুং নোৎসহাম্যহম্ ॥৩৪॥
ন মে তত্র গতির্ব্রহ্মন্! কিমন্যৎ করবাণি তে।
তমব্রবীদ্দেবগুরুরপো বিশ মহাদ্যুতে! ॥৩৫॥

অগ্নিরুবাচ।

নাপঃ প্রবেষ্টুং শক্ষ্যামি ক্ষয়ো মেঽত্র ভবিষ্যতি।
শরণং ত্বাং প্রপন্নোঽস্মি স্বস্তি তেঽস্তু মহামতে। ॥৩৬॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে বৃহস্পত্যগ্নিসংবাদে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

ভাবতকৌমুদী

বৃহস্পত ইতি। আপো জলানি, শেষা অন্বেষণে অবশিষ্টাঃ। অপো জলানি। নোৎসহামি নোৎসহে ন শক্নোমি, নির্ব্বাণাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৩৪॥

নেতি। তত্র অপ্সু। অপো জলানি, বিশ, আত্মনো মহাপ্রভাবাদেবেতি ভাবঃ ॥৩৫॥

নেতি। অত্র অপ্সু প্রবেশে। স্বস্তি মঙ্গলম্ ॥৩৬॥

অদ্ভ্য ইতি। অদ্ভ্যো জলাদগ্নিঃ; ব্রহ্মতো ব্রাহ্মণাৎ, ক্ষত্রং ক্ষত্রিয়ঃ; অশ্মনঃ পাষাণাৎ,

---

পৃথিবী ও আকাশ অন্বেষণ করিয়া নিমেষকালমধ্যেই আবার বৃহস্পতির নিকট আসিলেন ॥৩৩॥

অগ্নি বলিলেন—"বৃহস্পতি! আমি এই জগতে কোথাও দেবরাজকে দেখিতে পাইলাম না। এখন অন্বেষণ করিতে মাত্র জল অবশিষ্ট আছে; কিন্তু আমি সর্ব্বদাই জলে প্রবেশ করিতে সমর্থ হই না ॥৩৪॥

ব্রাহ্মণ! জলে আমার গমন সম্ভবপর হয় না; অতএব আমি আপনার আর কি করিব—(বলুন)'। তখন বৃহস্পতি পুনরায় অগ্নিকে বলিলেন—"মহাতেজা! আপনি জলেই প্রবেশ করুন" ॥৩৫॥

অগ্নি বলিলেন—"মহামতি বৃহস্পতি! আমি জলে প্রবেশ করিতে পারিব না। কারণ, তাহাতে আমার বিনাশ হইবে; সুতরাং আমি আপনার শরণাগত হইলাম, আপনার মঙ্গল হউক ॥৩৬॥

---

(৩৬) আপঃ প্রবেষ্টুং শক্নোমি—পি,···তেঽস্তু মহাদ্যুতে।—বা ব রা নি।

ষোড়শোঽধ্যায়ঃ।

—৹⁂৹—

বৃহস্পতিরুবাচ।

ত্বমগ্নে! সর্ব্বদেবানাং মুখং ত্বমসি হব্যবাট্।
ত্বমন্তঃ সর্ব্বভূতানাং গূঢ়শ্চরসি সাক্ষিবৎ ॥১॥
ত্বামাহুরেকং কবয়স্ত্বামাহুস্ত্রিবিধং পুনঃ।
ত্বয়া ত্যক্তং জগচ্চেদং সদ্যো নশ্যেদ্ধুতাশন! ॥২॥
কৃত্বা তুভ্যং নমো বিপ্রাঃ স্বকর্ম্মবিজিতাং গতিম্।
গচ্ছন্তি সহ পত্নীভিঃ সুতৈরপি চ শাশ্বতীম্ ॥৩॥

ভাবতকৌমুদী

লোহঞ্চ, উত্থিতমুৎপন্নম্। তেষামগ্নিক্ষত্রলোহানাং মধ্যে সর্ব্বত্রগং তেজঃ অগ্নিঃ, স্বাসু যোনিষু কারণীভূতাসু অপ্সু, শাম্যতি নশ্যতি ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

—৹⁂৹—

ত্বমিতি। "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেঃ। তত্র হেতুমাহ—ত্বমিতি ॥১॥

ত্বামিতি। একং জঠরানলরূপেণ, ত্রিবিধং দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়রূপেণ ॥২॥

কৃত্বেতি। নমঃপদমর্চ্চনামাত্রপরম্। শাশ্বতীং চিরন্তনীম্ ॥৩॥

(দেখুন—) জল হইতে অগ্নি, ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয় এবং পাষাণ হইতে লৌহ উৎপন্ন হইয়াছে। সেগুলির মধ্যে সর্ব্বত্রগামী অগ্নি আপন কারণ জলেই বিনষ্ট হইয়া থাকে" ॥৩৭॥

—৹⁂৹—

বৃহস্পতি বলিলেন—"অগ্নিদেব! আপনি হব্যবাহী; সুতরাং আপনিই সকল দেবতার মুখস্বরূপ এবং আপনি সাক্ষীর ন্যায় সকল প্রাণীর অন্তরে গুপ্ত অবস্থায় বিচরণ করিয়া থাকেন ॥১॥

হুতাশন! জ্ঞানীরা আপনাকে এক, আবার ত্রিবিধ বলিয়া থাকেন। আর আপনি ত্যাগ করিলে, এই জগৎ তৎক্ষণাৎ বিনষ্ট হয় ॥২॥

দেব! ব্রাহ্মণেরা আপনার অর্চ্চনা করিয়া পুত্র-কলত্রাদির সহিত স্বকর্ম্মবিজিত স্থায়ী স্বর্গ লাভ করিয়া থাকেন ॥৩॥

---

(৩)...স্বধর্ম্মবিজিতাম্—পি।

ত্বমেবাগ্নে ! হব্যবাহস্ত্বমেবং পরমং হবিঃ ।
যজন্তি সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ পরমাধ্বরে ॥৪॥
সৃষ্ট্বা লোকাংস্ত্রীনিহ হব্যবাহ ! প্রাপ্তে কালে পচসি পুনঃ সমিদ্ধঃ ।
ত্বং সর্ব্বস্য ভুবনস্য প্রসূতিস্ত্বমেবাগ্নে ! ভবসি পুনঃ প্রতিষ্ঠা ॥৫॥
ত্বামগ্নে ! জলদানাহুর্বিদ্যুতশ্চ মনীষিণঃ ।
দহন্তি সর্ব্বভূতানি ত্বত্তো নিষ্ক্রম্য ভানবঃ ॥৬॥
ত্বয্যাপো নিহিতাঃ সর্ব্বাস্ত্বয়ি সর্ব্বমিদং জগৎ ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিত্ত্রিষু লোকেষু পাবক ! ॥৭॥
স্বযোনিং ভজতে সর্ব্বো বিশস্বাপোঽবিশঙ্কিতঃ ।
অহং ত্বাং বর্দ্ধয়িষ্যামি ব্রাহ্মৈর্মন্ত্রৈঃ সনাতনৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সত্রৈঃ "সপ্তদশাবরা ঋদ্ধিকামাঃ সত্রমুপাসীরন্" ইতি শ্রুত্যুক্তরূপৈঃ ॥৪॥

ব্রহ্মরূপেণ স্তৌতি—সৃষ্ট্বেতি। পচসি সংহরসি, সমিদ্ধঃ অতীবদীপ্তঃ। প্রসূতিরুৎপত্তিস্থানম্, প্রতিষ্ঠা লয়স্থানম্, সন্দংশপাতন্যায়াৎ স্থিতিস্থানঞ্চ ॥৫॥

ত্বামিতি। জলদানাহুঃ দ্রব্যাস্তরসাহিত্যেন। ভানবঃ কিরণাঃ ॥৬॥

ত্বয়ীতি। আপো জলানি, নিহিতাঃ স্থিতাঃ, জগদপি স্থিতম্ ॥৭॥

স্বেতি। হে অগ্নে! সর্ব্ব এব পদার্থঃ, স্বযোনিং নিজকারণম্, ভজতে কদাচিদাশ্রয়তি; শস্যাদিঃ ক্ষিত্যাদিমিবেতি ভাবঃ। অতএব ত্বমবিশঙ্কিতঃ সন্নেব, অপো জলম্, বিশস্ব প্রবিশ। ক্ষয়সম্ভবেঽপি অহং সনাতনৈর্ব্রাহ্মৈর্মন্ত্রৈস্ত্বাং বর্দ্ধয়িষ্যামি ॥৮॥

অগ্নিদেব! আপনিই হব্যবাহ, আপনিই পরম হবি এবং যাজ্ঞিকেরা মহাযজ্ঞে সত্রপ্রভৃতি হোমদ্বারা আপনারই পূজা করিয়া থাকেন ॥৪॥

হব্যবাহ! আপনি এই ত্রিভুবন সৃষ্টি করিয়া আবার কাল উপস্থিত হইলে প্রদীপ্ত হইয়া সংহার করিয়া থাকেন; সুতরাং অগ্নিদেব! আপনিই এই সমগ্র জগতের উৎপত্তিস্থান আবার লয়স্থান হইয়া থাকেন ॥৫॥

অগ্নিদেব! জ্ঞানীরা আপনাকেই মেঘ ও বিদ্যুৎ বলিয়া থাকেন এবং কিরণ সকল আপনা হইতে নির্গত হইয়া সমস্ত পদার্থ দগ্ধ করে ॥৬॥

পাবক! সমস্ত জল আপনাতে রহিয়াছে, এমন কি, এই সমগ্র জগৎটাই আপনাতে আছে এবং ত্রিভুবনেই আপনার অবিদিত কিছু নাই ॥৭॥

তা'র পর, সকলেই আপন আপন কারণকে আশ্রয় করিয়া থাকে; অতএব

---

(৪)···সত্রৈস্ত্বামেব যজ্ঞৈশ্চ যজন্তি পরমাধ্বরে—পি। (৫) ত্বং সর্ব্বস্যাস্য জগতঃ—পি।
(৬)···বিদ্যুতশ্চ ত্বমেব হি—পি,···বহন্তি সর্ব্ব—নি।

এবং স্তুতো হব্যবাট্ স ভগবান্ কবিরুত্তমঃ।
বৃহস্পতিমথোবাচ প্রীতিমান্ বাক্যমুত্তমম্।
দর্শয়িষ্যামি তে শক্রং সত্যমেতদ্ব্রবীমি তে ॥৯॥

শল্য উবাচ।

প্রবিশ্যাপস্ততো বহ্নিঃ সসমুদ্রাঃ সপল্বলাঃ।
আজগাম সরস্তত্তু গূঢ়ো যত্র শতক্রতুঃ ॥১০॥
অথ তত্রাপি পদ্মানি বিচিন্বন্ ভরতর্ষভ!।
অন্বপশ্যৎ স দেবেন্দ্রং বিসমধ্যগতং স্থিতম্ ॥১১॥
আগত্য চ ততস্তূর্ণং তমাচষ্ট বৃহস্পতেঃ।
অণুমাত্রেণ বপুষা পদ্মতন্ত্বাশ্রিতং প্রভুম্ ॥১২॥

ভাবতকৌমুদী

এবমিতি। হব্যবাট্ অগ্নিঃ। কবিরুদ্ভাবনকুশলঃ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥৯॥
প্রেতি। অপো জলানি। সপল্বলাঃ ক্ষুদ্রজলাশযসহিতাঃ ॥১০॥
অথেতি। বিচিন্বন্ অন্বিষ্যন্। বিসমধ্যগতং মৃণালান্তর্গতম্ ॥১১॥
আগত্যেতি। বৃহস্পতেঃ সমীপে। অণুমাত্রেণ অতিসূক্ষ্মেণ ॥১২॥

অগ্নিদেব! আপনিও নিঃশঙ্কচিত্তে জলে প্রবেশ করুন। ক্ষয়সম্ভাবনা হইলে, আমিই সনাতন ব্রাহ্ম মন্ত্রদ্বাবা আপনাকে বর্দ্ধিত করিব" ॥৮॥

বৃহস্পতি এইভাবে স্তব কবিলে, শ্রেষ্ঠ উদ্ভাবনানিপুণ ও মাহাত্ম্যশালী সেই অগ্নিদেব আনন্দিত হইযা বৃহস্পতিকে এই উত্তম বাক্য বলিলেন—"দেবগুরু! আমি আপনাকে ইন্দ্রদর্শন কবাইব, ইহা আমি আপনাব নিকট সত্য বলিতেছি" ॥৯॥

শল্য বলিলেন—"তাহাব পর অগ্নিদেব সমুদ্র হইতে ক্ষুদ্র জলাশয়পর্য্যন্ত সমস্ত জলে প্রবেশ কবিয়া (দেখিয়া) পরে সেই সবোবব আসিলেন, যেখানে ইন্দ্র গুপ্তভাবে বহিয়াছিলেন ॥১০॥

ভবতশ্রেষ্ঠ! তৎপরে অগ্নিদেব তত্রত্য সকল পদ্ম অন্বেষণ কবিয়া একটী পদ্মেব মৃণালসূত্রেব অভ্যন্তবস্থিত ইন্দ্রকে দেখিতে পাইলেন ॥১১॥

তদনন্তব তিনি সে স্থান হইতে সত্বব আসিয়া বৃহস্পতিব নিকট বলিলেন যে, দেববাজ অতিসূক্ষ্মশরীবে পদ্মেব মৃণালসূত্রেব ভিতরে বহিয়াছেন ॥১২॥

---

(১০)…আসসাদ সবস্তচ্চ—বা ব বা নি। (১১)…অপশ্যৎ স তু দেবেন্দ্রং বিসমধ্যগতং তদা—বা ব রা নি। (১২)…তমাহ চ—পি।

গত্বা দেবর্ষিগন্ধর্বৈঃ সহিতোহথ বৃহস্পতিঃ।
পুরাণৈঃ কর্ম্মভির্দেবং তুষ্টাব বলসূদনম্ ॥১৩॥
মহাসুরো হতঃ শক্র ! নমুচির্দারুণস্ত্বয়া।
শম্বরশ্চ বলশ্চৈব তথোভৌ ঘোরবিক্রমৌ ॥১৪॥
শতক্রতো ! বিবর্দ্ধস্ব সর্ব্বান্ শত্রূন্ নিসূদয়।
উত্তিষ্ঠ শক্র ! সংপশ্য দেবর্ষীংশ্চ সমাগতান্ ॥১৫॥
মহেন্দ্র ! দানবান্ হত্বা লোকাস্ত্রাতাস্ত্বয়া প্রভো ! ।
অপাং ফেনং সমাসাদ্য বিষ্ণুতেজোহভিবৃংহিতম্।
ত্বয়া বৃত্রো হতঃ পূর্ব্বং দেবরাজ ! জগৎপতে ! ॥১৬॥
ত্বং সর্ব্বভূতেষু বরেণ্য ইজ্যস্ত্বয়া সমং বিদ্যতে নেহ ভূতম্।
ত্বয়া ধার্য্যন্তে সর্ব্বভূতানি শক্র ! ত্বং দেবানাং মহিমানং চকর্থ ॥১৭॥

ভারতকৌমুদী

গত্বেতি। পুরাণৈঃ প্রাচীনৈঃ। বলসূদনমিন্দ্রম্ ॥১৩॥
মহেতি। শম্বরশ্চ বলশ্চ এতাবুভৌ ঘোরবিক্রমৌ মহাসুরৌ, তথা হতৌ ॥১৪॥
শতেতি। বিবর্দ্ধস্ব পূর্ব্ববদেব বর্দ্ধিতশরীরো ভব। নিসূদয় সংহর ॥১৫॥
মহেন্দ্রেতি। বিষ্ণুতেজসা অভিবৃংহিতং সর্ব্বথা বর্দ্ধিতশক্তিকম্। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥১৬॥
ত্বমিতি। বরেণ্যো বর্য্যঃ, ইজ্যঃ পূজ্যঃ, সমং তুল্যম্, ভূতং প্রাণী ॥১৭॥

তাহার পর বৃহস্পতি—দেবগণ, ঋষিগণ ও গন্ধর্ব্বগণের সহিত যাইয়া ইন্দ্রের পূর্ব্বকর্ম্মের উল্লেখ করিয়া তাঁহার স্তব করিতে লাগিলেন—॥১৩॥

'ইন্দ্র ! আপনি ভীষণ মহাসুর নমুচিকে বধ করিয়াছেন এবং ভয়ঙ্করবিক্রমশালী শম্বর ও বলকে নিহত করিয়াছেন ॥১৪॥

দেবরাজ ! আপনি দেহবৃদ্ধি করুন, সমস্ত শত্রু সংহার করুন। ইন্দ্র ! আপনি উঠুন, সমাগত দেবগণ ও ঋষিগণকে দর্শন করুন ॥১৫॥

প্রভু মহেন্দ্র ! আপনি দানবগণকে বধ করিয়া সমস্ত লোক রক্ষা করিয়াছিলেন এবং দেবরাজ ! জগৎপতি ! আপনি পূর্ব্বে বিষ্ণুর তেজে বর্দ্ধিতশক্তি জলের ফেন গ্রহণ করিয়া বৃত্রাসুরকে সংহার করিয়াছিলেন ॥১৬॥

ইন্দ্র ! আপনি সমস্ত প্রাণীর মধ্যে শ্রেষ্ঠ এবং পূজনীয়, আপনার তুল্য কোন প্রাণীই জগতে নাই, আপনি সকল ভূতকে ধারণ করিতেছেন, আর আপনিই দেবগণের মহিমা জন্মাইয়াছেন ॥১৭॥

---

(১৫)…উত্তিষ্ঠ বজ্রিন্ !—পি।

দেবান্ সম্পাহি লোকাংশ্চ মহেন্দ্র! বলমাপ্নুহি।
এবং সংস্তূয়মানশ্চ সোঽবর্দ্ধত শনৈঃ শনৈঃ ॥১৮॥
স্বঞ্চৈব বপুরাস্থায় বভূব স বলান্বিতঃ।
অব্রবীচ্চ গুরুং দেবো বৃহস্পতিমবস্থিতম্ ॥১৯॥
কিং কার্য্যমবশিষ্টং বো হতস্ত্বাষ্ট্রো মহাসুরঃ।
বৃত্রশ্চ সুমহাকায়ো যো বৈ লোকাননাশযৎ ॥২০॥
বৃহস্পতিরুবাচ।
মানুষো নহুষো রাজা দেবর্ষিগণতেজসা।
দেবরাজ্যমনুপ্রাপ্য সর্ব্বান্ নো বাধতে ভৃশম্ ॥২১॥
ইন্দ্র উবাচ।
কথঞ্চ নহুষো রাজ্যং দেবানাং প্রাপ দুর্লভম্।
তপসা কেন বা যুক্তঃ কিংবীর্য্যো বা বৃহস্পতে! ॥২২॥

ভাবতকৌমুদী

দেবানিতি। সম্পাহি সম্যগ্ রক্ষ। বলং স্বকীয়ামেব শক্তিম্ ॥১৮॥
স্বমিতি। স্বং স্বকীযম্। আস্থায আশ্রিত্য ধৃত্বেত্যর্থঃ ॥১৯॥
কিমিতি। ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ। অনাশযৎ নাশয়িতুমুদ্যচ্ছৎ ॥২০॥
মানুষ ইতি। দেবর্ষিগণস্য তেজসা বরপ্রভাবেণ। নঃ অস্মান্ ॥২১॥
কথমিতি। কেন কীদৃশেন। কিং কীদৃশং বীর্য্যং যস্য সঃ ॥২২॥

মহেন্দ্র! আপনি স্বকীয় শক্তি অবলম্বন করুন এবং দেবতাদিগকে ও লোকদিগকে রক্ষা করুন"। এইরূপ স্তব করিলে, ইন্দ্র ধীরে ধীরে বৃদ্ধি পাইলেন ॥১৮॥

আর তিনি স্বকীয় মূর্ত্তি ধারণ করিয়া পূর্ব্বের ন্যায় বলবান্ হইলেন এবং সম্মুখে অবস্থিত বৃহস্পতিকে বলিলেন—॥১৯॥

"দেবগুরু! আপনাদের কোন্ কার্য্য অবশিষ্ট রহিয়াছে? যে, সমস্ত লোক নষ্ট করিতে উদ্যত হইযাছিল, সেই মহাসুর ও মহাদেহ ত্বষ্টৃপুত্র বৃত্রকে ত বধই করিয়াছি" ॥২০॥

বৃহস্পতি বলিলেন—"মানুষ নহুষরাজা দেবর্ষিগণের বরের প্রভাবে দেবরাজ্য লাভ করিয়া আমাদের সকলকেই অত্যন্ত পীডন করিতেছে" ॥২১॥

---

(১৮) পাহি সর্ব্বাংশ্চ লোকাংশ্চ—বা ব বা নি। (২১)...দেবরাজ্যমনুপ্রাপ্তঃ—বা ব রা নি।

বৃহস্পতিরুবাচ।

দেবা ভীতাঃ শক্র ! নাকাময়ন্ত ত্বয়া ত্যক্তং মহদৈন্দ্রং পদং তৎ।
তদা দেবাঃ পিতরোঽথর্ষয়শ্চ গন্ধর্ব্বমুখ্যাশ্চ সমেত্য সর্ব্বে ॥২৩॥
গত্বাঽব্রুবন্ নহুষং তত্র শক্র ! ত্বং নো রাজা ভব ভুবনস্য গোপ্তা।
তানব্রবীন্নহুষো নাস্মি শক্ত আপ্যায়ধ্বং তপসা তেজসা মাম্ ॥২৪॥
(যুগ্মকম্)

এবমুক্তৈর্বর্দ্ধিতশ্চাপি দেবৈ রাজাঽভবন্নহুষো ঘোরবীর্য্যঃ।
ত্রৈলোক্যে চ প্রাপ্য রাজ্যং মহর্ষীন্ কৃত্বা বাহান্ যাতি লোকান্ দুরাত্মা ॥২৫॥
তেজোহরং দৃষ্টিবিষং সুঘোরং মা ত্বং পশ্যের্নহুষং বৈ কদাচিৎ।
দেবাশ্চ সর্ব্বে নহুষং ভয়ার্ত্তা ন পশ্যন্তি শক্ররূপাশ্চরন্তঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

দেবা ইতি। ভীতা অসুরেভ্য ইতি শেষঃ। ঐন্দ্রং পদং দেবরাজ্যম্। সমেত্য মিলিত্বা। নঃ অস্মাকম্। গোপ্তা রক্ষিতা। আপ্যায়ধ্বং বর্দ্ধয়ত ॥২৩—২৪॥

এবমিতি। বর্দ্ধনপ্রকারস্তু প্রাগেবোক্তঃ। বাহান্ বাহনানি ॥২৫॥

তেজ ইতি। দৃষ্টিরেব বিষং যস্য তম্। মা ন ॥২৬॥

ইন্দ্র বলিলেন—"আর্য্য ! বৃহস্পতি। নহুষ কি প্রকারে দুর্লভ দেবরাজ্য লাভ করিল ? তাহার তপস্যা কিরূপ ? বলই বা কিরূপ ?" ॥২২॥

বৃহস্পতি বলিলেন—"দেবরাজ ! দেবতারা অসুরভয়ে ভীত ; সুতরাং তাঁহারা আপনার পরিত্যক্ত সেই প্রশস্ত ঐন্দ্রপদ গ্রহণ করিতে ইচ্ছা করেন নাই। তখন দেবতারা, পিতৃলোকেরা, ঋষিরা ও শ্রেষ্ঠ গন্ধর্ব্বেরা সকলে মিলিত হইয়া যাইয়া নহুষকে বলিয়াছিলেন যে, 'আপনি আমাদের রাজা এবং জগতের রক্ষক হউন'। পরে নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি এ বিষয়ে সমর্থ হইব না। তবে, আপনারা আমাকে তপোবলে বর্দ্ধিত করুন' ॥২৩—২৪॥

নহুষ এইরূপ বলিলে, দেব ও দেবর্ষিরা নহুষকে তপোবলে বর্দ্ধিত করিয়াছিলেন। পরে নহুষ ভয়ঙ্করপরাক্রমশালী হইয়া স্বর্গের রাজা হইয়াছে। তাহার পর ত্রিভুবনের রাজত্ব পাইয়া এখন সেই দুরাত্মা মহর্ষিগণকে বাহন করিয়া নানাস্থানে যাতায়াত করিতেছে ॥২৫॥

নহুষের দৃষ্টিই বিষ ; তাহা অপরের তেজ হরণ করে ; সুতরাং দেবরাজ ! আপনি কখনও সেই ভয়ঙ্করমূর্ত্তি নহুষকে দর্শন করিবেন না। ভয়ার্ত্ত দেবতারা

---

(২৩) দেবা ভীতাঃ শক্রমকাময়ন্ত—বা ব রা নি,.. গন্ধর্ব্বসংঘাশ্চ—পি। (২৬).. নহুষং ভৃশার্ত্তা ন পশ্যন্তে গূঢ়রূপাশ্চরন্তঃ—বা ব রা নি।

শল্য উবাচ।

এবং বদত্যঙ্গিরসাং বরিষ্ঠে বৃহস্পতৌ লোকপালঃ কুবেরঃ।
বৈবস্বতশ্চৈব যমঃ পুরাণো দেবশ্চ সোমো বরুণশ্চাজগাম ॥২৭॥
তে বৈ সমাগম্য মহেন্দ্রমূচুর্দিষ্ট্যা ত্বাষ্ট্রো নিহতশ্চৈব বৃত্রঃ।
দিষ্ট্যা চ ত্বাং কুশলিনমক্ষতঞ্চ পশ্যামো বৈ নিহতারিঞ্চ শক্র! ॥২৮॥
স তান্ যথাবচ্চ হি লোকপালান্ সমেত্য বৈ প্রীতমনা মহেন্দ্রঃ।
উবাচ চৈতান্ প্রতিভাষ্য শক্রঃ সঞ্চোদয়িষ্যন্ নহুষস্যান্তরেণ ॥২৯॥
রাজা দেবানাং নহুষো ঘোররূপস্তত্র সাহ্যং দীয়তাং মে ভবদ্ভিঃ।
তে চাব্রুবন্ নহুষো ঘোররূপো দৃষ্টী বিষস্তস্য বিভীম ঈশ! ॥৩০॥

ভাবতকৌমুদী

এবমিতি। অঙ্গিরসাম্ অঙ্গিরোবংশানাম্। পুরাণ ইতি চতুর্ণামেব বিশেষণম্ ॥২৭॥
ত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, ত্বাষ্ট্রঃ ত্বষ্টুঃ প্রজাপতেঃ পুত্রঃ ॥২৮॥
স ইতি। সঞ্চোদয়িষ্যন্ প্রণোদয়িষ্যন্, অন্তরেণ অন্তরায় ভেদায়েত্যর্থঃ ॥২৯॥
রাজেতি। তত্র তস্য জয়ে, সাহ্যং সাহায্যম্। দৃষ্টী নয়নদ্বয়ম্, বিষ ইতি পুংস্ত্বমার্ষম্। তস্য তস্মাৎ, বিভীমঃ ভয়ং কুর্ম্মঃ, ঈশ। দেবেশ্বর! ॥৩০॥

ভাবতভাবদীপঃ

ত্বমিতি ॥১॥ একং জাঠরং ত্রিবিধম্, গার্হপত্যদক্ষিণাগ্ন্যাহবনীয়রূপেণ ত্বযৈকেন ॥২॥ তুভ্যং ত্রিবিধায় ॥৩—৪॥ প্রসূতিঃ উৎপত্তিস্থানম্, প্রতিষ্ঠা লয়স্থানম্ ॥৫॥ হেতয়ো জ্বালাঃ ॥৬—২৮॥ নহুষস্যান্তরেণ অন্তরং ভেদঃ বুদ্ধিভেদার্থমিত্যর্থঃ ॥২৯—৩৪॥

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে ষোড়শোঽধ্যায়ঃ ॥১৬॥

সকলেও তাহার শক্র বলিয়া তাহার প্রতি দৃষ্টিপাত করেন না, অথচ স্বর্গে বিচরণ করেন" ॥২৬॥

শল্য বলিলেন—"আঙ্গিরসশ্রেষ্ঠ বৃহস্পতি এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে প্রাচীন লোকপাল কুবের, সূর্য্যপুত্র যম, ওষধিপতি চন্দ্র এবং বরুণ সেই স্থানে আগমন করিলেন ॥২৭॥

তাঁহারা আসিয়া ইন্দ্রকে বলিলেন—"দেবরাজ! ভাগ্যবশতঃ ত্বষ্টা প্রজাপতির পুত্র বৃত্রাসুর নিহত হইয়াছে এবং ভাগ্যবশতই আমরা আপনাকে কুশলী, অক্ষতদেহ ও নিহতশত্রু অবস্থায় দেখিতেছি" ॥২৮॥

তখন ইন্দ্র আনন্দিত হইয়া সেই লোকপালগণের নিকটে যাইয়া যথানিয়মে সম্ভাষণ করিয়া, নহুষের সহিত ভেদ জন্মাইবার জন্য তাঁহাদিগকে বলিলেন—॥২৯॥

"বর্ত্তমান দেবরাজ নহুষ ভয়ঙ্করমূর্ত্তি; তাহার জয়ের সময়ে আপনারা আমার সাহায্য করিবেন"। তখন তাঁহারা বলিলেন—"দেবরাজ! নহুষ

ত্বঞ্চেন্দ্রোজানং নহুষং পরাজয়েস্ততো বয়ং ভাগমর্হাম শক্র ! ।
ইন্দ্রোঽব্রবীদ্ভবতু ভবানপাং পতির্যমঃ কুবেরশ্চ ময়াভিষেকম্ ।
সম্প্রাপ্নুবন্ত্বদ্য সহৈব দৈবতৈ রিপুং জয়াম তং নহুষং ঘোরদৃষ্টিম্ ॥৩১॥
ততঃ শক্রং জ্বলনোঽপ্যাহ ভাগং প্রযচ্ছ মহ্যং তব সাহ্যং করিষ্যে ।
তমাহ শক্রো ভবিতাগ্নে ! তবাপি চন্দ্রাগ্নোর্বৈ ভাগ একো মহাক্রতৌ ॥৩২॥

শল্য উবাচ ।

এবং সঞ্চিন্ত্য ভগবান্ মহেন্দ্রঃ পাকশাসনঃ ।
কুবেরং সর্ব্বযক্ষাণাং ধনানাঞ্চ প্রভুং তথা ॥৩৩॥
বৈবস্বতং পিতৄণাঞ্চ বরুণঞ্চাপ্যপাং তথা ।
আধিপত্যং দদৌ শক্রঃ সৎকৃত্য বরদস্তথা ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রবরুণাদিসংবাদে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভাগং সাহার্য্যকরণেন ফলাংশম্। মযা করণেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
তত ইতি। জ্বলনো বহ্নিঃ। সাহ্যং সাহায্যম্। চন্দ্রাগ্ন্যোর্মিলিতয়োঃ ॥৩২॥
এবমিতি। ভগবান্ বরদো মহেন্দ্রঃ পাকশাসনশ্চ শক্রঃ, এবং পূর্ব্বোক্তরূপেণ, সঞ্চিন্ত্য কুবেরাদীনাং তত্তদাধিপত্যে যোগ্যতাং বিভাব্য, প্রভুং কুবেরম্, সৎকৃত্য আদৃত্য, তস্মৈ সর্ব্ব-

ভয়ঙ্করমূর্ত্তি এবং তাহার নয়নযুগলই বিষ; অতএব আমরা তাহার ভয় করি ॥৩০॥

তবে, দেবরাজ! আপনি যদি সেই রাজা নহুষকে পরাজয় করিবার জন্য প্রবৃত্ত হন, তাহা হইলে আমরা আপনার সাহায্য করিয়া ফলের ভাগ পাইবার অধিকারী হইব।" তখন ইন্দ্র বলিলেন—"বরুণ! আপনি জলের অধিপতি হইবেন, আর আমার উদ্‌যোগে যম এবং কুবেরও অভিষেক লাভ করিবেন। আমি অদ্যই দেবগণের সহিত মিলিত হইয়া সেই ঘোরদর্শন শত্রু নহুষকে জয় করিব" ॥৩১॥

তাহার পর অগ্নিও ইন্দ্রকে বলিলেন—"দেবরাজ! আমাকেও একটা ভাগ দিন, আমিও আপনার সাহায্য করিব"। তখন ইন্দ্র অগ্নিকে কহিলেন—"অগ্নিদেব! মহাযজ্ঞে মিলিত চন্দ্র ও অগ্নির যে ভাগ আছে, তাহা আপনারও হইবে ॥৩২॥

(৩১)…সহাভিষেকম্…ক্ষিপ্রং জয়াম—পি।

সপ্তদশোঽধ্যায়ঃ।

—:*:—

শল্য উবাচ।

অথ সঞ্চিন্তয়ানস্য দেবরাজস্য ধীমতঃ।
নহুষস্য বধোপায়ং লোকপালৈঃ সদৈবতৈঃ ॥১॥
তপস্বী তত্র ভগবানগস্ত্যঃ প্রত্যদৃশ্যত।
সোঽব্রবীদর্চ্চ্য দেবেন্দ্রং দিষ্ট্যা বৈ বর্দ্ধতে ভবান্।
বিশ্বরূপবিনাশেন বৃত্রাসুরবধেন চ ॥২॥ (যুগ্মকম্)
দিষ্ট্যাচ নহুষো ভ্রষ্টো দেবরাজ্যাৎ পুরন্দর!।
দিষ্ট্যা হতারিং পশ্যামি ভবন্তং বলসূদন! ॥৩॥

ভারতকৌমুদী

যক্ষাণাং ধনানাঞ্চ আধিপত্যং দদৌ, বৈবস্বতং যমং সৎকৃত্য তস্মৈ চ পিতৃণামাধিপত্যং দদৌ; তথা বরুণঞ্চ সৎকৃত্য তস্মৈ অপাং জলানামাধিপত্যং দদৌ ॥৩৩—৩৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে ষোড়শোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অথেতি। সঞ্চিন্তয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ। অর্চ্চ্য পূজয়িত্বা। দিষ্ট্যা ভাগ্যেন। বিশ্বরূপস্য ত্রিশিরসো বিনাশেন। দ্বিতীয়ঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১—২॥

শল্য বলিলেন—“মাহাত্ম্যশালী, বরদাতা, মহৈশ্বর্য্যসম্পন্ন ও পাকাসুরহন্তা ইন্দ্র কুবেরপ্রভৃতির যোগ্যতাবিষয়ে চিন্তা করিয়া, প্রভু কুবেরের আদর দেখাইয়া তাঁহাকে সকল যক্ষ ও ধনের আধিপত্য দিলেন, যমের আদর করিয়া তাঁহাকে পিতৃলোকের আধিপত্য দান করিলেন এবং বরুণকে সম্মানিত করিয়া তাঁহাকে জলের আধিপত্য সমর্পণ করিলেন” ॥৩৩—৩৪॥

—:*:—

শল্য বলিলেন—“তাহার পর ধীমান্ দেবরাজ অন্যান্য লোকপাল দেবগণের সহিত মিলিত হইয়া নহুষের বধের উপায় চিন্তা করিতেছিলেন, এমন সময়ে সেখানে তপস্বী ভগবান্ অগস্ত্যমুনিকে দেখা গেল। তিনি আসিয়া দেবরাজের সংবর্দ্ধনা করিয়া বলিলেন—“দেবরাজ! ভাগ্যবশতঃ ত্রিশিরা ও বৃত্রাসুর নিহত হওয়ায় আপনার মঙ্গল হইয়াছে ॥১—২॥

---

(৩) দিষ্ট্যা চ নহুষঃ...পশ্যামঃ—পি।

ইন্দ্র উবাচ।

স্বাগতং তে মহর্ষেস্তু প্রীতোঽহং দর্শনাত্তব।
পাদ্যমাচমনীয়ঞ্চ গামর্ঘ্যঞ্চ প্রতীচ্ছ মে ॥৪॥

শল্য উবাচ।

পূজিতঞ্চোপবিষ্টং তমাসনে মুনিসত্তমম্।
পর্য্যপৃচ্ছত দেবেশঃ প্রহৃষ্টো ব্রাহ্মণর্ষভম্ ॥৫॥
শ্রোতুমিচ্ছামি ভগবন্! কথ্যমানং দ্বিজোত্তম!।
পরিভ্রষ্টঃ কথং স্বর্গান্নহুষঃ পাপনিশ্চয়ঃ ॥৬॥

অগস্ত্য উবাচ।

শৃণু শক্র! প্রিয়ং বাক্যং যথা রাজা দুরাত্মবান্।
স্বর্গাদ্‌ভ্রষ্টো দুরাচারো নহুষো বলদর্পিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দেববাজ্যাৎ দেবরাজত্বপদাৎ। হে বলসূদন! বলাসুরনাশক! ॥৩॥
স্বেতি। স্বাগতমিতি কাকুঃ সুখেনাগমনং কিমিত্যর্থঃ। প্রতীচ্ছ গৃহাণ ॥৪॥
পূজিতমিতি। নহুষো দেবরাজ্যাৎ ভ্রষ্ট ইত্যুক্ত্যা প্রস্তাবাৎ পর্য্যপৃচ্ছতেত্যাশয়ঃ ॥৫॥
শ্রোতুমিতি। কথ্যমানং ভবতেতি শেষঃ ॥৬॥
শৃণ্বিতি। দুরাত্মবান্ পাপেন দুষ্টচিত্তঃ, নিন্দায়াং বন্তুঃ ॥৭॥

পুরন্দর! বলসূদন! আজ ভাগ্যবশতঃ নহুষও স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে; সুতরাং ভাগ্যবশতই আজ আপনাকে শত্রুবিহীন দেখিতেছি” ॥৩॥

ইন্দ্র বলিলেন—“মহর্ষি! আপনার সুখে আগমন হইয়াছে ত? আমি আপনার দর্শনে প্রীতি লাভ করিয়াছি। আপনি আমার নিকট হইতে পাদ্য, অর্ঘ্য, আচমনীয় ও গো গ্রহণ করুন” ॥৪॥

শল্য বলিলেন—“তাহার পর মুনিশ্রেষ্ঠ অগস্ত্য পূজিত হইয়া আসনে উপবেশন করিলে, দেবরাজ আনন্দিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—॥৫॥

“ভগবন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি বলুন, আমি শুনিতে ইচ্ছা করি—পাপমতি নহুষ কি প্রকারে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইল?” ॥৬॥

অগস্ত্য বলিলেন—“দেবরাজ! দুরাত্মা, দুরাচার ও বলদর্পিত রাজা নহুষ যেভাবে স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে, সেই উপাখ্যান শ্রবণ করুন ॥৭॥

---

(৬) এতদিচ্ছামি—পি।

শ্রমার্ত্তাশ্চ বহন্তস্তং নহুষং পাপকারিণম্।
দেবর্ষয়ো মহাভাগাস্তথা ব্রহ্মর্ষযোঽমলাঃ ॥৮॥
পপ্রচ্ছুর্নহুষং দেব! সংশয়ং জয়তাং বর!।
য ইমে ব্রহ্মণা প্রোক্তা মন্ত্রা বৈ প্রোক্ষণে গবাম্ ॥৯॥
এতে প্রমাণং ভবত উতাহো নেতি বাসব!।
নহুষো নেতি তানাহ তমসা মূঢ়চেতনঃ ॥১০॥ (বিশেষকম্)

ঋষয় ঊচুঃ।

অধর্ম্মে সংপ্রবৃত্তস্ত্বং ধর্ম্মং ন প্রতিপদ্যসে।
প্রমাণমেতদস্মাকং পূর্ব্বং প্রোক্তং মহর্ষিভিঃ ॥১১॥

ভাবতকৌমুদী

শ্রমেতি। বহন্তঃ শিবিকযা। সংশয়ং সংশয়বিষয়ং পপ্রচ্ছুঃ। সংশযবিষয়মাহ—য ইতি। ইমে "দেবাংশ্চ যাভির্যজতে" ইত্যাদয়ঃ। প্রমাণং প্রমাণত্বেন গ্রাহ্যা ইত্যর্থঃ। তমসা অজ্ঞানেন। সামান্যত এব গোবধে প্রাযশ্চিত্তশ্রবণাদিত্যাশয়ঃ ॥৮—১০॥

অধর্ম্ম ইতি। প্রতিপদ্যসে বুধ্যসে, সামান্যস্য বিশেষেতরপরত্বাজ্ঞানাৎ ॥১১॥

ভাবতভাবদীপঃ

অথেতি ॥১॥ অর্চ্চ্য অভ্যর্চ্চ্য ॥২—৮॥ গবাং প্রোক্ষণে প্রোক্ষণোপাকরণমারণাদিসংস্কারে যে মন্ত্রাঃ "দেবাংশ্চ যাভির্যজতে দদাতি চ গাবঃ সোমস্য প্রথমস্য ভক্ষ" ইত্যাদয়ঃ যাভিঃ পশুভূতাভির্গোভিঃ, ভক্ষ ইতি ভক্ষণান্তযাগ উচ্যতে ॥৯॥ নহুষস্তু "ব্রাহ্মণাশ্চৈব গাবশ্চ কুলমেকং দ্বিধাকৃতম্। একত্র মন্ত্রাস্তিষ্ঠন্তি হবিরেকত্র তিষ্ঠতি॥" ইতি শাস্ত্রপ্রামাণ্যাদ্ব্রাহ্মণবদ্গবামবধ্যত্বং মন্বানো বেদমপ্রমাণীচকাব। বেদস্য ব্রাহ্মণানাং চাবমানাদধোগতিঃ প্রাপ্যতে ইত্যাখ্যায়িকাতাৎপর্য্যম্ ॥১০—২২॥

ইতি শ্রীমহাভারতে উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে সপ্তদশোঽধ্যাযঃ ॥১৭॥

দেব। বাসব। মহাত্মা ও নিষ্পাপ দেবর্ষিরা ও ব্রহ্মর্ষিবা পাপকাবী সেই নহুষকে (শিবিকায় করিয়া) বহন করিতে করিতে পরিশ্রান্ত হইয়া একটা সন্দিগ্ধ বিষয় নহুষকে জিজ্ঞাসা কবিয়াছিলেন যে, 'বিজয়িশ্রেষ্ঠ। গোপ্রোক্ষণে ব্রহ্মা এই যে মন্ত্রগুলি বলিয়াছেন, এই মন্ত্রগুলিকে আপনি প্রমাণ বলিয়া গ্রাহ্য করেন কি না?'। তাহাতে অজ্ঞানমুগ্ধচিত্ত নহুষ তাঁহাদিগকে বলিয়াছিল যে, 'আমি ও-গুলিকে প্রমাণ বলিয়া গ্রাহ্য করি না' ॥৮—১০॥

তখন ঋষিরা বলিয়াছিলেন যে, 'বাজা। আপনি অধর্ম্মে প্রবৃত্ত রহিয়াছেন কি না, তাই ধর্ম্ম বুঝিতে পারিতেছেন না। আমবা কিন্তু এই মন্ত্রগুলিকে

---

(৮) শ্রমার্ত্তাস্ত—পি।

অগস্ত্য উবাচ।

ততো বিবদমানঃ স মুনিভিঃ সহ বাসব ! ।
অথ মামস্পৃশন্মূর্দ্ধ্নি পাদেনাধর্ম্মপীড়িতঃ ॥১২॥
তেনাভূদ্ধততেজাশ্চ নিঃশ্রীকশ্চ মহীপতিঃ ।
ততস্তং তমসাবিগ্নমবোচং ভয়পীড়িতম্ ॥১৩॥
যস্মাৎ পূর্ব্বৈঃ কৃতং কর্ম্ম ব্রহ্মর্ষিভিরনুষ্ঠিতম্ ।
অদুষ্টং দূষয়সি বৈ যচ্চ মূর্দ্ধ্ন্যস্পৃশঃ পদা ॥১৪॥
যচ্চাপি ত্বমৃষীন্ মূঢ় ! ব্রহ্মকল্পান্ দুরাসদান্ ।
বাহান্ কৃত্বা বাহয়সি তেন স্বর্গাদ্ধতপ্রভঃ ।
ধ্বংস পাপ ! পরিভ্রষ্টঃ ক্ষীণপুণ্যো মহীতলে ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মাং সম্মুখস্থমুনের্জটাকুঞ্জান্তরে লুক্কায়িতমিতি ভাবঃ ॥১২॥

তেনেতি। তমসা অজ্ঞানেন আবিগ্নমাবিষ্টং কর্ত্তব্যবিমূঢ়মিত্যর্থঃ ॥১৩॥

যস্মাদিতি। পূর্ব্বৈর্ব্রহ্মাদিভিঃ কৃতং প্রোক্তম্, ব্রহ্মর্ষিভিশ্চানুষ্ঠিতম্, অদুষ্টং কর্ম্ম গোপ্রোক্ষণাদিকম্। ব্রহ্মকল্পান্ হিরণ্যগর্ভতুল্যান্। বাহান্ বাহনানি। তেন পাপেন, স্বর্গাৎ পবিভ্রষ্টঃ সন্, ধ্বংস অধঃপত। পঞ্চদশঃ শ্লোক ষট্‌পাদঃ ॥১৪—১৫॥

প্রমাণ বলিযাই গ্রাহ্য করি। কেন না, পূর্ব্বেও মহর্ষিরা এগুলিকে প্রমাণ বলিয়া স্বীকাব করিয়া গিয়াছেন' ॥১১॥

অগস্ত্য বলিলেন—"দেববাজ। তাহার পর পাপপীড়িত নহুষ সেই বিষয়ে মুনিগণেব সহিত বিবাদ কবিতে থাকিযা চবণদ্বারা আমার মস্তক স্পর্শ করিয়াছিল ॥১২॥

তাহাতেই নহুষেব তেজ ও কান্তি নষ্ট হইয়াছিল এবং সে, কর্ত্তব্যমূঢ় ও ভীত হইয়া পড়িয়াছিল ; তখন আমি তাহাকে বলিয়াছিলাম—॥১৩॥

"মূর্খ! পাপিষ্ঠ! ব্রহ্মা যাহা বলিয়াছেন এবং ব্রহ্মর্ষিরা যাহাব অনুষ্ঠান কবিযাছেন, সেই নির্দ্দোষ কর্ম্মের উপবে তুমি যখন দোষ দিতেছ এবং চরণদ্বারা আমাব মস্তক যখন স্পর্শ কবিয়াছ, আর ব্রহ্মাব তুল্য দুর্দ্ধর্ষ ঋষিগণকে তুমি যখন বাহন কবিযা তাঁহাদেব দ্বারা শিবিকা বহন কবাইতেছ, তখন তুমি কান্তিশূন্য, ক্ষীণপুণ্য ও স্বর্গ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হও ॥১৪—১৫॥

---

(১৩)…নিঃশ্রীকশ্চ শচীপতে ।—পি। (১৪)…কৃতং দ্বাজন্।…অনুষ্টন্—বা ব দ্বা নি।

দশ বর্ষসহস্রাণি সর্পরূপধরো মহান্।
বিচরিষ্যসি পূর্ণেষু পুনঃ স্বর্গমবাপ্স্যসি ॥১৬॥
দৃষ্ট্বা যুধিষ্ঠিরং নাম তব বংশসমুদ্ভবম্।
নিহতো ব্রহ্মশাপেন প্রপদ্যস্ব ত্রিপিষ্টপম্ ॥১৭॥
এবং ভ্রষ্টো দুরাত্মা স দেবরাজ্যাদরিন্দম!।
দিষ্ট্যা বর্দ্ধামহে শক্র! হতো ব্রাহ্মণকণ্টকঃ ॥১৮॥
ত্রিপিষ্টপং প্রপদ্যস্ব পাহি লোকান্ শচীপতে!।
জিতেন্দ্রিয়ো জিতামিত্রঃ স্তূয়মানো মহর্ষিভিঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

দশেতি। দশবর্ষসহস্রেষু পূর্ণেষু সৎসু। ননু নহুষস্য দর্শনমাত্রেণৈব সর্ব্বেষাং তেজোনাশ ইতি হি তং প্রতি মহর্ষীণাং বর আসীৎ। এবঞ্চ তেন দৃশ্যমান এবাগস্ত্যঃ কথং তং শশাপেতি চেদুচ্যতে—বৃহজ্জটাপুঞ্জকুণ্ডান্তবিতমস্তকঃ কশ্চিন্মুনিঃ শিবিকায়াঃ সম্মুখবর্ত্তিনং দক্ষিণং পাদং বহন্ ভৃশং শ্রাম্যন্ কিঞ্চিত্তস্থৌ; অগস্ত্যশ্চ ক্ষুদ্রাকৃতিঃ সন্ তজ্জটাকুণ্ডান্তরে লুক্কায়িত আসীৎ। অত্রান্তরে শিবিকাস্থো বিবদমানো নহুষঃ ক্ষিপ্রগমনার্থং দক্ষিণপাদেন 'সর্প সর্প' ইতি গত্যর্থক-সৃপধাতুনিষ্পন্নং পদমুক্ত্বা তন্মুনিমস্তকমস্পৃশৎ, তৎপাদস্পর্শশ্চ অগস্ত্যশিরস্যপি জাত ইত্যদৃশ্য-মানঃ স্থিত এবাগস্ত্যস্তং শশাপেতি। অদুষ্টকর্ম্মদূষণপাপেন অগস্ত্যশিরসি পাদস্পর্শাপরাধেন মুনীনাং বাহনত্বসম্পাদনেন চ শাপঃ, সর্প সর্প ইত্যভিধানাচ্চ শাপেন সর্পত্বসম্পাদনমিতি জ্ঞেয়ম্ ॥১৬॥

দৃষ্ট্বেতি। প্রপদ্যস্ব প্রাপ্নুয়াঃ, ত্রিপিষ্টপং স্বর্গম্। তচ্চ বনপর্ব্বণি বর্ণিতম্ ॥১৭॥

এবমিতি। দিষ্ট্যা ভাগ্যেন, বর্দ্ধামহে বয়ং সর্ব্ব এব ॥১৮॥

ত্রীতি। ত্রিপিষ্টপং স্বর্গম্, প্রপদ্যস্ব প্রাপ্নুহি। জিতামিত্রো জিতশত্রুঃ ॥১৯॥

সেখানে বিশাল সর্পদেহ ধারণ করিয়া দশ সহস্র বৎসর বিচরণ করিবে এবং সেই দশ সহস্র বৎসর পূর্ণ হইলে পুনরায় স্বর্গ লাভ করিবে ॥১৬॥

এই ব্রহ্মশাপে অভিভূত থাকিয়া তোমারই বংশসম্ভূত 'যুধিষ্ঠির'-নামক এক ব্যক্তিকে দেখিয়া পুনরায় স্বর্গে আগমন করিবে" ॥১৭॥

অরিন্দম দেবরাজ! এইভাবে সেই দুরাত্মা নহুষ স্বর্গ হইতে পরিভ্রষ্ট হইয়াছে; সুতরাং ব্রাহ্মণকণ্টক নিপাতিত হওয়ায় ভাগ্যবশতঃ আমাদের সকলেরই মঙ্গল হইয়াছে ॥১৮॥

শচীপতি! আপনি স্বর্গে চলুন; সেখানে যাইয়া, জিতেন্দ্রিয় হইয়া, শত্রু-গণকে জয় করিয়া মহর্ষিদের স্তব শুনিতে থাকিয়া ত্রিভুবন পালন করুন" ॥১৯॥

---

(১৭) শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (১৮)…ব্রহ্মর্ষিকণ্টকঃ—নি।

শল্য উবাচ।

ততো দেবা ভৃশং তুষ্টা মহর্ষিগণসংবৃতাঃ।
পিতরশ্চৈব যক্ষাশ্চ ভুজগা রাক্ষসাস্তথা ॥২০॥
গন্ধর্ব্বা দেবকন্যাশ্চ সর্ব্বে চাপ্সরসাং গণাঃ।
সরাংসি সরিতঃ শৈলাঃ সাগরাশ্চ বিশাংপতে!।
উপাগম্যাব্রুবন্ সর্ব্বে দিষ্ট্যা বর্দ্ধসি শত্রুহন্! ॥২১॥ (যুগ্মকম্)
হতশ্চ নহুষঃ পাপো দিষ্ট্যাগস্ত্যেন ধীমতা।
দিষ্ট্যা পাপসমাচারঃ কৃতঃ সর্পো মহীতলে ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে ইন্দ্রাগস্ত্যসংবাদে নহুষভ্রংশে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

অষ্টাদশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

শল্য উবাচ।

ততঃ শক্রঃ স্তূয়মানো গন্ধর্ব্বাপ্সরসাং গণৈঃ।
ঐরাবতং সমারুহ্য দ্বিপেন্দ্রং লক্ষণৈর্য্যুতম্ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। ভৃশং তুষ্টাঃ, নহুষপতনাদিন্দ্রলাভাচ্চেতি ভাবঃ। সরঃপ্রভৃতীনামভিমানিন্যো দেবতা ইত্যর্থঃ। বর্দ্ধসি বর্দ্ধসে। একবিংশঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥২০—২১॥

হত ইতি। হতো নিপাতিতঃ। পাপসমাচারঃ, প্রাণিভক্ষণাদিতি ভাবঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে সপ্তদশোঽধ্যায়ঃ ॥০॥

শল্য বলিলেন—"নরনাথ! তাহার পর মহর্ষিগণবেষ্টিত দেবগণ, পিতৃগণ, যক্ষগণ, নাগগণ, রাক্ষসগণ, গন্ধর্ব্বগণ, দেবকন্যাগণ, অপ্সরোগণ এবং জলাশয়, নদী, পর্ব্বত ও সমুদ্রগণ—ইহারা সকলে অত্যন্ত আনন্দিতচিত্তে উপস্থিত হইয়া বলিলেন —"শত্রুহন্তা! ভাগ্যবশতঃ আপনার মঙ্গল হইয়াছে ॥২০—২১॥

ভাগ্যবশতই জ্ঞানী অগস্ত্য পাপাত্মা নহুষকে নিপাতিত করিয়াছেন এবং ভাগ্যবশতই তাহাকে ভূতলে পাপাচারী সর্প করিয়াছেন" ॥২২॥

---

(২১)···উপগম্যাব্রুবন্—পি। (১)···লক্ষণৈর্বৃতম্—পি।

অগস্ত্যশ্চ মহাতেজা মহর্ষিশ্চ বৃহস্পতিঃ।
যমশ্চ বরুণশ্চৈব কুবেরশ্চ ধনেশ্বরঃ ॥২॥
সর্ব্বৈর্দেবৈঃ পরিবৃতঃ শক্রো বলনিষূদনঃ।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ যাতস্ত্রিভুবনং বিভুঃ ॥৩॥ (বিশেষকম্)
স সমেত্য মহেন্দ্রাণ্যা দেবরাজ্যং শতক্রতুঃ।
মুদা পরময়া যুক্তঃ পালয়ামাস দেবরাট্ ॥৪॥
ততঃ স ভগবান্ দেবো হ্যঙ্গিরাঃ সমদৃশ্যত।
অথর্ব্ববেদমন্ত্রৈশ্চ দেবেন্দ্রং সমপূজয়ৎ ॥৫॥
ততস্তু ভগবানিন্দ্রঃ প্রহৃষ্টঃ সমপদ্যত।
বরঞ্চ প্রদদৌ তস্মৈ অথর্ব্বাঙ্গিরসে তদা ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্নোতি শত্রূন্ পরাজেতুমিতি শক্রঃ, অপরঃ শক্রঃ শক্তিমানিত্যপৌনরুক্ত্যম্। মহাতেজা মহাতপঃপ্রভাবশালী। ত্রিভুবনং ত্রিভুবনোত্তমং স্বর্গম্ ॥১—৩॥

স ইতি। সমেত্য মিলিত্বা, মহেন্দ্রাণ্যা শচ্যা ॥৪॥

তত ইতি। দেবো দেববৎ প্রভাবশালী ॥৫॥

তত ইতি। সমপদ্যত সমজায়ত। অথর্ব্ববিদঙ্গিরা অথর্ব্বাঙ্গিরাস্তস্মৈ ॥৬॥

শল্য বলিলেন—"তাহার পর শক্তিমান, বলদৈত্যহন্তা ও প্রভাবশালী ইন্দ্র গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণকর্ত্তৃক স্তূয়মান হইয়া, সর্ব্বলক্ষণসম্পন্ন মহাহস্তী ঐরাবতে আরোহণ করিয়া, মহাতেজা ও মহর্ষি অগস্ত্য, বৃহস্পতি, যম, বরুণ, ধনাধিপতি কুবের, অন্যান্য সকল দেবতা এবং গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণে পরিবেষ্টিত হইয়া স্বর্গে গমন করিলেন ॥১—৩॥

তদনন্তর ইন্দ্র শচীদেবীর সহিত মিলিত হইয়া দেবরাজরূপে বিরাজ করিতে থাকিয়া পরম আনন্দে দেবরাজ্য পালন করিতে লাগিলেন ॥৪॥

তাহার পর, একদা ঐশ্বর্য্যশালী ও দেবতার ন্যায় প্রভাবসম্পন্ন মহর্ষি অঙ্গিরাকে দেখা গেল এবং তিনি অথর্ব্ববেদের মন্ত্রদ্বারা দেবরাজের পূজা করিলেন ॥৫॥

তাহাতে ভগবান্ ইন্দ্র সন্তুষ্ট হইলেন এবং তখনই সেই অথর্ব্ববেদবিৎ অঙ্গিরাকে বরদান করিলেন—॥৬॥

---

(২) পাবকঃ সুমহাতেজাঃ—বা ব বা নি। (৩)…বৃত্রনিষূদনঃ…ত্রিভুবনং প্রভুঃ—বা ব রা নি। (৪)…দেবরাজঃ শতক্রতুঃ—বা ব রা নি। (৫)…ভগবাংস্তত্র অঙ্গিরাঃ—বা ব রা নি। (৬)…সংহৃষ্টঃ সমপদ্যত—বা ব রা নি।

অথর্ব্বাঙ্গিরসো নাম বেদেঽস্মিন্ বৈ ভবিষ্যসি।
উদাহরণমেতদ্ধি যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥
এবং সম্পূজ্য ভগবানথর্ব্বাঙ্গিরসং তদা।
ব্যসর্জ্জয়ন্মহারাজ! দেবরাজঃ শতক্রতুঃ ॥৮॥
সম্পূজ্য সর্ব্বাংস্ত্রিদশানৃষীংশ্চাপি তপোধনান্।
ইন্দ্রঃ প্রমুদিতো রাজন্! ধর্ম্মেণাপালয়ৎ প্রজাঃ ॥৯॥
এবং দুঃখমনুপ্রাপ্তমিন্দ্রেণ সহ ভার্য্যয়া।
অজ্ঞাতবাসশ্চ কৃতঃ শত্রূণাং বধকাঙ্ক্ষয়া ॥১০॥
নাত্র মন্যুস্ত্বয়া কার্য্যো যৎ ক্লিষ্টোঽসি মহাবনে।
দ্রৌপদ্যা সহ রাজেন্দ্র! ভ্রাতৃভিশ্চ মহাত্মভিঃ ॥১১॥

ভারতকৌমুদী

অথর্ব্বেতি। ত্বমস্মিন্ অথর্ব্বাখ্যে বেদে অথর্ব্বাঙ্গিরসো নাম ভবিষ্যসি। তত্র চ এতদ্ধি এতদ্বাক্যমেব, উদাহরণং প্রমাণতয়া উল্লেখ্যম্। যজ্ঞভাগঞ্চ লপ্স্যসে ॥৭॥

তন্নামৈব ব্যাস আহ—এবমিতি। ব্যসর্জ্জযৎ বিসৃষ্টবান্ ॥৮॥

সম্পূজ্যেতি। ত্রিদশান্ দেবান্। প্রমুদিতঃ, নহুষপাতাদিনা ॥৯॥

উপসংহরতি এবমিতি। অজ্ঞাতবাসশ্চ কৃতঃ, পদ্মমৃণালসূত্রাভ্যন্তরে ॥১০॥

আশ্বাসয়তি নেতি। মন্যুর্দৈন্যম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥১১॥

"মহর্ষি! এই অথর্ব্ববেদে আপনার নাম হইবে 'অথর্ব্বাঙ্গিরস' এবং আমার এই বাক্যই তাহার উদাহরণ হইবে; আর আপনি যজ্ঞেও একটী ভাগ পাইবেন" ॥৭॥

মহারাজ! ভগবান্ দেবরাজ ইন্দ্র তখন এইভাবে অথর্ব্বাঙ্গিরসকে সম্মানিত করিয়া বিদায় দিলেন ॥৮॥

রাজা! তাহার পর ইন্দ্র সমস্ত দেবতা ও তপোধন ঋষিগণকে সম্মানিত করিয়া আনন্দিতচিত্তে ধর্ম্ম অনুসারে প্রজাপালন করিতে লাগিলেন ॥৯॥

ইন্দ্র আপন ভার্য্যার সহিত এইরূপ দুঃখ ভোগ করিয়াছিলেন এবং শত্রুগণকে সংহার করিবার ইচ্ছায় অজ্ঞাতবাসও করিয়াছিলেন ॥১০॥

অতএব রাজশ্রেষ্ঠ! তুমি—দ্রৌপদী ও মহাত্মা ভ্রাতাদের সহিত মহাবনে যে কষ্ট পাইয়াছ, সে বিষয়ে অনুতাপ করিও না ॥১১॥

---

(৭) অথর্ব্বাঙ্গিরসং নাম বেদোঽস্মিন্ বৈ ভবিষ্যতি—পি, অথর্ব্বাঙ্গিরসো নাম বেদোঽস্মিন্—রা,...অথর্ব্বাঙ্গিরসো নাম বেদেঽস্মিন্—ব, অথর্ব্বাঙ্গিরসং নাম বেদেঽস্মিন্—নি।

এবং ত্বমপি রাজেন্দ্র! রাজ্যং প্রাপ্স্যসি ভারত!।
বৃত্রং হত্বা যথা প্রাপ্তঃ শক্রঃ কৌরবনন্দন! ॥১২॥
দুরাচারশ্চ নহুষো ব্রহ্মদ্বিট্ পাপচেতনঃ।
অগস্ত্যশাপাভিহতো বিনষ্টঃ শাশ্বতীঃ সমাঃ ॥১৩॥
এবং তব দুরাত্মানঃ শত্রবঃ শত্রুসূদন!।
ক্ষিপ্রং নাশং গমিষ্যন্তি কর্ণদুর্য্যোধনাদয়ঃ ॥১৪॥
ততঃ সাগরপর্য্যন্তাং ভোক্ষ্যসে পৃথিবীমিমাম্।
ভ্রাতৃভিঃ সহিতো বীর! দ্রৌপদ্যা চ সহানয়া ॥১৫॥
উপাখ্যানমিদং শক্র-বিজয়ং বেদসম্মিতম্।
রাজ্ঞা ব্যূঢ়েষ্বনীকেষু শ্রোতব্যং জয়মিচ্ছতা ॥১৬॥
তস্মাৎ সংশ্রাবয়ামি ত্বাং বিজয়ং জয়তাং বর!।
সংস্তূয়মানা বর্দ্ধন্তে মহাত্মানো যুধিষ্ঠির! ॥১৭॥

ভারতকৌমুদী

সম্ভাবয়তি এবমিতি। বৃত্রং ত্বষ্টুঃ পুত্রং বৃত্রাসুরম্ ॥১২॥

দুরিতি। ব্রহ্মদ্বিট্ ব্রাহ্মণদ্বেষী। বিনষ্টঃ স্বর্গাৎ ভ্রষ্টঃ, শাশ্বতীঃ সমা দীর্ঘকালমিত্যর্থঃ। দৃষ্টান্তপ্রদর্শনার্থমিদমুক্তমিতি বোধ্যম্ ॥১৩॥

এবমিতি। এবং নহুষবদিত্যর্থঃ ॥১৪॥

তত ইতি। সম্ভাব্যমানবিষয়োক্তিরিয়ম্ ॥১৫॥

উপেতি। ব্যূঢেষু ব্যূহভাবেন সন্নিবেশিতেষু, অনীকেষু বিপক্ষসৈন্যেষু ॥১৬॥

ভরতবংশীয়! কৌরবনন্দন! রাজশ্রেষ্ঠ! ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়া রাজ্য লাভ করিয়াছিলেন, সেইরূপ তুমিও শত্রুবধ করিয়া রাজ্য লাভ করিবে ॥১২॥

দুরাচার, ব্রাহ্মণদ্বেষী ও পাপাত্মা নহুষ মহর্ষি অগস্ত্যের অভিসম্পাতে দীর্ঘকালের জন্য স্বর্গ হইতে বিচ্যুত হইয়াছিল ॥১৩॥

শত্রুমর্দ্দন! তোমার শত্রু দুরাত্মা কর্ণ এবং দুর্য্যোধনপ্রভৃতিও এই নহুষের মতই সত্বর বিনষ্ট হইবে ॥১৪॥

বীর! তাহার পর তুমি, ভ্রাতৃগণ ও এই দ্রৌপদীর সহিত মিলিত হইয়া সমুদ্র-পর্য্যন্ত এই সমগ্র পৃথিবী ভোগ করিবে ॥১৫॥

বিপক্ষসৈন্য ব্যূহভাবে সন্নিবেশিত হইলে, জয়াভিলাষী রাজা বেদতুল্য এই 'শক্রবিজয়'-নামক উপাখ্যান অবশ্য শ্রবণ করিবেন ॥১৬॥

---

(১২)…বৃত্রহন্তা—পি। (১৫)…মেদিনীমিমাম্—বা ব রা নি।

ক্ষত্রিয়াণামভাবোঽয়ং যুধিষ্ঠির! মহাত্মনাম্।
দুর্য্যোধনাপরাধেন ভীমার্জ্জুনবলেন চ ॥১৮॥
আখ্যানমিন্দ্রবিজয়ং য ইদং নিয়তঃ পঠেৎ।
ধূতপাপ্মা জিতস্বর্গঃ পরত্রেহ চ মোদতে ॥১৯॥
ন চাবিজং ভয়ং তস্য নাপুত্রো বা ভবেন্নরঃ।
নাপদং প্রাপ্নুয়াৎ কাঞ্চিদ্দীর্ঘমায়ুশ্চ বিন্দতি।
সর্ব্বত্র জয়মাপ্নোতি ন কদাচিৎ পরাজয়ম্ ॥২০॥

বৈশম্পায়ন উবাচ।

এবমাশ্বাসিতো রাজা শল্যেন ভরতর্ষভ!।
পূজয়ামাস বিধিবচ্ছল্যং ধর্ম্মভৃতাং বরঃ ॥২১॥

ভাবতকৌমুদী

তস্মাদিতি। বিজয়ং শক্রবিজয়ং নামোক্তমুপাখ্যানম্। যেন হি মহাত্মানো দেবা ঋষয়শ্চ, সংস্তূয়মানা উপাখ্যানেনাপীতি ভাবঃ, বর্দ্ধন্তে শ্রোত্রাদীন্ বর্দ্ধয়ন্তি ॥১৭॥

ক্ষত্রিয়াণামিতি। অযমভাবো ধ্বংস উপস্থিত ইতি শেষঃ ॥১৮॥

আখ্যানমিতি। ইন্দ্রবিজয়ং নাম। ধূতপাপ্মা নাশিতপাপঃ ॥১৯॥

নেতি। অরিজং শত্রুজাতম্। বিন্দতি লভতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

এবমিতি। রাজা যুধিষ্ঠিরঃ। ভরতর্ষভেতি জনমেজযসম্বোধনম্ ॥২১॥

বিজয়িশ্রেষ্ঠ যুধিষ্ঠির! সেই জন্যই আমি তোমাকে এই 'শক্রবিজয়' উপাখ্যান শ্রবণ করাইলাম। কারণ, মহাত্মা দেবতাদের স্তব করিলে, তাঁহারা উন্নতি বিধান করিয়া থাকেন ॥১৭॥

যুধিষ্ঠির! দুর্য্যোধনের অপরাধে এবং ভীম ও অর্জ্জুনের বলে মহাত্মা ক্ষত্রিয়-গণের এই ধ্বংস উপস্থিত হইয়াছে ॥১৮॥

যে লোক সংযত হইয়া এই ইন্দ্রবিজয় উপাখ্যান পাঠ করে, সে লোক নিষ্পাপ ও স্বর্গবিজয়ী হইয়া ইহলোকে ও পরলোকে আনন্দ লাভ করে ॥১৯॥

আর তাহার শত্রুর ভয় থাকে না, পুত্রের অভাব হয় না, কিংবা কোন বিপদ্ আসে না এবং সে দীর্ঘ আয়ু ও সর্ব্বত্র জয় লাভ করে; কিন্তু কখনও পরাজিত হয় না" ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ রাজা জনমেজয়! শল্য এইভাবে ধাম্মিক-শ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিলে, যুধিষ্ঠির যথাবিধানে শল্যের পূজা করিলেন ॥২১॥

---

(১৮) ইতঃ পরম্ 'সংগ্রামে সংক্ষয়ো ঘোরো ভবিষ্যত্যচিরাদিব' ইতি পাদদ্বয়মধিকং—নি।

শ্রুত্বা তু শল্যবচনং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
প্রত্যুবাচ মহাবাহুর্মদ্ররাজমিদং বচঃ ॥২২॥
ভবান্ কর্ণস্য সারথ্যং করিষ্যতি ন সংশয়ঃ।
তত্র তেজোবধঃ কার্য্যঃ কর্ণস্যার্জ্জুনসংস্তবৈঃ ॥২৩॥

শল্য উবাচ।

এবমেতৎ করিষ্যামি যথা মাং সম্প্রভাষসে।
যচ্চান্যদপি শক্ষ্যামি তৎ করিষ্যাম্যহং তব ॥২৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততস্ত্বামন্ত্র্য কৌন্তেয়ান্ শল্যো মদ্রাধিপস্তদা।
জগাম সবলঃ শ্রীমান্ দুর্য্যোধনমরিন্দম! ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সঞ্জয়যানে শল্যগমনে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। কুন্তীপুত্র ইতি যুধিষ্ঠিরান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥২২॥
ভবানিতি। তেজোবধঃ তেজোনাশঃ, অর্জ্জুনস্য সংস্তবৈর্বীরত্বপ্রশংসাভিঃ ॥২৩॥
এবমিতি। অন্যৎ জয়লাভানুকূল্যম্, কর্ত্তুমিতি শেষঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬॥ অথর্ব্বাঙ্গিরসো নামেতি যতোঽঙ্গিরা অথর্ব্ববেদমন্ত্রৈরিন্দ্রং তুষ্টাব ততোঽথর্ব্বাঙ্গিরসো নামাভবৎ, অস্মিন্ বেদেঽথর্ব্ববেদে, অথর্ব্ববেদস্য ঋষিরিত্যর্থঃ। উদাহরণং বাক্যমেতৎ, অথর্ব্ববেদরূপং যস্য বাক্যং স ঋষিরিতি পরিভাষাবচনাৎ ॥৭—২২॥ শত্রুতেজসো বধো যেন তাদৃশোঽর্জ্জুনসংস্তবঃ ॥২৩—২৫॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

এবং কুন্তীনন্দন মহাবাহু যুধিষ্ঠির শল্যের কথা শুনিয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥২২॥

"আপনি কর্ণের সারথ্য করিবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং তখন আপনি অর্জ্জুনের প্রশংসাদ্বারা কর্ণের তেজ নষ্ট করিবেন" ॥২৩॥

শল্য বলিলেন—"তুমি আমাকে যেরূপ বলিলে, আমি এইভাবেই ইহা করিব এবং তোমার অন্য যে আনুকূল্য করিতে পারিব, তাহাও আমি করিব" ॥২৪॥

---

(২৩)...অর্জ্জুনসংস্তবঃ—পি বা ব রা।

ঊনবিংশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

যুযুধানস্ততো বীরঃ সাত্বতানাং মহারথঃ।
মহতা চতুরঙ্গেণ বলেনাগাদ্যুধিষ্ঠিরম্ ॥১॥
তস্য যোধা মহাবীর্য্যা নানাদেশসমাগতাঃ।
নানাপ্রহরণা বীরাঃ শোভয়াঞ্চক্রিরে বলম্ ॥২॥
পরশ্বধৈর্ভিন্দিপালৈঃ শূলতোমরমুদ্গরৈঃ।
পরিঘৈর্যষ্টিভিঃ প্রাসৈঃ করবালৈশ্চ নির্ম্মলৈঃ ॥৩॥
খড়্গকার্ম্মুকনির্য্যূহৈঃ শরৈশ্চ বিবিধৈরপি।
তৈলধৌতৈঃ প্রকাশদ্ভিস্তদশোভত বৈ বলম্ ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। সবলঃ সসৈন্যঃ, শ্রীমান্ রাজোচিতকান্তিযুক্তঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সঞ্জয়যানে অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ, সাত্বতানাং সাত্বতবংশীয়ানাং মধ্যে ॥১॥

তস্যেতি। নানাপ্রহরণা বহুবিধাস্ত্রধারিণঃ। বলং তৎ সৈন্যম্ ॥২॥

অথ কানি তানি নানাপ্রহরণানীত্যাহ—পরেতি। পরশ্বধাদীনি তদানীন্তনাস্ত্রাণি। তৈলধৌতৈঃ মলপাতনিরাকরণার্থং তৈললিপ্তৈঃ, প্রকাশদ্ভিরুজ্জ্বলৈঃ ॥৩—৪॥

বৈশম্পায়ন বলিলেন—অরিন্দম! জনমেজয়! তাহার পর রাজশ্রীসম্পন্ন মদ্ররাজ শল্য পাণ্ডবগণের নিকট বিদায় লইয়া সৈন্যগণের সহিত দুর্য্যোধনের নিকট চলিয়া গেলেন ॥২৫॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যাদবগণের মধ্যে মহারথ ও বীর সাত্যকি বিশাল চতুরঙ্গ সৈন্যের সহিত যুধিষ্ঠিরের নিকট আগমন করিলেন ॥১॥

নানাদেশ হইতে আগত, মহাবলসম্পন্ন ও বীর সাত্যকির যোদ্ধারা নানাবিধ অস্ত্র ধারণ করিয়া সেই সৈন্যের শোভা জন্মাইতেছিল ॥২॥

তৈলমার্জ্জিত ও উজ্জ্বল পরশু, ভিন্দিপাল, শূল, তোমর, মুদ্গর, পরিঘ, যষ্টি,

---

(৩)…ভিণ্ডিপালৈঃ—নি,…পরিঘৈশ্চ ষ্টিভিঃ—পি,…যষ্টিভিঃ পাশৈঃ—বা ব রা নি।

তস্য মেঘপ্রকাশস্য সৌবর্ণৈঃ শোভিতস্য চ।
বভূব রূপং সৈন্যস্য মেঘস্যেব সবিদ্যুতঃ ॥৫॥
অক্ষৌহিণী তু সা সেনা তদা যৌধিষ্ঠিরং বলম্।
প্রবিশ্যান্তর্দধে রাজন্! সাগরং কুনদী যথা ॥৬॥
তথৈবাক্ষৌহিণীং গৃহ্য চেদীনামৃষভো বলী।
ধৃষ্টকেতুরুপাগচ্ছৎ পাণ্ডবানমিতৌজসঃ ॥৭॥
মাগধশ্চ জয়ৎসেনো জারাসন্ধির্মহাবলঃ।
অক্ষৌহিণ্যৈব সৈন্যস্য ধর্ম্মরাজমুপাগমৎ ॥৮॥
তথৈব পাণ্ড্যো রাজেন্দ্র! সাগরানূপবাসিভিঃ।
বৃতো বহুবিধৈর্যোধৈর্ধর্ম্মরাজমুপাগমৎ ॥৯॥

ভাবতকৌমুদী

তস্যেতি। সৌবর্ণৈঃ স্বর্ণময়পরিচ্ছদৈঃ। অতএব সবিদ্যুত ইতি বিশেষণম্ ॥৫॥
অক্ষৌহিণীতি। অক্ষৌহিণী তৎপরিমিতা। কুনদী ক্ষুদ্রনদী ॥৬॥
তথেতি। গৃহ্য গৃহীত্বা, ঋষভঃ শ্রেষ্ঠঃ, ধৃষ্টকেতুর্নাম শিশুপালপুত্রঃ ॥৭॥
মাগধ ইতি। মাগধো মগধাধিপতিঃ, জারাসন্ধির্জরাসন্ধপুত্রঃ ॥৮॥
তথেতি। সাগরানূপবাসিভিঃ সমুদ্রতীরবাসিভিঃ ॥৯॥

প্রাস, নির্ম্মল তরবারি, খড়্গ, ধনু, নির্ব্যূহ ও নানাবিধ বাণদ্বারা সেই সৈন্য শোভা পাইতে লাগিল ॥৩—৪॥

বিদ্যুৎসমন্বিত মেঘের যেমন রূপ হয়, তেমন মেঘবর্ণ ও স্বর্ণপরিচ্ছদশোভিত সেই সৈন্যের রূপ দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৫॥

রাজা! ক্ষুদ্র নদী যেমন সমুদ্রমধ্যে প্রবেশ করিয়া লীন হইয়া যায়, সেইরূপ সেই অক্ষৌহিণীপরিমিত সৈন্য আসিয়া তখন যুধিষ্ঠিরের সৈন্যের মধ্যে প্রবেশ করিয়া লীন হইয়া গেল ॥৬॥

চেদিশ্রেষ্ঠ ও বলবান্ ধৃষ্টকেতুও সেইরূপ এক অক্ষৌহিণী সৈন্য লইয়া অমিত-তেজা পাণ্ডবগণের নিকট আগমন করিলেন ॥৭॥

জরাসন্ধের পুত্র মগধদেশের রাজা মহাবল জয়ৎসেন এক অক্ষৌহিণী সৈন্যের সহিত যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ! সেইরূপই পাণ্ড্যরাজা সমুদ্রতীরবাসী নানাবিধ যোদ্ধৃগণে পরিবেষ্টিত হইয়া ধর্ম্মরাজের নিকট আগমন করিলেন ॥৯॥

---

(৮)…সৈন্যস্য—পি। (৯)…যুধিষ্ঠিরমুপাগমৎ—বা ব চা নি।

তস্য সৈন্যমতীবাসীত্তস্মিন্ বলসমাগমে।
প্রেক্ষণীয়তরং রাজন্! সুবেশং বলবত্তদা ॥১০॥
কেকয়াশ্চ নরব্যাঘ্রাঃ সোদরাঃ পঞ্চ পার্থিবাঃ।
সংহর্ষয়ন্তঃ কৌন্তেয়ানক্ষৌহিণ্যা সমাগতাঃ ॥১১॥
দ্রুপদস্যাপ্যভূৎ সেনা নানাদেশসমাগতৈঃ।
শোভিতা পুরুষৈঃ শূরৈঃ পুত্রৈশ্চাস্য মহারথৈঃ ॥১২॥
তথৈব রাজা মৎস্যানাং বিরাটো বাহিনীপতিঃ।
পার্ব্বতীয়ৈর্মহীপালৈঃ সহিতঃ পাণ্ডবানয়াৎ ॥১৩॥
ইতশ্চেতশ্চ পাণ্ডূনাং সমাজগ্মুর্মহাত্মনাম্।
অক্ষৌহিণ্যস্তু সপ্তৈতা বিবিধধ্বজসঙ্কুলাঃ।
ভরতনন্দন ! বরলাভ, রাজ্যলাভ ও পুত্রজন্ম—এই তিনটী একদিকে, আর বিপদ্‌ হইতে শত্রুকে উদ্ধার করা এই একটী মাত্র একদিকে ; কিন্তু সেই উভয়পক্ষই আনন্দলাভে সমান ॥৭৩॥

যে লোক পূর্ব্বে সেবা করিত, যে লোক বর্ত্তমানে সেবা করিতেছে এবং যে লোক 'আমি আপনার অধীন হইলাম' এই কথা বলিতেছে, এই তিন জন শরণাগত ব্যক্তিকে নিজের বিপৎকালেও ত্যাগ করিবে না ॥৭৪॥

অল্পবুদ্ধি লোকদের সহিত মন্ত্রণা, দীর্ঘসূত্র লোকদের সহিত মন্ত্রণা, অলস লোকদের সহিত মন্ত্রণা এবং স্তাবক লোকদের সহিত মন্ত্রণা, এই চারিটী কার্য্য মহাবল রাজা বর্জ্জন করিবেন। কারণ, পণ্ডিত লোকই সেগুলি (সেগুলির কারণ) বুঝিতে পারেন ॥৭৫॥

চত্বারি তে তাত! গৃহে বসন্তু শ্রিয়াভিযুক্তস্য গৃহস্থধর্ম্মে।
বৃদ্ধো জ্ঞাতিরবসন্নঃ কুলীনঃ সখা দরিদ্রো ভগিনী চানপত্যা ॥৭৬॥
চত্বার্য্যাহ মহারাজ! সাদ্যস্কানি বৃহস্পতিঃ।
পৃচ্ছতে ত্রিদশেন্দ্রায় তানীমানি নিবোধ মে ॥৭৭॥
দেবতানাঞ্চ সঙ্কল্পমনুভাবঞ্চ ধীমতাম্।
বিনয়ং কৃতবিদ্যানাং বিনাশং পাপকর্ম্মণাম্ ॥৭৮॥ (যুগ্মকম্)
চত্বারি কর্ম্মাণ্যভয়ঙ্করাণি ভয়ং প্রয়চ্ছন্ত্যযথা কৃতানি।
মানাগ্নিহোত্রমুত মানমৌনং মানেনাধীতমুত মানযজ্ঞঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

চত্বারীতি। হে তাত! জ্যেষ্ঠভ্রাতৃতয়া তাততুল্য!। অভিযুক্তস্য সর্ব্বতঃ সমন্বিতস্য। অবসন্ন আশ্রয়শূন্যঃ। অনপত্যা নিঃসন্তানা ॥৭৬॥

চত্বারীতি। সাদ্যস্কানি সাদ্যস্কযাগতুল্যানি সদ্যঃ ফলজনকানি। কানি তানীত্যাহ—দেবতানামিতি। দেবতানামিত্যুপলক্ষণম্ ঋষীণামপি। অনুভাবম্ অনুভবম্। বিনয়ং নম্রতাম্। বিনাশং বিনাশোপযোগি পাপকর্ম্ম ॥৭৭—৭৮॥

চত্বারীতি। চত্বারি কর্ম্মাণি, অভয়ঙ্করাণি যথাযথং কৃতানীতি বোধ্যম্, পরত্র অযথা কৃতানীত্যভিধানাৎ। অযথা কৃতানি তু ভয়মেব ব্যাপবাদাদিকৃতং প্রযচ্ছন্তি। নন্থ কানি

ভারতভাবদীপঃ

পাঠে বহুভোক্তৃভিঃ ॥৭৫॥ বৃদ্ধঃ কুলধর্ম্মানুপদিশতি। কুলীনঃ শিশূন্ আচারং গ্রাহয়তি। সখা হিতং বদতি। তাদৃশা ভীষ্মদ্রোণবিদুরাঃ। ভগিনী ধনং রক্ষতি। তব গৃহে সর্ব্বেঽপি সন্তি পরন্তূপদেশং ন গৃহ্নাসীতি ভাবঃ ॥৭৬॥ সাদ্যস্কানি সদ্যঃফলানি ॥৭৭॥ দেবতাঃ স্বর্গভাজঃ স্বর্গপদার্থশ্চ। "যন্ন দুঃখেন সংভিন্নং ন চ গ্রস্তমনন্তরম্। অভিলাষোপনীতশ্চ তৎসুখং স্বঃপদাস্পদম্ ॥" ইত্যেবংরূপঃ অতস্তে সত্যসঙ্কল্পাঃ ধীমতামগস্ত্যাদীনামনুভাবং সমুদ্রপানাদি-প্রভাবং তেঽপি দেবতুল্যা ইত্যর্থঃ। বিনযোঽপি গুরুপ্রসাদকরত্বেন সদ্যঃফল। বিনাশহেতু-কর্ম্মাপি চৌর্য্যাদিকং তচ্চ স্বয়োবাস্তি। তব তু সর্ব্বং কর্ম্ম মানার্থমেবেতি ভাবঃ ॥৭৮—৭৯॥

মাননীয় রাজা! আপনি সম্পত্তিশালী এবং গৃহস্থ; সুতরাং আপনার ঘরে চারি শ্রেণীর লোক বাস করুক। যথা—বৃদ্ধ জ্ঞাতি, নিরাশ্রয় কুলীন, দরিদ্র সখা এবং নিঃসন্তানা ভগিনী ॥৭৬॥

মহারাজ! ইন্দ্র জিজ্ঞাসা করিলে, বৃহস্পতি তাঁহার নিকটে সাদ্যস্কনামক যাগের ন্যায় সদ্য ফলজনক চারিটী বিষয় বলিয়াছিলেন। সেই চারিটী বিষয় এই আমার নিকট শ্রবণ করুন—দেবতাদের সঙ্কল্প, বুদ্ধিমান্দের অনুভব, কৃতবিদ্যগণের বিনয় এবং পাপীদের পাপকর্ম্ম ॥৭৭—৭৮॥

(৭৬)···শ্রিয়াভিজুষ্টস্য—বা ব রা নি।

পঞ্চাগ্নয়ো মনুষ্যেণ পরিচর্য্যাঃ প্রযত্নতঃ।
পিতা মাতাগ্নিরাত্মা চ গুরুশ্চ ভরতর্ষভ ! ॥৮০॥
পঞ্চৈব পূজয়ল্লোঁকে যশঃ প্রাপ্নোতি কেবলম্।
দেবান্ পিতৄন্ মনুষ্যাংশ্চ ভিক্ষূনতিথিপঞ্চমান্ ॥৮১॥
পঞ্চ ত্বানুগমিষ্যন্তি যত্র যত্র গমিষ্যসি।
মিত্রাণ্যমিত্রা মধ্যস্থা উপজীব্যোপজীবিনঃ ॥৮২॥

ভারতকৌমুদী

তানি চত্বারি কর্ম্মাণি, কীদৃশঞ্চ তেষাং যথাযথকৃতত্বম্ অযথা কৃতত্বঞ্চেত্যাহ—মানেতি। মানেন বেদাদিপ্রমাণানুসারেণ কৃতমগ্নিহোত্রং মানাগ্নিহোত্রং তচ্চ তথা কৃতং যথাযথকৃতং সৎ অভয়ঙ্করং স্যাৎ নরকাদিনিবর্ত্তকত্বাৎ। মানায় সম্মানলাভায় বেদাদিপ্রমাণানুসারেণ কৃতমগ্নিহোত্রন্তু অযথাকৃতমিতি ব্যয়লোকাপবাদাদিভয়ং প্রযচ্ছত্যেবেতি ভাবঃ। ইত্থমন্যত্রাপি ব্যাখ্যেয়ম্ ॥৭৯॥

সাম্প্রতং চতুর্ভিঃ শ্লোকৈঃ পঞ্চপর্য্যায়ানাহ—পঞ্চেতি। পরিচর্য্যাঃ সেব্যাঃ ॥৮০॥

পঞ্চেতি। কেবলং নিশ্চিতম্। মনুষ্যান্ গুরুপর্য্যায়ান্ ॥৮১॥

পঞ্চেতি। ত্বা ত্বাম্। অমিত্রাঃ শত্রবঃ। উপজীব্যাঃ সেব্যা গুর্ব্বাদয়ঃ ॥৮২॥

ভারতভাবদীপঃ

অগ্নিবৎ পিত্রাদয়োঽপি পূজ্যা এব নাস্কন্দনীযাঃ তব পুত্রস্তু গুরুং যুধিষ্ঠিরং ন পূজযতীতি ভাবঃ ॥৮০॥ পিতৄন্ অগ্নিষ্বাত্তাদীন্ গোত্রপ্রবর্ত্তকানৃষীংশ্চ। মনুষ্যান্ পিত্রাদীন্ জ্যেষ্ঠো ভ্রাতা পিতুঃ সম ইতি পিতৃতুল্যত্বংপুত্রস্থ যুধিষ্ঠির ইতি ভাবঃ ॥৮১॥ ত্বা ত্বাম্, উপজীব্যাঃ গুরবঃ। ইহলোকে সাধিতা মিত্রাদয়ঃ। ইহ পরলোকে জন্মান্তরে বা স্বং স্বং কার্য্যং কুর্ব্বন্তীত্যর্থঃ। মিত্রেষু পাণ্ডবেষু মৈত্রীমাচরেতি ভাবঃ। ত্বন্তু অন্ধত্বাৎ দুর্জ্জনবচনপ্রতারিতঃ পাণ্ডবানাং

প্রমাণ অনুসারে বিহিত অগ্নিহোত্র, মৌনব্রত, অধ্যয়ন ও যজ্ঞ, এই চারিটী কার্য্য ভয় নিবারণ করে; আবার প্রমাণব্যতীত কেবল সম্মান লাভের জন্য বিহিত অগ্নিহোত্র, মৌনব্রত, অধ্যয়ন ও যজ্ঞ, এই চারিটী কার্য্য ভয়ই উৎপাদন করে ॥৭৯॥

ভরতশ্রেষ্ঠ! মানুষ বিশেষ যত্ন সহকারে পাঁচটী অগ্নির পরিচর্য্যা করিবে। সে পাঁচটী অগ্নি যথা—পিতা, মাতা, অগ্নি, আত্মা ও গুরু ॥৮০॥

মানুষ পঞ্চবিধ প্রাণীর পূজা করিতে থাকিয়া জগতে কেবল যশই লাভ করে। সে পঞ্চবিধ প্রাণী যথা—দেবতা, পিতৃলোক, গুরুজন, ভিক্ষুক ও অতিথি ॥৮১॥

আপনি যেখানে যেখানে গমন করিবেন, সেইখানে সেইখানেই পঞ্চবিধ লোক আপনার অনুগমন করিবে। যথা—মিত্র, অমিত্র (শত্রু), মধ্যস্থ, সেব্য ও সেবক ॥৮২॥

পঞ্চেন্দ্রিয়স্য মর্ত্ত্যস্য ছিদ্রঞ্চেদেকমিন্দ্রিয়ম্।
ততোঽস্য স্রবতি প্রজ্ঞা দৃতেঃ পাত্রাদিবোদকম্ ॥৮৩॥
ষড়্দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা।
নিদ্রা তন্দ্রী ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রতা ॥৮৪॥
ষড়িমান্ পুরুষো জহ্যাদ্ভিন্নাং নাবমিবার্ণবে।
অপ্রবক্তারমাচার্য্যমনধীয়ানমৃত্বিজম্ ॥৮৫॥
অরক্ষিতারং রাজানং ভার্য্যাঞ্চাপ্রিয়বাদিনীম্।
গ্রামকামঞ্চ গোপালং বনকামঞ্চ নাপিতম্ ॥৮৬॥ (যুগ্মকম্)
ষড়েব তু গুণাঃ পুংসা ন হাতব্যাঃ কদাচন।
সত্যং দানমনালস্যমনসূয়া ক্ষমা ধৃতিঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

পঞ্চেতি। ছিদ্রং ছিদ্রযুক্তং বিকলমিত্যর্থঃ। দৃতেঃ চর্ম্মময়াৎ ॥৮৩॥

ইহ ত্রয়োদশভিঃ শ্লোকৈঃ ষট্‌পর্য্যায়ানাহ—ষডিতি। ভূতিং সম্পদম্ ॥৮৪॥

ষডিতি। জহ্যাৎ ত্যজেৎ, ভিন্নাং বিদীর্ণাম্। অপ্রবক্তারম্ অবেদবাদিনম্। অনধীয়ানম্ অবেদপাঠিনম্। গ্রামং গ্রামস্থান্ সর্ব্বানেব জনান্ কাময়তে গব্যবিক্রয়ায় আয়ত্তীকর্ত্তুমিচ্ছতীতি তম্। বনকামং বৈরাগ্যাৎ ॥৮৫—৮৬॥

ষডিতি। অনসূয়া পরদোষানাবিষ্করণম্। ধৃতির্ধৈর্য্যম্ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

গুণান্ ন পশ্যতীতি ভাবঃ ॥৮২॥ দৃতেশ্চর্ম্মময়াজ্জলপাত্রাৎ ॥৮৩॥ ষডিতি। ক্রোধোঽত্র তন্মূলকো দ্বেষো গ্রাহ্যঃ ॥৮৪—৮৫॥ পাণ্ডবানাম্ অরক্ষিতা রাজা ত্বম্ অন্যেষামপি ত্যাজ্যো

চক্ষু, কর্ণ, নাসিকা, ত্বক্ ও জিহ্বা—এই পঞ্চেন্দ্রিয়যুক্ত মানুষের কোন ইন্দ্রিয় যদি বিকল হয়, তবে ছিদ্রযুক্ত চর্ম্মপাত্র হইতে জলের ন্যায় তাহার বুদ্ধি ভ্রষ্ট হয় ॥৮৩॥

নিদ্রা, তন্দ্রা, ভয়, ক্রোধ, আলস্য ও দীর্ঘসূত্রতা—এই ছয়টা দোষকে উন্নতি-কামী লোক পরিত্যাগ করিবে ॥৮৪॥

মানুষ সমুদ্রে বিদীর্ণ নৌকার ন্যায় এই ছয় জনকে পরিত্যাগ করিবে। যথা—অবক্তা আচার্য্য, অবেদপাঠী পুরোহিত, অরক্ষক রাজা, অপ্রিয়বাদিনী ভার্য্যা, সম্পূর্ণগ্রামাভিলাষী গোপাল এবং বনগমনাভিলাষী নাপিত ॥৮৫—৮৬॥

সত্য, দান, অনালস্য, অনসূয়া, ক্ষমা ও ধৈর্য্য -এই ছয়টী গুণকে মানুষ কখনও পরিত্যাগ করিবে না ॥৮৭॥

---

(৮৪)…নিদ্রা তন্দ্রা—ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ। (৮৬) অরক্ষিতারং ভর্ত্তারম্—পি।

অর্থাগমো নিত্যমরোগিতা চ প্রিয়া চ ভার্য্যা প্রিয়বাদিনী চ।
বশ্যশ্চ পুত্রোঽর্থকরী চ বিদ্যা ষড়্‌জীবলোকস্য সুখানি রাজন্! ॥৮৮॥
ষণ্ণামাত্মনি নিত্যানামৈশ্বর্য্যং যোঽধিগচ্ছতি।
ন স পাপৈঃ কুতোঽনর্থৈর্যুজ্যতে বিজিতেন্দ্রিয়ঃ ॥৮৯॥
ষড়িমে ষট্‌সু জীবন্তি সপ্তমো নোপলভ্যতে।
চৌরাঃ প্রমত্তে জীবন্তি ব্যাধিতেষু চিকিৎসকাঃ ॥৯০॥
প্রমদাঃ কাময়ানেষু যজমানেষু যাজকাঃ।
রাজা বিবদমানেষু নিত্যং মূর্খেষু পণ্ডিতাঃ ॥৯১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অর্থেতি। নিত্যমিতি পূর্ব্বাপরয়োরুভয়োরেবান্বয়মর্হতি। ব্যবহারেঽপি প্রিয়া। অর্থকরী ধনার্জ্জনসাধিনী। প্রিয়াপ্রিয়বাদিন্যৌ দ্বে ইতি ষট্ ॥৮৮॥

ষণ্ণামিতি। যো জনঃ, আত্মনি মনসি, নিত্যানাং নিত্যস্থিতানাম্, ষণ্ণাং কামক্রোধ লোভমোহমদমাৎসর্য্যাণাম্, ঐশ্বর্য্যং প্রভুত্বম্, অধিগচ্ছতি তান্ ষড়্‌দোষান্ জেতুমর্হতীত্যর্থঃ, বিজিতেন্দ্রিয়ঃ স জনঃ, পাপৈর্ন যুজ্যতে ন লিপ্যতে। অতএব কুতঃ অনর্থৈর্বিপদ্ভির্যুজ্যতে, অপি তু কুতোঽপি নেত্যর্থঃ ॥৮৯॥

ষড়িতি। ইমে অনুপদমুচ্যমানাশ্চৌরাদয়ঃ ষট্, প্রমত্তাদিষু ষট্‌সু, জীবন্তি প্রমত্তাদিভ্যো ধনগ্রহণেন জীবিকাং নির্ব্বাহয়ন্তি। কিন্তু চৌরাদিভ্যঃ ষড়্‌ভ্য ইতরঃ সপ্তমো নোপলভ্যতে ময়া ন জ্ঞায়তে। কে তে ষডিত্যাহ—চৌরা ইত্যাদি। চৌরাঃ, প্রমত্তে অনবধানে গৃহস্থে জীবন্তি তস্মাদ্ধনগ্রহণেন জীবিকাং নির্ব্বাহয়ন্তি। এবং সর্ব্বত্র। ব্যাধিতেষু রোগিষু। প্রমদাঃ কামিন্যঃ, কাময়ানেষু কামিষু পুরুষেষু। বিবদমানেষু জনেষু ॥৯০—৯১॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যতীত্যর্থঃ ॥৮৬॥ দুর্য্যোধনত্যাগার্থং তব ধৃতির্ধৈর্য্যং নাস্তীতি ভাবঃ ॥৮৭—৮৮॥ ষণ্ণামিতি। আত্মনি চিত্তে নিত্যানাং ষণ্ণাম্। কামক্রোধৌ শোকমোহৌ মদমানৌ চ ষট্‌পদীত্যুক্তানাম্। ঐশ্বর্য্যং বশিত্বম্। ত্বন্তু রাজ্যকামঃ পাপৈরনর্থৈশ্চ যুক্তোঽসীতি ভাবঃ

রাজা! প্রত্যহ অর্থাগম, সর্ব্বদা অরোগিতা, প্রিয়া ভার্য্যা, প্রিয়বাদিনী ভার্য্যা, বশীভূত পুত্র এবং অর্থকরী বিদ্যা—এই ছয়টাই মানুষের সুখজনক ॥৮৮॥

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য—এই ছয়টা দোষ সর্ব্বদাই মনে বিদ্যমান থাকে; কিন্তু যে লোক এই ছয়টা দোষকে জয় করিতে পারে, সে লোক পাপে লিপ্ত হয় না; সুতরাং সে, বিপদাপন্ন কেন হইবে? ॥৮৯॥

এই ছয়প্রকার লোক এই ছয়প্রকার লোকের উপর নির্ভর করিয়া জীবিকা-নির্ব্বাহ করে; কিন্তু ইহাদের সপ্তমের বিষয় আমি জানি না। যথা—

(৮৮) ইত্যাদয়স্ত্রয়ঃ শ্লোকাঃ বা ন সন্তি। (৯০)···সপ্তমো নোপপদ্যতে—পি।

ষড়িমানি বিনশ্যন্তি মুহূর্ত্তমনবেক্ষণাৎ।
গাবঃ সেবা কৃষির্ভার্য্যা বিদ্যা বৃষলসঙ্গতিঃ ॥৯২॥
ষড়েতে হ্যবমন্যন্তে নিত্যং পূর্ব্বোপকারিণম্।
আচার্য্যং শিক্ষিতাঃ শিষ্যাঃ কৃতদারাশ্চ মাতরম্ ॥৯৩॥
নারীং বিগতকামাশ্চ কৃতার্থাশ্চ প্রযোজকম্।
নাবং নিস্তীর্ণকান্তারা আতুরাশ্চ চিকিৎসকম্ ॥৯৪॥ (যুগ্মকম্)
আরোগ্যমানৃণ্যমবিপ্রবাসঃ সদ্ভির্মনুষ্যৈঃ সহ সংপ্রয়োগঃ।
স্বপ্রত্যয়া বৃত্তিরভীতবাসঃ ষড় জীবলোকস্য সুখানি রাজন্! ॥৯৫॥

ভারতকৌমুদী

ষডিতি। বিনশ্যন্তি অদৃশ্যানি ভবন্তি। বৃষলসঙ্গতিঃ শূদ্রসম্পর্কঃ ॥৯২॥

ষডিতি। কৃতদারাঃ পুত্রাঃ। বিগতকামাঃ তৎসম্ভোগেন তিরোহিতকামাঃ পুরুষাঃ। কৃতার্থাঃ সম্পাদিতপ্রয়োজনাঃ, প্রযোজকং তৎপ্রযোজনসাধকম্। নিস্তীর্ণকান্তারা অতীত-দুর্গমপথাঃ। আতুরা নীরোগাঃ সন্তঃ ॥৯৩—৯৪॥

ভারতভাবদীপঃ

॥৮৯—৯০॥ পণ্ডিতাঃ পাণ্ডবাঃ মূর্খেষু ত্বৎপুত্রেষু রাজ্যং লপ্স্যন্তে্যবেত্যর্থঃ ॥৯১॥ বৃষলঃ শূদ্রঃ, পুত্রস্নেহাক্রান্তেন ত্বয়া সবিদ্যাঽনবেক্ষণান্নাশিতা অন্যথা সত্যং ন জহ্যা ইতি ভাবঃ ॥৯২—৯৩॥ আতুরা আরোগ্যে সতীতি শেষঃ, ত্বস্তু কৃৎস্নরাজ্যলাভেন কৃতকৃত্যত্বাৎ পাণ্ডবানবমন্যসে ॥৯৪॥

চৌরগণ অসাবধান গৃহস্থগণের উপর নির্ভর করিয়া জীবিকানির্ব্বাহ করে; চিকিৎসকেরা রোগীদের উপরে নির্ভর করিয়া জীবিকা সম্পাদন করেন; কামিনীরা কামুক পুরুষদের উপরে নির্ভর করিয়া জীবনোপায় সংগ্রহ করে; পুরোহিতেরা যজমানদের উপরে নির্ভর করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করেন; রাজারা বিবদমান প্রজাদের উপরে নির্ভর করিয়া জীবিকার উপায় করেন এবং পণ্ডিতেরা সর্ব্বদাই মূর্খদের উপরে নির্ভর করিয়া জীবন যাপন করেন ॥৯০—৯১॥

গরু, সেবা, কৃষি, ভার্য্যা, বিদ্যা ও শূদ্রসম্পর্ক—এই ছয়টা, মুহূর্ত্তকাল পর্য্যবেক্ষণ না করিলেই বিনষ্ট হইয়া যায় ॥৯২॥

এই ছয় জন পূর্ব্বোপকারীর প্রতি সর্ব্বদা অবজ্ঞা করিয়া থাকে। যথা—শিক্ষিত শিষ্য অধ্যাপকের প্রতি, কৃতদার পুত্র মাতার প্রতি, কৃতসম্ভোগ পুরুষ নারীর প্রতি, কৃতকার্য্য লোক কার্য্যসাধকের প্রতি, দুর্গম পথ অতিক্রমের পর নৌকার প্রতি এবং রোগী আরোগ্যলাভের পর চিকিৎসকের প্রতি অবজ্ঞা করিয়া থাকে ॥৯৩—৯৪॥

ঈর্ষুর্ঘৃণী হ্যসন্তুষ্টঃ ক্রোধনো নিত্যশঙ্কিতঃ।
পরভাগ্যোপজীবী চ ষড়েতে নিত্যদুঃখিতাঃ ॥৯৬॥
সপ্ত দোষাঃ সদা রাজ্ঞা হাতব্যা ব্যসনোদয়াঃ।
প্রায়শো যৈর্বিনশ্যন্তি কৃতমূলা অপীশ্বরাঃ ॥৯৭॥
স্ত্রিয়োঽক্ষা মৃগয়া পানং বাক্পারুষ্যঞ্চ পঞ্চমম্।
মহচ্চ দণ্ডপারুষ্যমর্থদূষণমেব চ ॥৯৮॥
অষ্টৌ পূর্ব্বনিমিত্তানি নরস্য বিনশিষ্যতঃ।
ব্রাহ্মণান্ প্রথমং দ্বেষ্টি ব্রাহ্মণৈশ্চ বিরুধ্যতে ॥৯৯॥

ভারতকৌমুদী

পুনঃ ষড্‌বিধং সুখমাহ—আরোগ্যমিতি। অবিপ্রবাসঃ স্বদেশবাসঃ। সংপ্রয়োগঃ সংসর্গঃ। স্বপ্রত্যয়া স্বাধীনা, "প্রত্যয়োঽধীনশপথজ্ঞানবিশ্বাসহেতুষু" ইত্যমরঃ। অভীতো বাজাদিভয়রহিতশ্চাসৌ বাসশ্চেতি সঃ ॥৯৫॥

ঈর্ষুরিতি। ঈর্ষুঃ পরের্ষ্যাকারী, ঘৃণী পরস্মিন্ জুগুপ্সাবান্ ॥৯৬॥

ইদানীং সপ্তপর্য্যায়ানাহ দ্বাভ্যাং সপ্তেতি। ব্যসনোদয়া আসক্তিমূলাঃ ॥৯৭॥

উক্তান্ সপ্ত দোষান্ গণযতি—স্ত্রিয় ইতি। অক্ষা দ্যূতক্রীড়াঃ। বাক্পারুষ্যং কটুভাষিত্বম্। দণ্ডপারুষ্যং নিষ্ঠুরদণ্ডঃ, অর্থদূষণম্ উৎকোচাদিরূপেণ ধনাদানম্ ॥৯৮॥

অধুনা অষ্টাভিঃ শ্লোকৈরষ্টপর্য্যায়ানাহ—অষ্টাবিতি। পূর্ব্বনিমিত্তানি সূচকানি ॥৯৯॥

ভাবতভাবদীপঃ

স্বপ্রত্যয়া স্বানুকূলা বৃত্তির্জীবিকা তব সৎসঙ্গো নাস্তীত্যর্থঃ ॥৯৫॥ ঈর্ষুরিতি। ত্বয়ি তু ঈর্ষুত্বং ঘৃণা দয়া তব তু বহ্বঃ পুত্রো নাস্তীতি ভাবঃ ॥৯৬—৯৭॥ বাক্পারুষ্যং দণ্ডপারুষ্যঞ্চ পাণ্ডবেষু ত্বৎপুত্রৈঃ কৃতম্ ॥৯৮॥ দ্বেষ্টি মনসাঽনিষ্টং চিন্তয়তি, বিরুধ্যতে কর্ম্মণা ॥৯৯॥ অষ্টসু

রাজা! রোগ না থাকা, ঋণ না থাকা, বিদেশে বাস না করা, সজ্জনের সহিত সংসর্গ করা, স্বাধীন বৃত্তি এবং নির্ভয়ে বাস, এই ছয়টা জীবলোকের সুখ ॥৯৫॥

পরের প্রতি ঈর্ষ্যাকারী ও ঘৃণাকারী, অসন্তুষ্টচিত্ত, ক্রোধশীল, সর্ব্বদা আশঙ্কাকারী এবং পরভাগ্যোপজীবী—এই ছয় জন সর্ব্বদা দুঃখভোগ করে ॥৯৬॥

সুপ্রতিষ্ঠিত প্রভুরাও যেগুলিদ্বারা প্রায়ই বিনষ্ট হইয়া থাকেন, আসক্তিমূলক সেই সপ্তবিধ দোষ রাজা সর্ব্বদাই ত্যাগ করিবেন ॥৯৭॥

সেই সপ্তবিধ দোষ যথা—স্ত্রী, দ্যূতক্রীড়া, মৃগয়া, পান, কটু কথা বলা, নিষ্ঠুরভাবে গুরুতর দণ্ড করা এবং উৎকোচপ্রভৃতি গ্রহণ করা ॥৯৮॥

---

(৯৬) ঈর্ষ্যী ঘৃণী···দুঃখভাগিনঃ—ইতি হিতোপদেশধৃতঃ পাঠঃ,···নসন্তুষ্টঃ—বা ব রা নি।

ব্রাহ্মণস্বানি চাদত্তে ব্রাহ্মণাংশ্চ জিঘাংসতি।
রমতে নিন্দয়া চৈষাং প্রশংসাং নাভিনন্দতি ॥১০০॥
নৈনান্ স্মরতি কৃত্যেষু যাচিতশ্চাভ্যসূয়তি।
এতান্ দোষান্ নরঃ প্রাজ্ঞো বুদ্ধ্যা বুদ্ধ্বা বিবর্জ্জয়েৎ ॥১০১॥
অষ্টাবিমানি হর্ষস্য মহাস্থানানি ভারত!।
বর্ত্তমানানি দৃশ্যন্তে তান্যেব স্বসুখান্যপি ॥১০২॥
সমাগমশ্চ সখিভির্মহাংশ্চৈব ধনাগমঃ।
পুত্রেণ চ পরিষ্বঙ্গঃ সন্নিপাতশ্চ মৈথুনে ॥১০৩॥
সময়ে চ প্রিয়ালাপঃ স্বযূথ্যেষু সমুন্নতিঃ।
অভিপ্রেতস্য লাভশ্চ পূজা চ জনসংসদি ॥১০৪॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণেতি। রমতে আনন্দতি। নাভিনন্দতি সাদরং ন শৃণোতি ॥১০০॥
নেতি। কৃত্যেষু শ্রাদ্ধাদিষু। অভ্যসূয়তি দোষমাবিষ্করোতি ॥১০১॥
অষ্টাবিতি। মহাস্থানানি প্রধানকারণানি। স্বসুখানি আত্মসুখজনকানি ॥১০২॥
সমিতি। সমাগমঃ সম্মেলনম্। পরিষ্বঙ্গ আলিঙ্গনম্। মৈথুনে সন্নিপাতো রেতঃস্খলনম্ ॥১০৩॥
সময় ইতি। স্বযূথ্যেষু স্বজনেষু, সমুন্নতিরভ্যুদয়ঃ ॥১০৪॥

মানুষ বিনষ্ট হইবার পূর্ব্বে তাহার এই অষ্টবিধ সূচক উপস্থিত হয়। যথা—মানুষ প্রথমে ব্রাহ্মণের প্রতি বিদ্বেষ করে, তাহার পর ব্রাহ্মণের সহিত বিরোধ করে ॥৯৯॥

ক্রমে ব্রাহ্মণের ধন হরণ ও ব্রাহ্মণকে হত্যা করিবার ইচ্ছা করে, ব্রাহ্মণদের নিন্দায় আনন্দিত হয়, আদরের সহিত তাঁহাদের প্রশংসা শ্রবণ করে না ॥১০০॥

শ্রাদ্ধপ্রভৃতিকার্য্যে ব্রাহ্মণদিগকে স্মরণ করে না এবং কোন ব্রাহ্মণ কিছু প্রার্থনা করিলে, তাহাতে দোষারোপ করে। বুদ্ধিমান্ লোক বুদ্ধিদ্বারা বুঝিয়া এই অষ্টবিধ দোষ পরিত্যাগ করিবেন ॥১০১॥

ভরতনন্দন! এই আটটা হর্ষের প্রধান কারণ রহিয়াছে দেখা যায় এবং সেগুলি নিজের সুখ উৎপাদনও করে ॥১০২॥

সুহৃদ্বর্গের সহিত মেলন, প্রচুর ধনাগম, পুত্রের আলিঙ্গন এবং মৈথুনকালে রেতঃস্খলন ॥১০৩॥

---

(১০২)···নবনীতানি ভারত!—বা ব রা নি।

অষ্টৌ গুণাঃ পুরুষং দীপয়ন্তি প্রজ্ঞা চ সত্যঞ্চ দমঃ শ্রুতঞ্চ।
পরাক্রমশ্চাবহুভাষিতা চ দানং যথাশক্তি কৃতজ্ঞতা চ ॥১০৫॥
এতান্ গুণাংস্তাত! মহানুভাবানেকো গুণঃ সংশ্রয়তে প্রসহ্য।
রাজা যদা সৎ কুরুতে মনুষ্যং সর্ব্বান্ গুণানেষ গুণো বিভর্ত্তি ॥১০৬॥
নবদ্বারমিদং বেশ্ম ত্রিস্থূণং পঞ্চসাক্ষিকম্।
ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতং বিদ্বান্ যো বেদ স পরঃ কবিঃ ॥১০৭॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। দীপয়ন্তি উজ্জ্বলীকুর্ব্বন্তি। দম ইন্দ্রিয়দমনম্ ॥১০৫॥

এতানিতি। হে তাত! তাতবন্মাননীয়! মহানুভাবান্ মহাপ্রভাবান্, একঃ পর-সৎকাররূপঃ, প্রসহ্য বলেন। যদা যৎ। সর্ব্বান্ গুণান্ সর্ব্বগুণফলানি ॥১০৬॥

একেন নবপর্য্যায়ানাহ—নবেতি। যো বিদ্বান্, নব নয়নদ্বয়-কর্ণদ্বয়-নাসিকাদ্বয়-মুখ-শিশ্ন-পায়ুরূপাণি দ্বারাণি যস্য তৎ, ত্রয়ো বাত-পিত্ত-কফাঃ স্থূণাঃ স্তম্ভাঃ স্তম্ভবৎ ধারকা যস্য তৎ, পঞ্চ শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ সাক্ষিণঃ সাক্ষিবদাদরণীয়া যত্র তৎ, ক্ষেত্রজ্ঞেন জীবেন অধিষ্ঠিতঞ্চ, ইদং শরীররূপং বেশ্ম গৃহম্, বেদ উক্তরূপতয়া জানাতি, স পরঃ প্রধানঃ, কবির্জ্ঞানী, যথার্থজ্ঞত্বাৎ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

চরমং ত্বৎপুত্রে মৈত্রেয়স্যাবমানতো ভবিষ্যতীতি জানামীতি ভাবঃ ॥১০০—১০৩॥ জনসংসদি সভায়াং দ্রৌপদ্যা আনয়নেন পূজাহপি তব নষ্টা ॥১০৪—১০৬॥ নবেতি। শ্রোত্রাদিপঞ্চকং মনোবুদ্ধ্যহঙ্কারাঃ স্থূলশরীরং চেতি নবদ্বারাণীব দ্বারাণি বিষয়গ্রহণমার্গা যস্মিংস্তৎ। তিস্রঃ স্থূণাঃ স্তম্ভা ইব বিধারকা যস্য তে চ অবিদ্যা কামঃ কর্ম্ম চ। বেশ্ম গৃহং দেহদ্বয়াত্মকং পঞ্চ সাক্ষিবদুদাসীনাঃ শব্দাদয়ো গ্রাহ্যা যস্মিন্। পঞ্চভূমিকমিতি পাঠে পঞ্চভূময়ঃ প্রচারস্থানানীতি ত এব। পাঞ্চভৌতিকমিত্যর্ব্বাচীনঃ পাঠ উপেক্ষ্যঃ। ক্ষেত্রজ্ঞেন চিদাত্মনা অধিষ্ঠিতমিদং ক্ষেত্রং তত্ত্বেন যো বিদ্বান্ বেদ স পরঃ সর্ব্বোৎকৃষ্টঃ কবির্ব্রহ্মবিদিত্যর্থঃ ॥১০৭॥ মত্তো মত্তা-

---

যথাসময়ে প্রিয়জনের সহিত আলাপ, স্বজনের উন্নতি, অভীষ্ট বস্তুলাভ এবং জনসমাজে সম্মানপ্রাপ্তি ॥১০৪॥

বুদ্ধি, সত্য, ইন্দ্রিয়দমন, শাস্ত্রজ্ঞান, পরাক্রম, মিতভাষিতা, যথাশক্তি দান এবং কৃতজ্ঞতা—এই আটটা গুণ মানুষকে উজ্জ্বল করে ॥১০৫॥

মাননীয় রাজা! একটা গুণ, মহাপ্রভাবশালী এই আটটা গুণকে বলপূর্ব্বক অবলম্বন করে (আটটা গুণের সমান হয়)। অর্থাৎ রাজা যে সকল মানুষেরই আদর করেন, এই একটা গুণ উক্ত সকল গুণেরই ফল উৎপাদন করে ॥১০৬॥

---

(১০৫)···প্রজ্ঞা চ কৌল্যঞ্চ—বা ব রা নি। (১০৬) অয়ং শ্লোকঃ বা ব রা নি নাস্তি। (১০৭) ··পঞ্চসাক্ষকম্—পি।

দশ ধর্ম্মং ন জানন্তি ধৃতরাষ্ট্র! নিবোধ তান্।
মত্তঃ প্রমত্ত উন্মত্তঃ শ্রান্তঃ ক্রুদ্ধো বুভুক্ষিতঃ ॥১০৮॥
ত্বরমাণশ্চ লুব্ধশ্চ ভীতঃ কামী চ তে দশ।
তস্মাদেতেষু সর্ব্বেষু ন প্রসজ্জেত পণ্ডিতঃ ॥১০৯॥ (যুগ্মকম্)
অত্রৈবোদাহরন্তীমমিতিহাসং পু্রাতনম্।
পুত্রার্থমসুরেন্দ্রেণ গীতঞ্চৈব সুধন্বনা ॥১১০॥
যঃ কামমন্যু প্রজহাতি রাজা পাত্রে প্রতিষ্ঠাপয়তে ধনঞ্চ।
বিশেষবিচ্ছ্রুতবান্ ক্ষিপ্রকারী তং সর্ব্বলোকঃ কুরুতে প্রমাণম্ ॥১১১॥

ভারতকৌমুদী

দ্বাভ্যাং দশপর্য্যায়ানাহ—দশেতি। মত্তঃ সুরাপানাদিনা, প্রমত্তঃ বিষযান্তরব্যগ্রতয়া অসাবধানঃ, উন্মত্ত উন্মাদরোগী। ন প্রসজ্জেত ন সংসৃজেৎ ॥১০৮—১০৯॥

অত্রেতি। ইতিহাসং বৃত্তান্তমিত্যর্থঃ, পুরাতনশব্দপ্রযোগাৎ। গীতমুক্তম্ ॥১১০॥

য ইতি। মন্যুঃ ক্রোধঃ। পাত্রে সৎপাত্রে। বিশেষবিৎ গুণাগুণজ্ঞঃ, শ্রুতবান্ শাস্ত্রজ্ঞঃ, ক্ষিপ্রকারী সত্বরকার্য্যসাধকঃ। প্রমাণং বিশ্বাসপাত্রম্ ॥১১১॥

ভারতভাবদীপঃ

দিনা। প্রমত্তো বিষয়ান্তরাসক্ত্যাঽনবহিতঃ। উন্মত্তো ধাতুদোষাৎ এতেষাং মধ্যে ত্বং লুব্ধোঽসীতি ভাবঃ ॥১০৮—১১০॥ কামমন্যু কামক্রোধৌ বিশেষবিৎ তারতম্যজ্ঞঃ ॥১১১॥

এই ঘরখানিতে (দেহে) নয়টী দ্বার, তিনটী স্তম্ভ ও পাঁচটী আচরণীয় বিষয় আছে এবং জীব ইহাতে বাস করেন; যে জ্ঞানী ইহা জানেন, তিনিই প্রধান জ্ঞানী ॥১০৭॥

রাজা ধৃতরাষ্ট্র! দশপ্রকার লোক ধর্ম্ম জানে না, তাহাদের নাম শ্রবণ করুন—মত্ত, অনবহিত, উন্মত্ত, পরিশ্রান্ত, ক্রুদ্ধ, ক্ষুধার্ত্ত, ব্যস্ত, লুব্ধ, ভীত ও কামী—ইহারা সেই দশপ্রকার লোক; অতএব বুদ্ধিমান্ লোক এই দশবিধ লোকের সহিত সংসর্গ করিবেন না ॥১০৮—১০৯॥

মনস্বীরা এই বিষয়েই এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন; এই বৃত্তান্তটী অসুররাজ সুধন্বা তাঁহার পুত্রের নিকট বলিয়াছিলেন—॥১১০॥

যে রাজা কাম ও ক্রোধ পরিত্যাগ করেন, সৎপাত্রে ধনদান করেন, গুণাগুণ জানেন, শাস্ত্র অবগত থাকেন এবং সত্বর কার্য্যসাধন করতে পারেন, সেই রাজাকেই সকল লোক বিশ্বাস করে ॥১১১॥

---

(১০৯)…তস্মাদেতেষু ভাবেষু—বা ব রা নি।

জানাতি বিশ্বাসয়িতুং মনুষ্যান্ বিজ্ঞাতদোষেষু দদাতি দণ্ডম্।
জানাতি মাত্রাঞ্চ তথা ক্ষমাঞ্চ তং তাদৃশং শ্রীর্জুষতে সমগ্রা ॥১১২॥
সুদুর্ব্বলং নাবজানাতি কঞ্চিদ্যুক্তো রিপুং সেবতে বুদ্ধিপূর্ব্বম্।
ন বিগ্রহং রোচয়তে বলস্থৈঃ কালে চ যো বিক্রমতে স ধীরঃ ॥১১৩॥
প্রাপ্যাপদং ন ব্যথতে কদাচিদুদ্‌যোগমন্বিচ্ছতি চাপ্রমত্তঃ।
দুঃখঞ্চ কালে সহতে যতাত্মা ধুরন্ধরাস্তস্য জিতাঃ সপত্নাঃ ॥১১৪॥
অনর্থকং বিপ্রবাসং গৃহেভ্যঃ পাপৈঃ সন্ধিং পরদারাভিমর্ষম্।
দম্ভং স্তৈন্যং পৈশুনং মদ্যপানং ন সেবতে যঃ স সুখী সদৈব ॥১১৫॥

ভারতকৌমুদী

জানাতীতি। মাত্রাং নিগ্রহানুগ্রহযোঃ পরিমাণম্। জুষতে সেবতে ॥১১২॥

সুদুর্ব্বলমিতি। যুক্তঃ রিপোরেব বন্ধ্রানুসন্ধানে অবহিতঃ ॥১১৩॥

প্রাপ্যেতি। উদ্‌যোগং তদাপদঃ প্রতীকারায়োদ্যমম্, অন্বিচ্ছতি কর্ত্তুমভিলষতি। ধুরন্ধরাঃ প্রধানা অপি, সপত্নাঃ শত্রবো জিতাঃ স্যুঃ ॥১১৪॥

অনর্থকমিতি। বিপ্রবাসং বিদেশস্থিতিম্। সন্ধিং সংসর্গম্। দম্ভং ছলম্, স্তৈন্যং চৌর্য্যম্, পৈশুনং খলতাম্ ॥১১৫॥

ভারতভাবদীপঃ

মাত্রাম্ অপরাধানুসারেণ দণ্ডপ্রমাণং ব্রাহ্মণাদৌ অপরাধস্য ক্ষমাঞ্চ জানাতি ॥১১২॥ যুক্তঃ ছিদ্রপ্রেক্ষণেঽবহিতঃ ॥১১৩॥ ধুরন্ধরঃ কার্য্যভারসহঃ ॥১১৪—১১৫॥ সংরম্ভেণ ক্রোধেন

যে রাজা মানুষের বিশ্বাস জন্মাইতে পারেন, দোষ জানিয়া দণ্ড বিধান করেন, নিগ্রহ ও অনুগ্রহের পরিমাণ জানেন এবং যথাসময়ে ক্ষমাও করেন, সেইরূপ রাজাকেই সমগ্র রাজলক্ষ্মী আশ্রয় করেন ॥১১২॥

যে রাজা কোন অতিদুর্ব্বল লোকের উপরেও অবজ্ঞা করেন না, ছিদ্রানুসন্ধানে প্রবৃত্ত থাকিয়া জ্ঞানপূর্ব্বক শত্রুর সেবা করেন, বলবান্ শত্রুর সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করেন না এবং যথাসময়ে বিক্রম প্রকাশ করেন, সেই রাজাই বুদ্ধিমান্ ॥১১৩॥

যে রাজা কোন সময়ে বিপদে পতিত হইয়াও ব্যথিত হন না, বরং সাবধানে সেই বিপদের প্রতীকার করিবার উদ্‌যোগ করেন এবং সংযতচিত্তে যথাকালে দুঃখ সহ্য করেন, সেই রাজার প্রবল শত্রুরাও বিজিত হইয়া থাকে ॥১১৪॥

যে রাজা গৃহ হইতে অনর্থক প্রবাস, দুর্জ্জনের সহিত সংসর্গ, পরদারধর্ষণ, ছল, চৌর্য্য, খলতা ও মদ্যপান করেন না, সেই রাজা সর্ব্বদাই সুখে থাকেন ॥১১৫॥

---

(১১৪)...মহাধুস্যা রন্ধরঃ—বা ব রা নি।

ন সংরম্ভেণারভতে ত্রিবর্গম্ আকারিতঃ শংসতি তত্ত্বমেব।
ন মিত্রার্থে রোচয়তে বিবাদং নাপূজিতঃ কুপ্যতি চাপ্যমূঢ়ঃ ॥১১৬॥
ন যোঽভ্যসূয়ত্যনুকম্পতে চ ন দুর্ব্বলঃ প্রাতিভাব্যং করোতি।
নাত্যাহ কঞ্চিৎ ক্ষমতে বিবাদং সর্ব্বত্র তাদৃগ্‌লভতে প্রশংসাম্ ॥১১৭॥
যো নোদ্ধতং কুরুতে জাতু বেশং ন পৌরুষেণাপি বিকত্থতেঽন্যান্।
ন মূর্চ্ছিতঃ কটুকান্যাহ কিঞ্চিৎ প্রিয়ং সদা তং কুরুতে জনো হি ॥১১৮॥
ন বৈরমুদ্দীপয়তি-প্রশান্তং ন দর্পমারোহতি নাস্তমেতি।
ন দুর্গতোঽস্মীতি করোত্যকার্য্যং তমার্য্যশীলং পরমাহুরার্য্যাঃ ॥১১৯॥

ভারতকৌমুদী

নেতি। অমূঢো বুদ্ধিমান্ জনঃ, সংরম্ভেণ দম্ভেন, ত্রিবর্গং ধর্ম্মার্থকামান্, নারভতে ন করোতি। আকারিতঃ কেনাপি কিমপি জ্ঞাতুমাহূতঃ সন্, তত্ত্বং যথার্থমেব শংসতি ব্রবীতি। মিত্রার্থে বিবাদং ন রোচয়তে কর্ত্তুমিচ্ছতি। অপূজিতঃ কেনাপি অমানিতঃ সন্নপি চ তস্মৈ ন কুপ্যতি ॥১১৬॥

নেতি। প্রাতিভাব্যং লগ্নকত্বম্। কঞ্চিদপি নাত্যাহ অতিক্রম্য ন বদতি ॥১১৭॥

য ইতি। উদ্ধতম্ উদ্ধতভাবব্যঞ্জকম্। আত্মনঃ পৌরুষেণাপি অন্যান্ ন বিকত্থতে ন নিন্দতি। মূর্চ্ছিতঃ ক্রোধেনোত্তেজিতঃ। প্রিয়ং প্রীতিপাত্রম্ ॥১১৮॥

নেতি। প্রশান্তং নিবৃত্তমপি বৈরং নোদ্দীপয়তি। অস্তং তেজোহীনতাম্ ॥১১৯॥

বুদ্ধিমান্ লোক ছলপূর্ব্বক ধর্ম্ম, অর্থ ও কামের কার্য্য করেন না; কেহ আহ্বান করিলে, তাহার নিকট সত্য কথাই বলেন; বন্ধুর জন্য কাহারও সহিত বিবাদ করিবার ইচ্ছা করেন না এবং কেহ উপযুক্ত সম্মান না করিলেও তাহার প্রতি ক্রুদ্ধ হন না ॥১১৬॥

যিনি কাহারও প্রতি অসূয়া করেন না, প্রত্যুত দয়াই করেন; নিজে দুর্ব্বল বলিয়া কাহারও প্রতিভূ (জামিন) হন না, কাহাকেও অতিক্রম করিয়া কোন কথা বলেন না এবং সকলের সহিতই বিবাদে উপেক্ষা করেন; সেইরূপ লোকই সর্ব্বত্র প্রশংসা লাভ করেন ॥১১৭॥

যিনি কখনও উদ্ধতবেশ করেন না; আপনার পুরুষকার দেখাইয়া পরের নিন্দা করেন না এবং ক্রোধে উত্তেজিত হইয়া কাহাকেও কটু কথা বলেন না; সেইরূপ লোককেই সর্ব্বদা সকলে ভালবাসে ॥১১৮॥

যে শত্রুতা নিবৃত্তি পাইয়াছে, সেই শত্রুতাকে যিনি পুনরুদ্দীপিত করেন

---

(১১৬)...ন মিত্রার্থম্—পি। (১১৭)...নাত্যাহ কিঞ্চিৎ—বা ব ব্র নি। (১১৯)... শান্তিমেতি—নি।

ন স্বে সুখে বৈ কুরুতে প্রহর্ষং নান্যস্য দুঃখে ভবতি প্রহৃষ্টঃ।
দত্ত্বা ন পশ্চাৎ কুরুতেঽনুতাপং স কথ্যতে সৎপুরুষার্য্যশীলঃ ॥১২ ॥
দেশাচারান্ সময়ান্ জাতিধর্ম্মান্ বুভূষতে যঃ স পরাবরজ্ঞঃ।
স যত্র তত্রাভিগতঃ সদৈব মহাজনস্যাধিপত্যং করোতি ॥১২১॥
দম্ভং মোহং মৎসরং পাপকৃত্যং রাজদ্বিষ্টং পৈশুনং পূগবৈরম্।
মত্তোন্মত্তৈর্দুর্জ্জনৈশ্চাপি বাদং যঃ প্রজ্ঞাবান্ বর্জ্জয়েৎ স প্রধানঃ ॥১২২॥
দানং হোমং দৈবতং মঙ্গলানি প্রায়শ্চিত্তং বিবিধাল্লোঁকবাদান্।
এতানি যঃ কুরুতে নৈত্যকানি তস্যোত্থানং দেবতা রাধয়ন্তি ॥১২৩॥

ভারতকৌমুদী

নেতি। স্বে স্বকীয়ে। সৎপুরুষশ্চাসৌ আর্য্যশীলঃ সৎস্বভাবশ্চেতি সঃ ॥১২০॥

দেশেতি। সময়ান্ অবসরান্। বুভূষতে ভবিতুং সম্পূর্ণজ্ঞানেন প্রাপ্তুমিচ্ছতি, স পরাবরজ্ঞ উত্তমাধমবিত্তবতি। মহাজনস্য বহুলোকস্য ॥১২১॥

দম্ভমিতি। দম্ভং ছলম্, মৎসরং দ্বেষম্, পৈশুনং খলতাম্, পূগস্য জনসমূহস্য বৈরম্। বাদং বিবাদম্। স প্রধানঃ প্রজ্ঞাবান্ বুদ্ধিমান্ ॥১২২॥

ভারতভাবদীপঃ

ত্রিবর্গং ধর্ম্মকামার্থান্, আকারিতঃ আহূতঃ। পাঠান্তরে মাত্রার্থে অল্পার্থে ॥১১৬॥ প্রাতিভাব্যং প্রতিকূলো ভাবঃ চিত্তাভিপ্রায়ঃ তস্য ভাবঃ প্রাতিভাব্যং বিরোধম্ অত্যাহ অতিক্রম্য ব্রবীতি ॥১১৭—১২০॥ সময়ান্ ভাষাভেদান্, বুভূষতে ঐশ্বর্য্যং প্রাপ্তুমিচ্ছতি, পরাবরজ্ঞঃ উত্তমাধমবিবেকবান্ ॥১২১॥ দম্ভং পরবঞ্চনেচ্ছয়া, ধর্ম্মানুষ্ঠানং মোহম্, অনাত্মন্যাত্মবুদ্ধিং মৎসরং দ্বেষং

না; গর্ব্বিত কিংবা একেবারে নিস্তেজ হন না এবং আমি দরিদ্র বলিয়া অসৎকার্য্য করেন না; সেই লোককেই সজ্জনেরা পরম সৎস্বভাব বলেন ॥১১৯॥

যিনি আপন সুখে অত্যন্ত আনন্দ প্রকাশ করেন না; অন্যের দুঃখেও আনন্দিত হন না এবং দান করিয়া পরে আবার অনুতাপ করেন না, সেই লোককেই সকলে সৎপুরুষ ও সৎস্বভাব বলে ॥১২০॥

যিনি দেশাচার, অবসর, জাতি ও ধর্ম্ম জানেন, তিনিই উত্তম ও অধম বুঝিতে পারেন এবং তিনি যেখানে সেখানে গমন করুন না কেন, সর্ব্বত্রই বহু লোকের উপরে আধিপত্য করতে পারেন ॥১২১॥

যিনি ছল, মোহ, বিদ্বেষ, পাপকার্য্য, রাজবিদ্বিষ্ট কার্য্য, খলতা, বহুলোকের সহিত শত্রুতা এবং মত্ত, উন্মত্ত ও দুর্জ্জনের সহিত বাদানুবাদ পরিত্যাগ করেন, তিনিই প্রধান বুদ্ধিমান্ ॥১২২॥

---

(১২০)…ন কথ্যতে—পি। (১২৩) দমং শৌচং দৈবিকম্—নি, দানং মোহং দৈবতম্—বা ব রা।

সমৈর্বিবাহং কুরুতে ন হীনৈঃ সমৈঃ সখ্যং ব্যবহারং কথাঞ্চ।
গুণৈর্বিশিষ্টাংশ্চ পুরো দধাতি বিপশ্চিতস্তস্য নয়াঃ সুনীতাঃ ॥১২৪॥
মিতং ভুঙ্‌ক্তে সংবিভজ্যাশ্রিতেভ্যো মিতং স্বপিত্যমিতং কর্ম্ম কৃত্বা।
দদাত্যমিত্রেষ্বপি যাচিতঃ সংস্তমাত্মবন্তং প্রজহত্যনর্থাঃ ॥১২৫॥
চিকীর্ষিতং বিপ্রকৃতঞ্চ যস্য নান্যে জনাঃ কর্ম্ম জানন্তি কিঞ্চিৎ।
মন্ত্রে গুপ্তে সম্যগনুষ্ঠিতে চ নাল্পোঽপ্যস্য চ্যবতে কশ্চিদর্থঃ ॥১২৬॥
যঃ সর্ব্বভূতপ্রশমে নিবিষ্টঃ সত্যো মৃদুর্মানকৃচ্ছুদ্ধভাবঃ।
অতীব স জ্ঞায়তে জ্ঞাতিমধ্যে মহামণির্জাত্য ইব প্রসন্নঃ ॥১২৭॥

ভারতকৌমুদী

দানমিতি। দৈবতং দেবতাপূজাদি, মঙ্গলানি প্রাতর্দেবতানামোচ্চারণাদীনি, লোক-বাদান্ সজ্জনোপাখ্যানানি। উত্থানমুন্নতিম্, রাধয়ন্তি সাধয়ন্তি ॥১২৩॥

সমৈরিতি। বিবাহং বিবাহসম্বন্ধম্। পুরো দধাতি অগ্রবর্ত্তীকরোতি। তস্য বিপশ্চিতঃ সুধিযঃ, নয়া নীতয়ঃ, সুনীতাঃ সুশিক্ষিতা মন্যন্তে লোকৈঃ ॥১২৪॥

মিতমিতি। আশ্রিতেভ্যঃ পোষ্যেভ্যঃ, সংবিভজ্য সম্যগ্‌বিভাগেন দত্ত্বা। অমিতং বহুতরম্। আত্মবন্তং বুদ্ধিমন্তং প্রশস্তচিত্তং বা, অনর্থা বিপদঃ ॥১২৫॥

চিকীর্ষিতমিতি। বিপ্রকৃতং পরিত্যক্তম্। চ্যবতে ভ্রশ্যতি নশ্যতীত্যর্থঃ ॥১২৬॥

য ইতি। যো জনঃ, সর্ব্বেষামেব ভূতানাং প্রশমে শান্তিবিধানে, নিবিষ্টঃ, সত্যঃ বাক্যে

দান, হোম, দেবতাপূজা, মাঙ্গলিককার্য্য, প্রায়শ্চিত্ত এবং বিবিধ সজ্জনোপা-খ্যানকথন—এই সকল নিত্যকার্য্য যিনি করেন, দেবতারা তাঁহার উন্নতি সাধন করেন ॥১২৩॥

যিনি সমানবংশের সহিত বিবাহসম্বন্ধ করেন, কিন্তু হীনবংশের সহিত করেন না; সমান লোকের সহিতই সখ্য, ব্যবহার ও আলাপ করিয়া থাকেন এবং প্রধান গুণবান্‌দিগের সম্মান করেন, সেই বুদ্ধিমান্ লোকই সকল কৌশল শিখিয়াছেন বলিয়া সকলে মনে করে ॥১২৪॥

যিনি আশ্রিত লোকদিগকে ভাগ করিয়া দিয়া নিজে পরিমিত আহার করেন, প্রচুর কার্য্য করিয়া অল্প নিদ্রা যান এবং শত্রু আসিয়া প্রার্থনা করিলে তাহাকেও দান করেন, সেই বুদ্ধিমান্‌কেই সকল অনর্থ ত্যাগ করে ॥১২৫॥

মন্ত্রণা গুপ্ত রাখিয়া মন্ত্রিত বিষয়ের সম্যক্ অনুষ্ঠান করিতে থাকায় যাঁহার অভীষ্ট ও পরিত্যক্ত কোন কার্য্যই অন্য লোকেরা জানিতে পারে না, তাঁহার অল্প কোন বিষয়ও নষ্ট হয় না ॥১২৬॥

---

(১২৪) সমৈর্বিবাদম্—পি।

য আত্মনাপত্রপতে ভৃশং নরঃ স সর্ব্বলোকস্য গুরুর্ভবত্যুতে।
অনন্ততেজাঃ সুমনাঃ সমাহিতঃ স তেজসা সূর্য্য ইবাবভাসতে ॥১২৮॥
বনে জাতাঃ শাপদগ্ধস্য রাজ্ঞঃ পাণ্ডোঃ পুত্রাঃ পঞ্চ পঞ্চেন্দ্রকল্পাঃ।
ত্বয়ৈব বালা বর্দ্ধিতাঃ শিক্ষিতাশ্চ তবাদেশং পালয়ন্ত্যাম্বিকেয়! ॥১২৯॥
প্রদায়ৈষামুচিতং তাতরাজ্যং সুখী পুত্রৈঃ সহিতো মোদমানঃ।
ন দেবানাং নাপি চ মানুষাণাং ভবিষ্যসি ত্বং গর্হণীয়ো নরেন্দ্র! ॥১৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
প্রজাগরে বিদুরনীতিবাক্যে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ব্যবহারে চ সত্যাশ্রয়ঃ, মৃদুঃ কোমলঃ, মান্যানাং মানকৃৎ, শুদ্ধভাবো নির্ম্মলস্বভাবশ্চ, স জনঃ, জাত্যঃ সুজাতীয়ঃ, প্রসন্নো নির্ম্মলশ্চ, মহামণিরিব, জ্ঞাতিমধ্যে অতীব প্রধানো জায়তে ॥১২৭॥

য ইতি। অপত্রপতে দুষ্কার্য্যকরণে লজ্জতে। গুরুঃ শ্রেষ্ঠঃ। সুমনাঃ প্রশস্তচেতাঃ, সমাহিতঃ সৎকার্য্যে সাবধানশ্চ ভবতি ॥১২৮॥

ইদানীং প্রকৃতমভিধত্তে—বন ইতি। শাপদগ্ধস্য মৃগমুনিশাপেন স্ত্রীসংসর্গমাত্র এব সম্ভাবিতমৃত্যোঃ। হে আম্বিকেয়। অম্বিকাপুত্র! ॥১২৯॥

ভারতভাবদীপঃ

পাপকৃত্যাং পাপক্রিয়াম্ অভিচারাদিরূপাম্, পূগবৈরং বহুভিঃ সহ বৈরম্ ॥১২২—১২৬॥ জাত্য অভিজাতঃ উত্তমে আকরে জাতঃ ॥১২৭॥ আত্মনা অপত্রপতে পরৈরজ্ঞাতেঽপি স্বব্যলীকে স্বয়মেব লজ্জতে ॥১২৮—১২৯॥ তর্কণীয়ঃ শঙ্ক্যঃ ॥১৩০॥

ইতি শ্রীমহাভারতে উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৩॥

যিনি সকল প্রাণীরই শান্তিবিধানে আগ্রহান্বিত, সত্যপরায়ণ, কোমলপ্রকৃতি, মাননীয় ব্যক্তিদের সম্মানকারী এবং নির্ম্মলস্বভাব হন, তাঁহাকে—সুজাতীয় ও নির্ম্মল মহামণির ন্যায় জ্ঞাতিগণের মধ্যে প্রধান বলিয়া সকলে জানে ॥১২৭॥

যে লোক কোন দুষ্কার্য্য করিবার সময়ে আপনা আপনিই অত্যন্ত লজ্জিত হন, তিনি সকল লোকের মধ্যে প্রধান হন এবং তিনি অত্যন্ত তেজীয়ান্, প্রশস্তচিত্ত ও সৎকার্য্যপরায়ণ হইয়া তেজোদ্বারা সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে থাকেন ॥১২৮॥

অম্বিকানন্দন! মুনিশাপদগ্ধ পাণ্ডুরাজার পঞ্চেন্দ্রতুল্য পঞ্চ পুত্র বনে জন্মিয়াছিল; পরে আপনিই সেই বালকদিগকে বর্দ্ধিত ও শিক্ষিত করিয়াছেন; তাহারাও আপনার আদেশ পালন করিয়া থাকে ॥১২৯॥

---

(১৩০)...তর্কণীয়ো নরেন্দ্র!—পি বা ব স্না।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

জাগ্রতো দহ্যমানস্য যৎ কার্য্যমনুপশ্যসি।
তদ্ব্রূহি ত্বং হি নস্তাত। ধর্ম্মার্থকুশলঃ শুচিঃ ॥১॥
ত্বং মাং যথাবদ্বিদুর প্রশাধি প্রজ্ঞাপূর্ব্বং সর্ব্বমজাতশত্রোঃ।
যন্মন্যসে পথ্যমদীনসত্ত্ব! শ্রেয়স্করং ব্রূহি তদ্বৈ কুরূণাম্ ॥২॥
পাপাশঙ্কী পাপমেবানুপশ্যন্ পৃচ্ছামি ত্বাং ব্যাকুলেনাত্মনাহম্।
তদেতন্মে ব্রূহি তত্ত্বং যথাবন্মনীষিতং সর্ব্বমজাতশত্রোঃ ॥৩॥

ভারতকৌমুদী

প্রদায়েতি। তাতরাজ্যং পিতৃরাজ্যম্। গর্হণীয়ো নিন্দনীয়ঃ ॥১৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি
প্রজাগরে ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

জাগ্রত ইতি। হে তাত! বৎস! বিদুর! ত্বম্, জাগ্রত এব উদ্বেগানলেন দহ্যমানস্য মম, যৎ কার্য্যং কর্ত্তব্যম্, অনুপশ্যসি মন্যসে, তৎ ব্রূহি। হি যস্মাৎ, নঃ অস্মাকং মধ্যে ত্বমেব ধর্ম্মার্থয়োঃ কুশলঃ, শুচির্নির্ম্মলচিত্তশ্চাসি ॥১॥

ত্বমিতি। প্রশাধি উপদিশ। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য, যৎ পথ্যং হিতম্, যচ্চ কুরূণাং দুর্য্যোধনাদীনাং শ্রেয়স্করং মন্যসে, তদ্ব্রূহি। অদীনসত্ত্ব! অনল্পবুদ্ধে! ॥২॥

সুতরাং রাজা! আপনি তাহাদের ন্যায্য পিতৃরাজ্য তাহাদিগকে দান করিয়া পুত্রদের সহিত সুখী ও আনন্দিত হউন। আর তাহা হইলে আপনি দেবতাগণের বা মানুষগণের নিকটে নিন্দনীয় হইবেন না” ॥১৩০॥

— :*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—“বৎস বিদুর! আমি জাগরিত থাকিয়া উদ্বেগানলে দগ্ধ হইতেছি; এ অবস্থায় তুমি আমার যাহা কর্ত্তব্য মনে কর, তাহা বল। কারণ, তুমিই আমাদের মধ্যে ধর্ম্ম ও অর্থবিষয়ে নিপুণ এবং নির্ম্মলচিত্ত ॥১॥

অনল্পবুদ্ধি বিদুর! তুমি বিশেষ বিবেচনা করিয়া আমাকে যথাযথভাবে সমস্ত বিষয়ের উপদেশ দাও; আর যুধিষ্ঠিরের যাহা হিত এবং অন্যান্য কৌরবদের যাহা মঙ্গলকর, তাহা তুমি বল ॥২॥

---

(১)... কুশলো হ্যসি—পি। (৩)...করে! তন্মে—বা ব রা নি।

বিদুর উবাচ।

শুভং বা যদিবা পাপং দ্বেষ্যং বা যদিবা প্রিয়ম্।
নাপৃষ্টঃ কস্যচিদ্‌ব্রূয়াদ্‌যঃ স নেচ্ছেৎ পরাভবম্ ॥৪॥
তস্মাদ্বক্ষ্যামি তে রাজন্! হিতং যৎ স্যাৎ কুরূন্ প্রতি।
বচঃ শ্রেয়স্করং ধর্ম্ম্যং ব্রুবতস্তন্নিবোধ মে ॥৫॥
মিথ্যোপেতানি কর্ম্মাণি সিধ্যেয়ুর্যানি ভারত!।
অনুপায়প্রযুক্তানি মাস্ম তেষু মনঃ কৃথাঃ ॥৬॥
তথৈব যোগবিহিতং যত্তু কর্ম্ম ন সিধ্যতি।
উপায়যুক্তং মেধাবী ন তত্র গ্লপযেন্মনঃ ॥৭॥

ভারতকৌমুদী

পাপেতি। পাপমেবাত্মনঃ পূর্ব্বাপরাধমেব অনুপশ্যন্ আলোচয়ন্, পাপাশঙ্কী অনর্থাশঙ্কী অহম্। ব্রূহি স্ববুদ্ধ্যা অনুমায়েতি ভাবঃ। মনীষিতমিষ্টম্ ॥৩॥

শুভমিতি। পাপমশুভম্, দ্বেষ্যমপ্রিয়ম্। পরাভবমপমানম্ ॥৪॥

তস্মাদিতি। কুরূন্ প্রতি পাণ্ডবধার্ত্তরাষ্ট্রাদিসর্ব্বকৌরবাণাম্ ॥৫॥

মিথ্যেতি। হে ভারত! অনুপায়ৈঃ অসদুপায়ৈঃ প্রযুক্তানি আরব্ধানি, অতএব মিথ্যোপেতানি বাক্যে ব্যবহারে চ মিথ্যাযুক্তানি, যানি কর্ম্মাণি, আপাততঃ সিধ্যেয়ুঃ, তেষু মনো মাস্ম কৃথাঃ, অচিরাদেব তল্লোপসম্ভবাদিতি ভাবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

জাগ্রত ইতি। দহ্যমানস্য চিন্তাগ্নিনেতি শেষঃ। ধর্ম্মার্থয়োঃ কুশলঃ মোক্ষেহস্য বক্তুমনধিকারাদ্‌দ্বয়োরেব গ্রহঃ ॥১॥ অজাতশত্রোঃ পথ্যং কুরূণাঞ্চ শ্রেয়স্করম্ ॥২॥ পাপাশঙ্কী ভাবিদুঃখাদুদ্বিজন্ পাপং স্বকৃতং পূর্ব্বাপরাধং পশ্যন্। কবে! হে সর্ব্বজ্ঞ! ॥৩—৫॥ মিথ্যো-

আমি আমার পূর্ব্বকৃত অপরাধের পর্য্যালোচনা করিয়া এবং ভাবী অনিষ্টের আশঙ্কা করিয়া ব্যাকুলচিত্তে তোমার নিকট জিজ্ঞাসা করিতেছি। তুমি যুধিষ্ঠিরের সমস্ত অভিপ্রেত বিষয় যথাযথভাবে অনুমান করিয়া যথার্থভাবেই সে সকল বিষয় আমার নিকট বল" ॥৩॥

বিদুর বলিলেন—"কেহ জিজ্ঞাসা করিলে পরই যে লোক শুভ বা অশুভ এবং প্রিয় বা অপ্রিয় বিষয় বলে, সেই লোক অপমানিত হয় না ॥৪॥

রাজা! সেই জন্যই কৌরবগণের যাহা হিত, তাহা আমি আপনার নিকট বলিব; সুতরাং আমি, মঙ্গলজনক ও ধর্ম্মসঙ্গত বাক্যই বলিতেছি, আপনি তাহা শ্রবণ করুন ॥৫॥

ভরতনন্দন! অসদুপায়প্রযুক্ত ও মিথ্যাসংবলিত যে সকল কার্য্য সিদ্ধিলাভও করে, সেগুলির প্রতি আপনি মনোনিবেশ করিবেন না ॥৬॥

অনুবন্ধানপেক্ষেত সানুবন্ধেষু কর্ম্মসু।
সম্প্রধার্য্য চ কুর্ব্বীত ন বেগেন সমাচরেৎ ॥৮॥
অনুবন্ধঞ্চ সংপ্রেক্ষ্য বিপাকঞ্চৈব কর্ম্মণাম্।
উত্থানমাত্মনশ্চৈব ধীরঃ কুর্ব্বীত বা নবা ॥৯॥
যঃ প্রমাণং ন জানাতি স্থানে বৃদ্ধৌ তথা ক্ষয়ে।
কোষে জনপদে দণ্ডে ন স রাজ্যেঽবতিষ্ঠতে ॥১০॥

ভারতকৌমুদী

তথেতি। যোগেন ধ্যানেন বিশেষবিবেচনেনেত্যর্থঃ বিহিতম্। মেধাবী বুদ্ধিমান্ ॥৭॥

অন্বিতি। অনুবধ্যন্তে কার্য্যকারণাদিভাবেনাপেক্ষ্যন্ত ইত্যনুবন্ধা অধিকারি-বিষয-সম্বন্ধ-প্রয়োজনানি তৈঃ সহেতি তেষু কর্ম্মসু, অনুবন্ধান্ অধিকার্য্যাদীন্, অপেক্ষেত প্রাক্ পর্য্যালোচয়েৎ। যথা—অহং ঘটকরণে অধিকারী ন বা, ঘটো মে বিষয়ঃ কর্ত্তব্যো ন বা, ঘটকরণে মে জন্যজনকত্বসম্বন্ধো বর্ত্ততে না বা, ঘটেন মে প্রযোজনমস্তি ন বেতি। পরঞ্চ সম্প্রধার্য্য আদ্যং পক্ষং নিশ্চিত্য চ কুর্ব্বীত, কিন্তু বেগেন সহসা তৎসর্ব্বমপর্য্যালোচ্যেত্যর্থঃ, কার্য্যং ন সমাচরেৎ ন কুর্য্যাৎ ॥৮॥

অন্বিতি। ধীরঃ, কর্ম্মণাং প্রাগুক্তমনুবন্ধঞ্চ, বিপাকং পরিণামঞ্চ, আত্মন উত্থানমুদ্যমঞ্চ, সংপ্রেক্ষ্য অস্তিত্বেন বিজ্ঞায়, কুর্ব্বীত, অনস্তিত্বে তু ন কুর্ব্বীত ॥৯॥

য ইতি। প্রমাণং নির্দ্দিষ্টকারণম্। স্থানে দুর্গাদৌ। তেষামবস্থায়া ইত্যর্থঃ ॥১০॥

ভাবতভাবদীপঃ

পেতানি কপটদ্যূতাদীনি অনুপায়ৈঃ অসদুপায়ৈঃ প্রযুক্তানি দুঃখফলানীত্যর্থঃ ॥৬—৭॥ অনুবন্ধান্ প্রয়োজনানি, সম্প্রধার্য্য নিশ্চিত্য ॥৮॥ বিপাকঃ ফলসিদ্ধাবপি পরিপাকঃ, উত্থানম্ উদ্যমং বা তবেতি সিদ্ধিপক্ষে কুর্ব্বীত নান্যথেত্যর্থঃ ॥৯॥ প্রমাণং নিশ্চয়দ্বারং স্থানাদীনি

সেইরূপই বিশেষ বিবেচনাপূর্ব্বক বিহিত এবং অনুপায়প্রযুক্ত যে কার্য্য সিদ্ধিলাভ না করে, তাহাতেও বুদ্ধিমান্ লোক মনকে দুঃখিত করিবেন না ॥৭॥

(অধিকারী, বিষয়, সম্বন্ধ ও প্রয়োজনের নাম—অনুবন্ধ) অনুবন্ধযুক্ত কার্য্যমাত্রেই প্রথমে অনুবন্ধের পর্য্যালোচনা করিবে; তা'র পর, অধিকার-প্রভৃতি আছে—এইরূপ নিশ্চয় করিয়া কার্য্য করিবে; কিন্তু হঠাৎ করিবে না ॥৮॥

বুদ্ধিমান্ লোক কার্য্যের অনুবন্ধ, পরিণামফল এবং নিজের উদ্যম আছে জানিয়া কার্য্য করিবেন, কিংবা করিবেন না ॥৯॥

দুর্গপ্রভৃতি স্থান, উন্নতি, অবনতি, কোষ, দেশ ও সৈন্যের সেই সেই অবস্থার প্রকৃত কারণ যে রাজা না জানেন, সে রাজা রাজ্যে থাকিতে পারেন না ॥১০॥

---

(৮) ··সহসা ন সমাচরেৎ—নি। (৯)···বিপাকাংশ্চৈব—পি।

যস্ত্বেতানি প্রমাণানি যথোক্তান্যনুপশ্যতি।
যুক্তো ধর্ম্মার্থয়োর্জ্ঞানে স রাজ্যমধিতিষ্ঠতি ॥১১॥
ন রাজ্যং প্রাপ্তমিত্যেব বর্ত্তিতব্যমসাম্প্রতম্।
শ্রিয়ং হ্যবিনয়ো হন্তি জরা রূপমিবোত্তমম্ ॥১২॥
ভক্ষ্যোত্তমপ্রতিচ্ছন্নং মৎস্যো বড়িশমায়সম্।
লোভাতিপাতী গ্রসতে নানুবন্ধমপেক্ষতে ॥১৩॥
যচ্ছক্যং গ্রসিতুং গ্রস্যং গ্রস্তং পরিণমেচ্চ যৎ।
হিতঞ্চ পরিণামে যত্তদাদ্যং ভূতিমিচ্ছতা ॥১৪॥

ভারতকৌমুদী

য ইতি। এতানি স্থানাদ্যবস্থাবিষয়কাণি। যুক্তঃ অবহিতঃ ॥১১॥

নেতি। ইত্যেব হেতোঃ। অসাম্প্রতম্ অযুক্তং যথা স্যাত্তথা। হি যস্মাৎ, অবিনয়ঃ অবিচারঃ। ত্বয়াপি পাণ্ডবেষু অবিচারো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১২॥

ভক্ষ্যেতি। লোভম্ অতিপততি অতিশয়েন প্রাপ্নোতীতি স তাদৃশো মৎস্যঃ, ভক্ষ্যোত্তমেন আমিষাদিনা প্রতিচ্ছন্নমাবৃতম্, আযসং লৌহময়ং বড়িশং গ্রসতে, কিন্তু অনুবন্ধং তত্রাধিকারিত্বং নাপেক্ষতে। অতএব বিপদ্যতে। তেন ত্বয়াপি পাণ্ডবরাজ্যগ্রাসাদ্বিপত্তব্যমিত্যাশয়ঃ। "বড়িশং মৎস্যবেধনম্" ইত্যমরঃ ॥১৩॥

যদিতি। গ্রস্তং যদ্বস্তু গ্রসিতুং শক্যম্, যচ্চ বস্তু গ্রস্তং সৎ পরিণমেৎ পরিপচেৎ, যচ্চ বস্তু পরিণামে পরিপাকে সত্যপি হিতং স্যাৎ, তদ্বস্তু, ভূতিং সম্পদমিচ্ছতা জনেন, আদ্যং খাদ্যম্। পাণ্ডবরাজ্যন্তু ত্বযা গ্রসিতুমেবাশক্যম্, গ্রস্তমপি ন পরিণমেৎ, পরিণামেঽপি চ অহিতমেবেতি ন গ্রাস্যমিত্যভিপ্রায়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সর্ব্বদা বিচার্য্যাণীত্যর্থঃ। স্থানে দুর্গাদৌ, দণ্ডে সেনায়াম্ ॥১০॥ এতানি স্থানাদিজ্ঞাপকানি প্রমাণানি লেখ্যাদীনি ॥১১॥ অসাম্প্রতম অযুক্তং যথা স্যাৎ তথা ন বর্ত্তিতব্যম্ ॥১২॥ ভক্ষ্যেতি। মুখে মিষ্টমন্তে মৃত্যুদং কর্ম্ম ন কর্ত্তব্যমিত্যর্থঃ। অনুবন্ধং পশ্চাদ্বন্ধনম্ ॥১৩॥

আর যে রাজা এইগুলির প্রকৃত কারণ জানেন এবং ধর্ম্ম ও অর্থের জ্ঞানে অবহিত থাকেন, সেই রাজাই রাজ্যে থাকিতে পারেন ॥১১॥

রাজা রাজ্য পাইয়াছেন বলিয়াই অসঙ্গতভাবে চলিবেন না। কারণ, জরা যেমন উত্তম রূপ নষ্ট করে, তেমন অবিচারও রাজলক্ষ্মীকে নষ্ট করে ॥১২॥

অত্যন্ত লোভী মৎস্য, তাহার উত্তম খাদ্যে আবৃত লৌহময় বড়িশ গ্রাস করিয়া থাকে; কিন্তু সে তাহার অধিকারী কি না, তাহা বিবেচনা করিয়া দেখে না ॥১৩॥

---

(১৩)...অন্নাভিলাষী গ্রসতে—নি।

বনস্পতেরপক্কানি ফলানি প্রচিনোতি যঃ।
স নাপ্নোতি রসং তেভ্যো বীজঞ্চাস্য বিনশ্যতি ॥১৫॥
যস্তু পক্কমুপাদত্তে কালে পরিণতং ফলম্।
ফলাদ্রসং স লভতে বীজাচ্চৈব ফলং পুনঃ ॥১৬॥
যথা মধু সমাদত্তে রক্ষন্ পুষ্পাণি ষট্‌পদঃ।
তদ্বদর্থান্ মনুষ্যেভ্য আদদ্যাদবিহিংসয়া ॥১৭॥
পুষ্পং পুষ্পং বিচিন্বীত মূলচ্ছেদং ন কারয়েৎ।
মালাকার ইবারামে ন যথাঙ্গারকারকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বনেতি। অপ্রতিষ্ঠিতপাণ্ডবরাজ্যগ্রহণে তু তব মূলরাজ্যস্যাপি লোপাশঙ্কেতি ভাবঃ ॥১৫॥

য ইতি। তুগভিসন্ধৌ সত্যপি পাণ্ডবরাজ্যপ্রতিষ্ঠাপর্য্যন্তং তবাপেক্ষিতব্যমিত্যাশয়ঃ ॥১৬॥

যথেতি। ষট্‌পদো ভ্রমরঃ। পাণ্ডবান্ রক্ষতৈব ত্বয়া তেভ্য আধিপত্যমাদেয়ং স্নেহাদি-নেত্যভিপ্রায়ঃ ॥১৭॥

পুষ্পমিতি। আরামে উদ্যানে, মালাকারঃ, বৃক্ষেভ্যঃ পুষ্পং পুষ্পমিব, রাজা প্রজাভ্যঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্ধনম্, বিচিন্বীত গৃহ্লীয়াৎ, কিন্তু অঙ্গারকারকো যথা মূলং এবং বৃক্ষং ছিত্বা দগ্ধ্বা চ অঙ্গারং করোতি, তথা রাজা প্রজানাং মূলচ্ছেদং কর্ম্মচারিভির্ন কারয়েৎ মূলচ্ছেদং কৃত্বা তৎসর্ব্বস্বং ন গ্রাহয়েদিত্যর্থঃ ॥১৮॥

যে বস্তু গ্রাস করিতে পারা যাইবে, গ্রাস করিলেও যে বস্তু পরিপাক পাইবে এবং পরিপাক পাইলেও যে বস্তু হিতকর হইবে, সেই বস্তুই উন্নতি-কামীর গ্রাস করা উচিত ॥১৪॥

যে লোক বৃক্ষের অপক্ক ফল চয়ন করে, সে লোক সে ফল হইতে রস পায় না এবং তাহার বীজও নষ্ট হইয়া যায় ॥১৫॥

আর যে লোক পরিপুষ্ট ও পক্ক ফল যথাসময়ে গ্রহণ করে, সে লোক সে ফল হইতে রসও লাভ করে এবং বীজ হইতেও আবার ফল লাভ করিয়া থাকে ॥১৬॥

ভ্রমর যেমন পুষ্পসমূহকে রক্ষা করিতে থাকিয়া যথাকালে সেগুলি হইতে মধু গ্রহণ করে, সেইরূপ রাজাও প্রজাবর্গকে রক্ষা করিতে থাকিয়া যথাকালে অহিংসাপূর্ব্বক তাহাদের নিকট হইতে অর্থ গ্রহণ করিবেন ॥১৭॥

মালাকার যেমন উপবনের বৃক্ষসমূহ হইতে এক একটী করিয়া পুষ্প চয়ন করে, রাজাও তেমন প্রজাদের নিকট হইতে কিছু কিছু করিয়া ধন গ্রহণ করিবেন; কিন্তু অঙ্গারকারক যেমন বৃক্ষের মূলচ্ছেদনপূর্ব্বক তাহাকে দগ্ধ

কিং নু মে স্যাদিদং কৃত্বা কিং নু মে স্যাদকুর্ব্বতঃ।
ইতি কর্ম্মাণি সঞ্চিন্ত্য কুর্য্যাদ্বা পুরুষো ন বা ॥১৯॥
অনারভ্যা ভবন্ত্যর্থাঃ কেচিন্নিত্যং তথা গতাঃ।
কৃতঃ পুরুষকারো হি ভবেদ্‌যেষু নিরর্থকঃ ॥২০॥
অনর্থে চৈব নিরতমর্থে চৈব পরাঙ্মুখম্।
ন তং ভর্ত্তারমিচ্ছন্তি ষণ্ডং পতিমিব স্ত্রিয়ঃ ॥২১॥
প্রসাদো নিষ্ফলো যস্য ক্রোধশ্চাপি নিরর্থকঃ।
ন তং ভর্ত্তারমিচ্ছন্তি ষণ্ডং পতিমিব স্ত্রিয়ঃ ॥২২॥
কাংশ্চিদর্থান্ নরঃ প্রাজ্ঞো লঘুমূলান্ মহাফলান্।
ক্ষিপ্রমারভতে কর্ত্তুং ন বিঘ্নয়তি তাদৃশান্ ॥২৩॥

ভারতকৌমুদী

কিমিতি। কিং ফলম্। ইতি সঞ্চিন্ত্য বিবিচ্য ॥১৯॥

অনারভ্যা ইতি। তথা তাদৃক্তয়া গতা জ্ঞাতাঃ, অর্থা বিষয়াঃ ॥২০॥

অনর্থ ইতি। অনর্থে অত্যাচারে অনভীষ্টে চ, অর্থে শুভে ইষ্টে স্বরতে চ ॥২১॥

প্রসাদ ইতি। নিষ্ফলো নিবর্থকশ্চ শক্ত্যভাবাদিতি ভাবঃ। ষণ্ডং ক্লীবম্ ॥২২॥

কাংশ্চিদিতি। লঘু লঘুশ্রমসাধ্যং মূলং যেষাং তান্। বিঘ্ন এষামস্তীতি বিঘ্নাঃ অর্শ আদিত্বাৎ অৎ, পরঞ্চ করোত্যর্থে ইন্, বিলম্বাদিনা ন বিঘ্নাস্পদীকরোতীত্যর্থঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

আদ্যং ভক্ষণীয়ম্ ॥১৪—১৭॥ অঙ্গারকারকো হি মূলত উৎকৃত্য কাষ্ঠং দহতি অঙ্গার ইঙ্গালঃ ॥১৮—১৯॥ অনারভ্যাঃ প্রবলৈঃ সহ বৈরাদয়ঃ অগতাঃ কদাচিদপ্যপ্রাপ্তাঃ ॥২০—২২॥

কবিয়া অঙ্গার নির্ম্মাণ করে, রাজা তেমন প্রজাকে উচ্ছেদ কবিয়া তাহার সর্ব্বস্ব গ্রহণ কবিবেন না ॥১৮॥

একার্য্য কবিলে আমার কি ফল হইবে, না করিলেই বা কি দোষ হইবে, এইরূপ বিবেচনা করিয়াই মানুষ কার্য্য কবিবে, কিংবা কবিবে না ॥১৯॥

যে কার্য্যে পুরুষকাব করিলে তাহা অনর্থক হইবাব সম্ভব, সেইরূপে অবগত কতকগুলি কার্য্যে কোন সময়েই প্রবৃত্ত হওয়া উচিত নহে ॥২০॥

রমণীরা যেমন নপুংসক পতি লাভ করিবার ইচ্ছা করে না, প্রজারাও তেমন অনিষ্টবিষয়ে নিবত এবং ইষ্টবিষয়ে পরাঙ্মুখ নৃপতি লাভ করিবাব ইচ্ছা কবে না ॥২১॥

রমণীরা যেমন নপুংসক পতি চায় না, প্রজারাও তেমন সেরূপ বাজা চায় না; যাঁহার প্রসন্নতাও নিষ্ফল এবং ক্রোধও নিরর্থক ॥২২॥

(২১) শ্লোকঃ বা ব রা নাস্তি।...ষণ্ঢং পতিমিব—নি।

ঋজু পশ্যতি যঃ সর্ব্বং চক্ষুষাঽনুপিবন্নিব।
আসীনমপি তূষ্ণীকমনুরজ্যন্তি তং প্রজাঃ ॥২৪॥
সুপুষ্পিতঃ স্যাদফলঃ ফলিতঃ স্যাদ্দুরারুহঃ।
অপক্কঃ পক্কসঙ্কাশো ন তু শীর্য্যেত কর্হিচিৎ ॥২৫॥

ভারতকৌমুদী

ঋজ্বিতি। যো রাজা, চক্ষুষা, অনুপিবন্নিব স্নেহং সিঞ্চন্নিবেত্যর্থঃ, সর্ব্বং জনম্, ঋজু সরলং যথা স্যাত্তথা পশ্যতি, তূষ্ণীকং নীরবম্, আসীনমুপবিষ্টমপি, তং রাজানম্, অনু লক্ষ্যীকৃত্য, প্রজা রজ্যন্তি, দর্শননৈপুণ্যাদেবেতি ভাবঃ ॥২৪॥

সুপুষ্পিত ইতি। জবাবৃক্ষ ইব রাজা সুপুষ্পিতঃ অফলশ্চ স্যাৎ, বেশভূষাদ্যাডম্বরবান্ ভবেৎ, কিন্তু স্বার্থরক্ষার্থং প্রজানাং সর্ব্বাভীষ্টসম্পাদনে বিমুখ এব তিষ্ঠেৎ। তালবৃক্ষ ইব ফলিতোঽপি দুরারুহো দুরারোহঃ স্যাৎ প্রজানাং সর্ব্বাভীষ্টপূরণোন্মুখোঽপি স্বার্থরক্ষার্থমেব তদর্থে দুর্লভো ভবেৎ। তথা স্বভাবলোহিতমাম্রফলমিব অপক্কোঽপি পক্কসঙ্কাশঃ পক্কসদৃশঃ স্যাৎ বিষয়বিশেষে অনভিজ্ঞোঽপি অভিজ্ঞ ইব বর্ত্তেত। তথা সতি রাজা কর্হিচিদপি তু ন শীর্য্যেত ॥২৫॥

ভারতভাবদীপঃ

লঘুমূলান্ অল্পোপায়ান্ ॥২৩॥ চক্ষুষা প্রীতিময়েন ॥২৪॥ সুপুষ্পিতঃ বাচা চক্ষুষা চানুগ্রহং দর্শয়ন্নপি অফলঃ স্যাৎ ভৃত্যং ন ধনেন বর্দ্ধয়েৎ। সফলোঽপি সন্ দুরারুহঃ ভৃত্যবশ্যো ন ভবেৎ। অপক্ক ইতি অন্তর্বলহীনোঽপি বলবত্তাং বহিঃ প্রকাশয়েদেবেত্যর্থঃ ॥২৫॥ কর্ম্মণা

অল্প উপায়ে যেগুলি করা যায় এবং যেগুলির ফল গুরুতর, সেইরূপ কতকগুলি কার্য্য বুদ্ধিমান্ লোক সত্বরই করিতে আরম্ভ করেন; কিন্তু বিলম্ব করিয়া সেরূপ কার্য্যের বিঘ্ন করেন না ॥২৩॥

যে রাজা নয়নদ্বারা স্নেহ সিক্ত করিতে থাকিয়াই যেন সকলের প্রতি সরলভাবে দৃষ্টিপাত করেন, তিনি নীরবে বসিয়া থাকিলেও তাঁহার প্রতি প্রজারা অনুরক্ত থাকে ॥২৪॥

জবাবৃক্ষ যেমন প্রচুর পুষ্প ধারণ করে, অথচ ফল ধারণ করে না; রাজাও তেমন অত্যন্ত বেশভূষাপ্রভৃতির আড়ম্বর করিবেন; কিন্তু স্বার্থরক্ষার জন্য প্রজাদের সমস্ত অভীষ্ট সম্পাদন করিবেন না; তালবৃক্ষ যেমন ফলবান্ হইয়াও দুরারোহ থাকে, রাজাও তেমন প্রজাদের অভীষ্ট সম্পাদনে উন্মুখ থাকিয়াও তাহাদের পক্ষে দুর্লভ থাকিবেন এবং স্বভাবতঃ রক্তবর্ণ আম্রফল যেমন অপক্ক হইয়াও পক্কের ন্যায় দৃষ্টিগোচর হয়, রাজাও তেমন বিষয়বিশেষে অনভিজ্ঞ হইয়াও অভিজ্ঞের ন্যায় প্রতীয়মান হইবেন। এমন হইলে রাজা কখনও দুর্ব্বল হন না ॥২৫॥

চক্ষুষা মনসা বাচা কর্ম্মণা চ চতুর্বিধম্ ।
প্রসাদয়তি যো লোকং তং লোকোঽনুপ্রসীদতি ॥২৬॥
যস্মাত্ত্রস্যন্তি ভূতানি মৃগব্যাধান্মৃগা ইব ।
সাগরান্তামপি মহীং লব্ধ্বা স পরিহীয়তে ॥২৭॥
পিতৃপৈতামহং রাজ্যং প্রাপ্তং বা স্বেন তেজসা ।
বায়ুরভ্রমিবাসাদ্য ভ্রংশয়ত্যনয়ে স্থিতঃ ॥২৮॥
ধর্ম্মমাচরতো রাজ্ঞঃ সদ্ভিশ্চরিতমাদিতঃ ।
বসুধা বসুসংপূর্ণা বর্দ্ধতে ভূতিবর্দ্ধিনী ॥২৯॥
অথ সংত্যজতো ধর্ম্মমধর্ম্মঞ্চানুতিষ্ঠতঃ ।
প্রতিসংবেষ্টতে ভূমিরগ্নৌ চর্ম্মাহিতং যথা ॥৩০॥
য এব যত্নঃ ক্রিয়তে পররাষ্ট্রবিমর্দ্দনে ।
স এব যত্নঃ কর্ত্তব্যঃ স্বরাষ্ট্রপরিপালনে ॥৩১॥

ভারতকৌমুদী

চক্ষুষেতি। স্বপ্রসাদপ্রযোজ্য এব পরপ্রসাদলাভ ইত্যাশয়ঃ ॥২৬॥
যস্মাদিতি। মৃগান্ বিধ্যতীতি মৃগব্যাধস্তস্মাৎ। পরিহীয়তে রাজ্যাদ্‌ভ্রশ্যতি ॥২৭॥
পিত্রিতি। অভ্রং মেঘম্। অনয়ে দুর্নীতৌ স্থিতো রাজা ॥২৮॥
ধর্ম্মমিতি। বসুসম্পূর্ণা ধনসম্পূর্ণা। ভূতিং সম্পদং বর্দ্ধয়তীতি সা ॥২৯॥
অথেতি। প্রতিসংবেষ্টতে সঙ্কুচতি। অগ্নৌ আহিতং স্থাপিতম্ ॥৩০॥
য ইতি। যো যাদৃশঃ। স তাদৃশঃ ॥৩১॥

যিনি নয়ন, মন, বাক্য ও কার্য্যদ্বারা চারিপ্রকারেই লোককে প্রসন্ন করেন, লোকও তাঁহার প্রতি প্রসন্ন হয় ॥২৬॥

পশুরা যেমন ব্যাধের ভয় করে, তেমন প্রজারা সর্ব্বদাই যে রাজার ভয় করে, সে রাজা সমুদ্রপর্য্যন্ত পৃথিবী লাভ করিয়াও তাহা হইতে বিচ্যুত হন ॥২৭॥

বায়ু যেমন মেঘ পাইয়াও তাহা ছাড়িয়া দেয়, সেইরূপ দুর্নীতিপরায়ণ রাজা পৈতৃক রাজ্য কিংবা আপন বলে অর্জ্জিত রাজ্য হাতে পাইয়াও তাহা ছাড়িয়া দেন ॥২৮॥

যে রাজা প্রাচীন কাল হইতে সজ্জনাচরিত ধর্ম্মের অনুষ্ঠান করেন, ধনপূর্ণা পৃথিবী তাঁহার সম্পত্তি-বৃদ্ধি করিতে থাকিয়া বৃদ্ধি পায় ॥২৯॥

অগ্নিতে নিক্ষিপ্ত চর্ম্ম যেমন সঙ্কুচিত হইতে থাকে, তেমন ধর্ম্মত্যাগী ও অধর্ম্মকারী রাজার রাজ্যও সঙ্কুচিত হইতে থাকে ॥৩০॥

(২৮)…প্রাপ্তবান্ স্বেন তেজসা—বা ব রা,…প্রাপ্যাপি স্বেন কর্ম্মণা—নি।

ভূয়াংসং লভতে ক্লেশং যা গৌর্ভবতি দুর্দুহা।
অথ যা সুদুহা রাজন্! নৈব তাং বিতুদন্ত্যপি ॥৩৬॥
যদতপ্তং প্রণময়তি ন তৎ সন্তাপয়ন্ত্যপি।
যচ্চ স্বয়ং নমেদ্দারু ন তৎ সন্তাপয়ন্ত্যপি ॥৩৭॥
এতয়োপময়া ধীরঃ সন্নমেত বলীয়সে।
ইন্দ্রায় স প্রণমতে নমতে যো বলীয়সে ॥৩৮॥
পর্জ্জন্যনাথাঃ পশবো রাজানো মন্ত্রিবান্ধবাঃ।
পতয়ো বান্ধবাঃ স্ত্রীণাং ব্রাহ্মণা বেদবান্ধবাঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

গন্ধেনেতি। দর্শনমত্র বস্তুনিরূপণম্। বেদৈঃ শাস্ত্রজ্ঞানৈঃ। চারৈগুপ্তচরৈঃ। অতএব চারপ্রেরণেন জানীহি তাবদ্যুধিষ্ঠিরবলং প্রবলং ন বেতি ভাবঃ ॥৩৫॥

ভূয়াংসমিতি। ক্লেশং লভতে দোগ্ধুঃ পীডনেন। বিতুদন্তি দোগ্ধারো ব্যথয়ন্তি। ত্বং স্বয়মেব যুধিষ্ঠিরায় তৎপৈতৃকরাজ্যং দত্ত্বা ব্যথাং নাপ্নুহীত্যাশয়ঃ ॥৩৬॥

যদিতি। অতপ্তম্ অগ্নেরুত্তাপমপ্রাপিতম্। সন্তাপয়ন্তি শিল্পিনঃ ॥৩৭॥

এতয়েতি। ইন্দ্রায় স প্রণমতে, বলীয়স্তয়া ইন্দ্রতুল্যত্বাদিতি ভাবঃ। ইন্দ্রায় প্রণমনান্নাপমানমিতি ত্বমপি রাজ্যদানেন নমেত্যভিপ্রায়ঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

নিযুঙ্ক্ষ্বেতি ভাবঃ ॥৩৫॥ ভূয়াংসমিতি শ্লোকত্রয়তাৎপর্য্যম্। পাণ্ডবান্ প্রতি ত্বয়া নম্রীভবিতব্যং তেন বলাধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্রশ্চ ত্বামনুগ্রহীষ্যতীতি ॥৩৬—৩৮॥ এতচ্চ মন্ত্রিভিঃ

গো সকল গন্ধদ্বারা দর্শন করে, ব্রাহ্মণেরা শাস্ত্রদ্বারা দর্শন করেন এবং রাজারা গুপ্তচরদ্বারা দর্শন করেন, আর অন্য লোকেরাই নয়নদ্বারা দর্শন করিয়া থাকে ॥৩৫॥

রাজা! যে গাভীকে দোহন করা কষ্ট, সেই গাভীই প্রচুর কষ্ট ভোগ করে; আর যে গাভীকে অনায়াসে দোহন করা যায়, সে গাভীকে কেহ পীড়ন করে না ॥৩৬॥

সন্তপ্ত না হইলেও যাহা নত হয়, তাহাকে কেহই সন্তপ্ত করে না। দেখুন—যে কাষ্ঠ আপনিই নত হয়, সে কাষ্ঠকে শিল্পীরা সন্তপ্ত করে না ॥৩৭॥

এই উপমাদ্বারাই বুদ্ধিমান্ লোক প্রবলের নিকটে নত হইবেন। যিনি প্রবলের নিকটে নত হন, তিনি ইন্দ্রের নিকটেই নত হইয়া থাকেন; (সুতরাং তাহাতে কোন অপমান নাই) ॥৩৮॥

---

(৩৬)·· অথ বা সুদুঘা—নি। (৩৭)···ন তৎ সন্তাপমর্হতি। যচ্চ স্বয়ং নতং দারু ন তৎ সংনাময়েদ্‌বুধঃ—নি। (৩৮)···নমেত যঃ—পি।

সত্যেন রক্ষ্যতে ধর্ম্মো বিদ্যা যোগেন রক্ষ্যতে।
মৃজয়া রক্ষ্যতে রূপং কুলং বৃত্তেন রক্ষ্যতে ॥৪০॥
মানেন রক্ষ্যতে ধান্যমশ্বান্ রক্ষত্যনুক্রমঃ।
অভীক্ষ্ণদর্শনং গাশ্চ স্ত্রিয়ো রক্ষ্যাঃ কুচেলতঃ ॥৪১॥
ন কুলং বৃত্তহীনস্য প্রমাণমিতি মে মতিঃ।
অন্ত্যেষ্বপি হি জাতানাং বৃত্তমেব বিশিষ্যতে ॥৪২॥

ভারতকৌমুদী

পর্জ্জন্যেতি। পর্জ্জন্যা মেঘা এব নাথাঃ প্রার্থিতজলদানেন বান্ধবা যেষাং তে। অত্র বান্ধবা উপকারিণঃ। মন্ত্রিণো মে বচনং গৃহাণেতি তাৎপর্য্যম্ ॥৩৯॥

সত্যেনেতি। যোগেন ধ্যানেন আলোচনয়েত্যর্থঃ। মৃজয়া মার্জ্জনেন। বৃত্তেন সদাচারেণ। ত্বমপি পাণ্ডবেভ্যো রাজ্যদানাৎ সত্যেন ধর্ম্মং রক্ষেতি ভাবঃ ॥৪০॥

মানেনেতি। মানেন নির্দ্দোষস্থানস্থাপনাদিনা সৎকারেণ, ধান্যং রক্ষ্যতে। ভাবঃ স্পষ্টঃ। অনুক্রমঃ প্রত্যহপাদক্ষেপ এবাশ্বান্ রক্ষতি। অন্যথা জড়তাপাতেন তে ম্রিয়ন্ত ইতি ভাবঃ। অভীক্ষ্ণদর্শনং স্বাম্যাদেঃ সর্ব্বদা পর্য্যবেক্ষণমেব, গাঃ, রক্ষতি। অন্যথা গর্ভপতনাদিনা নষ্টস্তীত্যা-শয়ঃ। স্ত্রিয়শ্চ, কুচেলতো নিকৃষ্টবস্ত্রাদিদানেন ভর্ত্রাদিনা রক্ষ্যাঃ। ইতরথা বিলাসবৃদ্ধ্যা বিলাসিনমপরং পুরুষং গচ্ছন্তীত্যভিপ্রায়ঃ ॥৪১॥

নেতি। বৃত্তহীনস্য সদাচারশূন্যস্য, কুলং সদ্বংশঃ, প্রাধান্যেন প্রমাণমিতি মে মতিঃ। হি যস্মাৎ, অন্ত্যেষু রজকাদিষু জাতানামপি, বৃত্তং সদাচার এব, বিশিষ্যতে প্রাধান্যহেতুর্মন্যতে। অতঃ পাণ্ডবায় তদ্রাজ্যদানেন সদ্বৃত্তো ভবেতি ভাবঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

সহালোচনীয়ং সত্যঞ্চ সংরক্ষ্যমিত্যাহ—পর্জ্জন্যেতি ত্রিভিঃ ॥৩৯॥ যোগেন অভ্যাসেন, মৃজয়া উদ্বর্ত্তনেন ॥৪০॥ অনুক্রমঃ ব্যায়ামশিক্ষাদিঃ ॥৪১॥ প্রমাণং ধর্ম্মস্য কারণং নকুলমিতি

মেঘ পশুগণের বন্ধু, মন্ত্রীরা রাজাদের বন্ধু, স্বামীরা স্ত্রীলোকদিগের বন্ধু, আর শাস্ত্র ব্রাহ্মণগণের বন্ধু ॥৩৯॥

সত্যদ্বারা ধর্ম্ম, আলোচনাদ্বারা বিদ্যা, মার্জ্জনদ্বারা রূপ এবং সদাচারদ্বারা কুল রক্ষিত হইয়া থাকে ॥৪০॥

ভালভাবে রাখাই ধান্য রক্ষা করে, অশ্বগণের পাদক্ষেপই তাহাদিগকে রক্ষা করে, সর্ব্বদা পর্য্যবেক্ষণই গরুগুলিকে রক্ষা করে এবং কুৎসিত বস্ত্রাদিদানই স্ত্রীলোকদিগকে রক্ষা করে ॥৪১॥

আমার ধারণা এই যে, সদাচারবিহীন লোকের সৎকুল প্রাধান্যের হেতু

(৪১) - স্ত্রিয়ো রক্ষ্যাঃ কুলে রতাঃ—পি।

য ঈর্ষ্যুঃ পরবিত্তেষু রূপে বীর্য্যে কুলান্বয়ে।
সুখসৌভাগ্যসৎকারে তস্য ব্যাধিরনন্তকঃ ॥৪৩॥
অকার্য্যকরণাদ্ভীতঃ কার্য্যাণাঞ্চ বিবর্জ্জনাৎ।
অকালে মন্ত্রভেদাচ্চ যেন মাদ্যেন্ন তৎ পিবেৎ ॥৪৪॥
বিদ্যামদো ধনমদস্তৃতীয়োঽভিজনো মদঃ।
মদা এতেঽবলিপ্তানামেত এব সতাং দমাঃ ॥৪৫॥
অসন্তোঽভ্যর্থিতাঃ সদ্ভিঃ ক্বচিৎ কার্য্যে কদাচন।
মন্যন্তে সন্তমাত্মানমসন্তমপি বিশ্রুতম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

য ইতি। রূপাদাবপি পরস্মেত্যুহ্যম্। কুলান্বয়ে সৎকুলজন্মসম্বন্ধে। অনন্তকঃ অনবসানঃ, চিরমেব পরবিত্তাদ্যভাবাভাবাৎ ব্যাধেরপ্যভাবাভাব এব চিরং তিষ্ঠতীত্যাশয়ঃ। এতেন পাণ্ডববীর্য্যাদাবীর্ষ্যাং পরিহরেতি সূচিতম্ ॥৪৩॥

অকার্য্যেতি। ভীতো ভবেৎ। যেন মদ্যাদিনা। কার্য্যং পাণ্ডবায় রাজ্যদানং ন বিবর্জ্জয়েত্যভিপ্রায়ঃ ॥৪৪॥

বিদ্যেতি। অভিজনঃ সৎকুলং তন্নিবন্ধন ইত্যর্থঃ। অবলিপ্তানাং গর্ব্বিতানাম্। এতে এতন্মদত্রয়দমনরূপা এব। তদাত্মনো ধনমদং দময়েতি তাৎপর্য্যম্ ॥৪৫॥

অসন্ত ইতি। অতত্ত্বমপ্যাত্মানং সন্তং মত্বা মদভার্থনাং বক্ষ্যেতি ভাব ॥৪৬॥

ভাবতভাবদীপঃ

দ্বয়োর্বৃত্তমাশ্রয় ঈর্ষ্যাং ত্যজেতি ভাবঃ ॥৪২—৪৩॥ অকালে ইষ্টসিদ্ধেঃ প্রাক্ ভীতঃ স্যাৎ যেন মাদ্যেৎ লোভাদিনা তন্ন পিবেৎ নাশ্রয়েৎ ॥৪৪॥ অভিজনঃ সহায়ঃ তব তু ত্রয়ং দমশ্চ নাস্তীত্যর্থঃ ॥৪৫॥ অসন্ত ইতি সার্দ্ধশ্লোকো বাক্যং সদ্ভিরর্থিতা অসন্তস্তৎকার্য্যমল্পমপ্যকৃত্বা অসন্তমিতি খ্যাতমপ্যাত্মানং সন্তং মন্যন্ত ইতি তদর্থঃ কিঞ্চিদপি তস্য কার্য্যং যাবৎ সুষ্ঠু ন কৃতং

নহে। কারণ, যাঁহারা নিকৃষ্টজাতিতে জন্মিয়াছে, তাহাদেরও সদাচার প্রাধান্যের হেতু হইয়া থাকে ॥৪২॥

যে লোক পরের ধন, রূপ, বীর্য্য, কুল, সুখ, সৌভাগ্য ও সম্মান দেখিয়া ঈর্ষ্যা করে, তাহার সে রোগের উপশম হয় না ॥৪৩॥

অকর্ত্তব্য করা, কর্ত্তব্য না করা এবং অসময়ে মন্ত্রণাপ্রচার—এ গুলিব ভয় করিবে; আর যাহা পান করিয়া মত্ত হয়, তাহা পান করিবে না ॥৪৪॥

বিদ্যানিবন্ধন মত্ততা, ধননিবন্ধন মত্ততা এবং কৌলীন্যনিবন্ধন মত্ততা—এই ত্রিবিধ মত্ততাই গর্ব্বিতদিগের জন্মিয়া থাকে, কিন্তু সজ্জনেরা যে এই ত্রিবিধ মত্ততাকেই দমন করিয়া রাখেন, তাহাই তাঁহাদের দমগুণ ॥৪৫॥

সজ্জনেরা কোন সময়ে কোন কার্য্যের জন্য অসজ্জনের নিকট অনুরোধ

গতিরাত্মবতাং সন্তঃ সন্ত এব সতাং গতিঃ।
অসতাঞ্চ গতিঃ সন্তো ন ত্বসন্তঃ সতাং গতিঃ ॥৪৭॥
জিতা সভা বস্ত্রবতা মিষ্টাশা গোমতা জিতা।
অধ্বা জিতো যানবতা সর্ব্বং শীলবতা জিতম্ ॥৪৮॥
শীলং প্রধানং পুরুষে তদ্‌যস্যেহ প্রণশ্যতি।
ন তস্য জীবিতেনার্থো ন ধনেন ন বন্ধুভিঃ ॥৪৯॥
আঢ্যানাং মাংসপরমং মধ্যানাং গোরসোত্তরম্।
তৈলোত্তরং দরিদ্রাণাং ভোজনং ভরতর্ষভ। ॥৫০॥

ভাবতকৌমুদী

গতিরিতি। গতিরবলম্বনম্, আত্মবতামুদারচেতসাম্। সন্ ভবান্ সতাং পাণ্ডবানাং রাজ্যদানেন গতির্ভবত্বিত্যাশয়ঃ ॥৪৭॥

জিতেতি। বস্ত্রবতা মনোহরবস্ত্রধারিণা জনেন, সভা জিতা আয়ত্তীকৃতা ভবেৎ। গোমতা ধেনুশালিনা জনেন, মিষ্টাশা মধুরদ্রব্যভোজনেচ্ছা, জিতা নিবর্ত্তিতা। যানবতা রথশকটাদিমতা জনেন, অধ্বা পন্থা জিতঃ। শীলবতা সৎস্বভাবশালিনা জনেন চ সর্ব্বং জিতম্। পাণ্ডবেভ্যো রাজ্যদানেন ত্বমপি শীলবান্ ভবেতি ভাবঃ ॥৪৮॥

শীলমিতি। প্রধানং গুণেষ্বিতি শেষঃ। অর্থঃ প্রয়োজনম্। ত্বমপি পাণ্ডবেভ্যো রাজ্যদানাচ্ছীলং রক্ষেত্যভিপ্রায়ঃ ॥৪৯॥

আঢ্যানামিতি। আঢ্যানাং ধনিনাম্, ভোজনম্, মাংসমেব পরমম্ আধিক্যাৎ প্রধানং

ভারতভাবদীপঃ

তাবদেব মন্যন্ত ইতি যোজনা ॥৪৬॥ গতিরিতি। পাণ্ডবা এব ত্বামুপকরিষ্যন্তি ন তু ত্বং তানিতি ভাবঃ ॥৪৭॥ জিতেতি। শীলং সংরক্ষ্যং ত্বযেতি দ্বয়োর্ভাবঃ ॥৪৮—৪৯॥ আঢ্যানা-

---

করেন; তখন অসজ্জনেরা অসৎ বলিয়া বিখ্যাত আপনাকেও সৎ বলিয়া মনে করে ॥৪৬॥

সজ্জনেরা উদারচিত্তদিগের, সজ্জনদিগের এবং অসজ্জনদিগেরও অবলম্বন হইয়া থাকেন; কিন্তু অসজ্জনেরা সজ্জনদিগের অবলম্বন হয় না ॥৪৭॥

মনোহর পরিচ্ছদ-যুক্ত লোক সভা জয় করিয়া থাকে, গোমান্ লোক মিষ্টদ্রব্যের আশা জয় করিয়া থাকে, (যাহার দুগ্ধবতী গাভী আছে, সে লোক মধুর ভোজনের আশা মিটাইয়া থাকে,) যান-বাহনশালী লোক পথ জয় করিয়া থাকে এবং শীলবান্ লোক সকল জয় করিয়া থাকেন ॥৪৮॥

পুরুষের গুণের মধ্যে শীলই প্রধান; সেই শীল যাহার নষ্ট হয়, তাহার জীবন, ধন ও বন্ধুজনদ্বারা কোনই প্রয়োজন থাকে না ॥৪৯॥

সম্পন্নতরমেবান্নং দরিদ্রা ভুঞ্জতে সদা।
ক্ষুৎ স্বাদুতাং জনয়তি সা চাঢ্যেষু সুদুর্লভা ॥৫১॥
প্রায়েণ শ্রীমতাং লোকে ভোক্তুং শক্তির্ন বিদ্যতে।
জীর্য্যন্ত্যপি হি কাষ্ঠানি দরিদ্রাণাং তথোদরে ॥৫২॥
অবৃত্তের্ভয়মন্ত্যানাং মধ্যানাং মরণাদ্ভয়ম্।
উত্তমানান্তু মর্ত্ত্যানামবমানাৎ পরং ভয়ম্ ॥৫৩॥
ঐশ্বর্য্যমদপাপিষ্ঠা মদাঃ পানমদাদয়ঃ।
ঐশ্বর্য্যমদমত্তো হি নাপতিত্বা বিবুধ্যতে ॥৫৪॥

ভারতকৌমুদী

যস্মিংস্তৎ। মধ্যানাং মধ্যবিত্তানাম্, ভোজনম্, গোরসোত্তরং দুগ্ধপ্রধানম্। দরিদ্রাণাং ভোজনঞ্চ, তৈলোত্তরং তৈলপ্রধানম্ ॥৫০॥

সম্পন্নেতি। সম্পন্নতরং সুস্বাদুতরম্। নম্ন দরিদ্রাণামন্নে স্বাদুতৈব কুত ইত্যাহ—ক্ষুদিতি। ক্ষুৎ ক্ষুধা, দরিদ্রাণামন্নে স্বাদুতাং জনয়তি। সা ক্ষুধা চ, আঢ্যেষু ধনিষু সুদুর্লভা, পরিশ্রমাভাবাদিতি ভাবঃ ॥৫১॥

প্রায়েণেতি। শ্রীমতাং ধনসম্পত্তিশালিনাম্। অত্র শ্রমাভাবভাবৌ হেতু ॥৫২॥

অবৃত্তেরিতি। অবৃত্তের্জীবিকায়া অনির্ব্বাহাৎ, অন্ত্যানাং নিকৃষ্টানাম্ ॥৫৩॥

ঐশ্বর্য্যেতি। ঐশ্বর্য্যমদো ধনমদ এবং পাপিষ্ঠো নিকৃষ্টো যেষু তে। হি যস্মাৎ। অপতিত্বা সম্পত্তেরচ্যুতো ভূত্বা, ন বিবুধ্যতে ন চৈতন্যমাপদ্যতে ॥৫৪॥

ভাবতভাবদীপঃ

মিতি। ত্রয়স্ত শীলবতস্তে দারিদ্র্যপ্রাপ্তিরপি শ্রেয ইতি ভাবঃ ॥৫০॥ সম্পন্নং মিষ্টম্ ॥৫১—৫২॥ শীলাভাবে সৎসু অবমানো মহান্ ক্লেশ ইত্যাহ—অবৃত্তিরিতি ॥৫৩॥ ঐশ্বর্য্যমদঃ

ভবতশ্রেষ্ঠ। ধনিগণেব ভোজনে মাংস প্রধান, মধ্যবিত্তগণের ভোজনে দুগ্ধ প্রধান এবং দবিদ্রগণের ভোজনে তৈল প্রধান থাকে ॥৫০॥

দবিদ্রেবা সর্ব্বদাই সুস্বাদু অন্ন ভোজন কবে। কারণ, ক্ষুধাই তাহাদেব অন্নে সুস্বাদুতা জন্মাইয়া দেয়; কিন্তু সে ক্ষুধা ধনীদের অতিদুর্লভ ॥৫১॥

জগতে প্রায় ধনী লোকেবই ভোজন করিবাব শক্তি থাকে না; কিন্তু দরিদ্রগণেব উদবে কাষ্ঠপর্য্যন্ত জীর্ণ হইয়া থাকে ॥৫২॥

নিকৃষ্ট লোকদিগের জীবিকানির্ব্বাহ না হওয়ার ভয়, মধ্যম লোকদিগের মরণের ভয়, আব উত্তম লোকদিগের গুরুতর অপমানেব ভয় থাকে ॥৫৩॥

পানমদপ্রভৃতি যে সকল মদ আছে, সেগুলির মধ্যে ধনমদই নিকৃষ্ট। কারণ, ধনমদে মত্ত লোক সম্পত্তিচ্যুত না হইয়া চৈতন্য লাভ করে না ॥৫৪॥

(৫২)···দরিদ্রাণাং মহীপতে।—বা ব বা নি। (৫৪)···নো পতিত্বাহববুধ্যতে—নি।

ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু বর্ত্তমানৈরনিগ্রহৈঃ।
তৈরয়ং তাপ্যতে লোকো নক্ষত্রাণি গ্রহৈরিব ॥৫৫॥
যো জিতঃ পঞ্চবর্গেণ সহজেনাত্মকর্ষিণা।
আপদস্তস্য বর্দ্ধন্তে শুক্লপক্ষ ইবোড়ুরাট্ ॥৫৬॥
অবিজিত্য য আত্মানমমাত্যান্ বিজিগীষতে।
অমিত্রান্ বা জিতামাত্যঃ সোঽবশঃ পরিহীয়তে ॥৫৭॥
আত্মানমেব প্রথমং দ্বেষ্যরূপেণ যোজয়েৎ।
ততোঽমাত্যানমিত্রাংশ্চ ন মোঘং বিজিগীষতে ॥৫৮॥

ভারতকৌমুদী

ইন্দ্রিয়ৈরিতি। ইন্দ্রিয়ার্থেষু শব্দাদিষু, বর্ত্তমানৈঃ গ্রহীতুং প্রবৃত্তৈঃ ॥৫৫॥

য ইতি। পঞ্চানাং জ্ঞানেন্দ্রিয়াণাং বর্গেণ, আত্মকর্ষিণা তত্তদ্বিষয়ে চিত্তমাকর্ষতা। উড়ুরাট্ নক্ষত্রপতিশ্চন্দ্র ইব ॥৫৬॥

অবিজিত্যেতি। অবশঃ কামাদ্যধীনঃ, পরিহীয়তে সম্পত্তিচ্যুতো ভবতি ॥৫৭॥

